nyc votes
New York City Campaign Finance Board

# ভোটার গাইড

## কুইনস কাউন্সিল ডিস্ট্রিক্ট 19–32, 34

প্রাথমিক নির্বাচন | সেপ্টেম্বর ১০




**ভিতরে:**

ভোটারদের সচরাচর করা প্রশ্নমালা

প্রার্থীর প্রোফাইল

ভিডিও ভোটার গাইড এবং বিতর্কের সময়সূচী

# আপনার এনওয়াইসি ভোটার গাইডে স্বাগতম

**আপনার ছাপ দিন** এই বছরের প্রাথমিক ও সাধারণ নির্বাচনে ভোট প্রদান করে সিটির সরকারে অংশ নিন!
নিউ ইয়র্ক সিটির জন্য এইটি একটি বড় নির্বাচনী বছর, মেয়র, পাবলিক **এডভোকেট, কম্পট্রোলার, বারোর প্রেসিডেন্ট এবং সিটি কাউন্সিলের** নির্বাচনী প্রতিযোগিতা।

প্রথম ধাপটি হল সেপ্টেম্বর ১০এর প্রাথমিক নির্বাচনের প্রতিটি পদের জন্য আপনার পার্টীর মনোনয়ন করতে সাহায্য করা। অংশগ্রহণ করার জন্য আপনাকে অবশ্যই একটি রাজনৈতিক দলের সাথে নিবন্ধিত ভোটার হিসাবে তালিকাভুক্ত থাকতে হবে। আপনি যদি এই ভোটার গাইডটি ডাক যোগে পেয়ে থাকেন, তবে আপনি প্রাথমিক নির্বাচনে ভোট প্রদানে যোগ্য। আমাদের বিশেষ অনুরোধ আপনি প্রাথমিক নির্বাচনে ভোট দিন।

এই গাইডটিতে প্রতিটি প্রার্থীর ব্যাকগ্রাউন্ড ও প্লাটফর্ম সম্পর্কে তথ্যাদি রয়েছে, যাতে আপনি জেনে বুঝে ভোট দিতে পারেন। প্রার্থীদের **প্রোফাইল ৪ নং পৃষ্ঠা থেকে শুরু** হয়েছে। এই শরতে আপনারা আরেকটি গাইড পাবেন, যেখানে প্রস্তাবিত ব্যালটের এবং নভেম্বর ৫-র সাধারণ নির্বাচনে অংশগ্রহণকারী প্রার্থীদের বিস্তারিত তথ্য থাকবে।

**NYC Votes**, দ্যা ক্যাম্পেইন ফাইনান্স বোর্ডের ভোটারদের সংশ্লিষ্টতার প্রচারণায় আপনারা প্রার্থীদের সম্পর্কে বিভিন্ন উপায়ে জানতে পারবেন। **ভোটার গাইডের ভিডিও সংস্করণে NYCgov চ্যানেলে** গিয়ে প্রার্থীদের ভিডিও বিবৃতি দেখতে পাবেন। অনলাইন ভোটার গাইডে গিয়ে প্রার্থীদের প্রোফাইল পড়তে, তাদের ভিডিও দেখতে, তাদের ওয়েবসাইট এবং সামাজিক মিডিয়ার পাতাগুলো পর্যালোচনা এবং ভোটারদের জন্য অন্য ওয়েব রিসোর্স সম্পর্কে জানতে পারবেন। BOE অফিসের পদগুলোর প্রার্থীদের সরাসরি **এনওয়াইসি ভোট প্রদানের বিতর্ক** দেখুন।চলার পথে আছেন? আপনি আপনার **স্মার্ট ফোন বা ট্যাবলেটে ভোটার তথ্যের জন্য আমাদের নতুন মোবাইল এপ্লিকেশন ব্যবহার করুণ** **www.nycvotes.org|**

ক্যাম্পেইন ফাইনান্স বোর্ড সম্পর্কে আরও জানার জন্য পৃষ্ঠা 31-32 দেখুন।

**nyc votes** | ওয়েব | মোবাইল | প্রিন্ট | ভিডিও | সামাজিক

## আমার দরকার:

- » ভোট দেওয়ার জন্য রেজিস্টার করা
- » একটি অ্যাবসেন্টি ব্যালট পাওয়া
- » আমার ঠিকানা পরিবর্তন
- » একটি রাজনৈতিক পার্টিতে নাম লেখানো
- » পার্টিতে আমার নামের অন্তর্ভূক্তি পরিবর্তন করা
- » আমি নিউ ইয়র্ক সিটিতে ভোট দেওয়ার যোগ্য কিনা তা জানা
- » আমার পার্টির কোনো প্রাইমারি হচ্ছে কি না তা অবহিত থাকা
- » আমি কোথায় ভোট দেব তা জানা

### আপনি কোন সিটি কাউন্সিল ডিস্ট্রিক্টে থাকেন তা সঠিক জানেন না?

**এই গাইডের প্রচ্ছদটি দেখুনঃ** আপনার নাম ও ঠিকানার উপরে আপনার ডিসট্রিক্ট নম্বর মুদ্রিত আছে। এছাড়া আপনি দেখতে পারবেন **nyc.pollsitelocator.com**, ভোটার হটলাইনে **866-VOTE-NYC** নম্বরে বা আপনার বরোর BOE অফিসে যোগাযোগ করে।

ভোট সংক্রান্ত আপনার **যাবতীয় প্রশ্ন** ও প্রয়োজনের জন্য এনওয়াইসি বোর্ড অফ ইলেকশনের (BOE)

সঙ্গে যোগাযোগ করুন ফোনে এই নম্বরে 866-VOTE-NYC (866-868-3692; **212-487-5496 শ্রবণ প্রতিবন্ধীদের জন্য**), অনলাইনে **www.vote.nyc.ny.us** ঠিকানায়,বা আপনার স্থানীয় BOE অফিসে সরাসরি নিজে গিয়ে।:

**জেনারেল অফিস**
32 Broadway
7th Floor
New York, NY 10004
(212) 487-5400

**ব্রুকলিন**
345 Adams Street
4th Floor
Brooklyn, NY 11201
(718) 797-8800

**ম্যানহ্যাটান**
200 Varick Street
10th Floor
New York, NY 10014
(212) 886-2100

**কুইনস**
126-06 Queens Boulevard
Kew Gardens, NY 11415
(718) 730-6730

**দ্যা ব্রঙ্কস**
1780 Grand Concourse
5th Floor
Bronx, NY 10457
(718) 299-9017

**স্ট্যাটেন আইল্যাণ্ড**
1 Edgewater Plaza
4th Floor
Staten Island, NY 10305
(718) 876-0079

**সাধারণ নির্বাচনের** জন্য শেষ মুহূর্তের ভোটার রেজিস্ট্রেশন নেওয়ার জন্য জেনারেল অফিস (৩২ ব্রডওয়ে) **শুক্রবার**, ১১ **অক্টোবর ২০১৩** তারিখ মধ্যরাত পর্যন্ত খোলা থাকবে।

# সচরাচর করা প্রশ্ন প্রশ্নমালা

### প্রাথমিক নির্বাচন কি?

যখন একাধিক প্রার্থী একটি দলের কাছ থেকে মনোনয়ন চায় এবং ব্যালটে নাম তোলার সব কটি ধাপ সফলভাবে উত্তীর্ণ হয়ে আসে তখন একটি প্রাথমিক নির্বাচন অনুষ্ঠিত করা হয়ে থাকে। প্রাথমিক নির্বাচনের বিজয়ী প্রার্থী নভেম্বর মাসের সাধারণ নির্বাচনে সেই দলের মনোনীত প্রার্থী হিসাবে নির্বাচন করবেন। যদি একজন মাত্র প্রার্থীই কোনো দলের মনোনয়ন চান, তাহলে সেই পদের জন্য প্রাইমারি ইলেকশন করা হয় না।

### ১০ই সেপ্টেম্বরের প্রাথমিক নির্বাচনে আমি কি ভোট দিতে পারব?

আপনি কেবলমাত্র আপনার পার্টি দ্বারা আয়োজিত প্রাইমারি ইলেকশনেই ভোট দিতে পারবেন।যেমন, আপনি যদি ওয়ার্কিং ফ্যামিলিজ পার্টির রেজিস্টার্ড সদস্য হন, তাহলে আপনি শুধু ওয়ার্কিং ফ্যামিলিজ পার্টির প্রাইমারিতেই ভোট দিতে পারবেন, ডেমোক্র্যাটিক বা রিপাবলিকান প্রাইমারিতে নয়।

আপনি যদি বর্তমান ঠিকানা থেকে প্রথমবারের মত ভোট দেন, তবে এই বছরের প্রাথমিক নির্বাচনে ভোট দেয়ার জন্য **১৬ই আগস্ট ২০১৩** তারিখের মধ্যে ভোটার হিসাবে আপনাকে নিবন্ধিত হতে এবং একটি দলকে বেঁছে নিতে হবে। অন্য সকল ভোটারদের ভোটদানে যোগ্য হতে হলে **গত বছর** ১২ই অক্টোবর (২০১২) তারিখের মধ্যে একটি দলে নাম লিখাতে হবে।

### রানঅফ প্রাইমারি ইলেকশন কাকে বলে এবং তাতে কি আমি ভোট দিতে পারি?

সিটিব্যাপী পদের (মেয়র, পাবলিক এডভোকেট বা কম্পট্রোলার) জন্য যদি কোন প্রার্থী প্রাথমিক নির্বাচনে কমপক্ষে ৪০% না পান, তবে সর্বাধিক ভোট প্রাপ্ত দুইজন প্রার্থীদের মধ্যে রানঅফ প্রাথমিক নির্বাচন অনুষ্ঠিত হবে। রানঅফ প্রাথমিক নির্বাচনের (যদি প্রয়োজন হয়) তারিখ হল মঙ্গলবার অক্টোবর ১, ২০১৩। আপনি যদি সেপ্টেম্বর ১০শের প্রাথমিক নির্বাচনে ভোট দেয়ার যোগ্য হয়ে থাকেন, তবে আপনি যে দলের অন্তর্ভুক্ত সেই দল কোন রানঅফ নির্বাচন করলে আপনি তাতেও ভোট দিতে পারবেন।

### প্রাথমিক নির্বাচনে আমি কাঁদের জন্য ভোট দিব?

আপনি সাধারণ নির্বাচনে আপনার পার্টির প্রার্থী নির্ধারণ করার জন্য ভোট দেবেন। আপনি হয়তো মেয়র, পাবলিক অ্যাডভোকেট, কম্পট্রোলার, বরো প্রেসিডেন্ট এবং/বা সিটি কাউন্সিল মেম্বার পদের জন্য প্রার্থী নির্বাচন করবেন। সেটা নির্ভর করবে আপনি কোন পার্টির সদস্য তার উপরে। আপনি হয়তো ডিস্ট্রিক্ট অ্যাটর্নি বা কোনো বিচারবিভাগীয় পদের প্রার্থী নির্বাচনের জন্যও ভোট দিতে পারেন, তবে সেই প্রার্থীদের নিয়ে এই গাইডে আলোচনা করা হয়নি।

### ভোট দেওয়ার জন্য কিভাবে আমার নাম নিবন্ধিত করব?

একটি ভোটার রেজিস্ট্রেশন ফর্ম পূরণ করুন ও সেটি নিজে গিয়ে বা ডাকযোগে এনওয়াইসি বোর্ড অফ ইলেকশনসে(BOE) জমা দিন। BOE-র ওয়েবসাইট থেকে আপনি রেজিস্ট্রেশন ফর্ম ডাউনলোড করে নিতে পারেন, আপনার স্থানীয় BOE অফিস থেকেও সংগ্রহ করতে পারেন, বা 866-VOTE-NYC নম্বরে ফোন করে ডাকে পাঠানোর জন্য অনুরোধ করতে পারেন। প্রাইমারি ইলেকশনে ভোট দেওয়ার জন্য নাম রেজিস্টার করার আর সময় নেই, তবে ৫ই নভেম্বরের সাধারণ নির্বাচনের জন্য ১১ই অক্টোবর, ২০১৩ পর্যন্ত সময় আছে।

### আমার রেজিস্ট্রেশনের মেয়াদ কি উত্তীর্ণ হতে পারে?

আপনার রেজিস্ট্রেশনের কোনো মেয়াদোত্তীর্ণের তারিখ নেই, তবে আপনি যদি আগের দুটি ফেডারেল নির্বাচনে ভোট না দিয়ে থাকেন, যদি বাড়ি বদল করে থাকেন কিন্তু BOE-কে তা না জানিয়ে থাকেন তাহলে হয়তো আপনার রেজিস্ট্রেশন বাতিল হতে পারে। সঠিক তথ্য জানতে 866-VOTE-NYC নম্বরে ফোন করুন বা https://voterlookup.elections.state.ny.us/votersearch.aspx ঠিকানায় দেখুন।

### আমি শেষ বার ভোট দিয়ে যদি নিউ ইয়র্কের মধ্যেই বাড়ি বদল করি?

আপনি বাড়ি বদল করলে, তা ২৫ দিনের মধ্যে BOE-কে অবশ্যই অবহিত করত হবে। অবহিত করার জন্য আপনাকে একটি রেজিষ্ট্রশন ফর্মের তথ্যাদি পূরণ করে জমা দিতে হবে। বিশেষ করে যে বাক্সটিতে লেখা থাকবে "ভোটদানের পরিবর্তিত তথ্য।" আপনার পুরাতন এবং নতুন ঠিকানা লিখুন, আপনি যে পার্টির জন্য নাম লেখাতে চান, সেই বাক্সে দাগ দিন (আপনার আগের ঠিকানায় কোনো পার্টির জন্য নাম লেখানো থাকলেও এখানে আবার লিখুন), এবং আর কোনো তথ্য জানাতে হলে সেগুলিও দিন। আপনি যদি বাড়ি বদলে থাকেন কিন্তু নির্দিষ্ট সময়ের মধ্যে BOE-র কাছে পরিবর্তিত ঠিকানা না জানিয়ে থাকেন, তাহলে আপনাকে আপনার নতুন ভোটদানের জায়গায় যেতে হবে এবং অ্যাফিডেভিট ব্যালটের মাধ্যমে ভোট দিতে হবে। আপনার ঠিকানা পরিবর্তন হয়েছে কিনা জানার জন্য 866-VOTE-NYC নম্বরে ফোন করুন।

### আমি ভোট দিতে গেলে তারা যদি আমার নাম ভোটার তালিকায় খুঁজে না পায়?

প্রথমেই নিশ্চিত হয়ে নিন যে, আপনি আপনার অ্যাসেম্বলি এবং ইলেকশন ডিস্ট্রিক্টের নির্দিষ্ট টেবিলেই সাইন ইন করছেন। প্রতি বছর আগস্ট মাসে সকল ভোটারদের নিকট BOE কর্তৃক ডাক যোগে প্রেরিত ভোটার গাইডের উপরের লেবেলে এই ডিসট্রিক্ট নম্বরগুলো মুদ্রিত থাকে। আপনি ভোটকর্মীর কাছেও সাহায্য চাইতে পারেন, বা BOE-র ওয়েবসাইটে পোল সাইট লোকেটর দেখতে পারেন।

যদি আপনি সঠিক টেবিলেই থাকেন কিন্তু ভোটার তালিকায় আপনার নাম না থাকে, তাহলে হয়তো BOE-র কাছে আপনার রেজিস্ট্রেশন ফর্ম পৌঁছায়নি। যদি আপনি মনে করেন যে আপনার ভোট দেওয়ার যোগ্যতা আছে, তাহলে **আপনি ভোট দিতেই পারেন**। একটি **অ্যাফিডেভিট ব্যালট** চেয়ে নিন, এবং নির্দেশগুলি অনুসরণ করুন। নির্বাচনের পরে, BOE তাদের রেকর্ড চেক করে দেখবে এবং আপনি ভোট দেওয়ার যোগ্য হয়ে থাকলে আপনার ভোটটিও গণ্য হবে। না হলে, আপনি একটি নোটিশ পাবেন, যে আপনি ভোট দেওয়ার যোগ্য ছিলেন না এবং সেই সঙ্গে পরবর্তী নির্বাচনগুলির জন্য একটি রেজিস্ট্রেশন ফর্মও পাবেন।

### যদি আমি নির্বাচনের দিন আমার ভোটকেন্দ্রে যেতে না পারি?

আপনি যদি আপনার পেশাগত, ব্যবসা, পড়াশোনা, ভ্রমণ, হাজতবাস (গুরুতর অপরাধ ছাড়া), অসুস্থতা, প্রতিবন্ধী, হাসপাতালে ভর্তি থাকা বা দীর্ঘমেয়াদি কেয়ার ফেসিলিটিতে ভর্তি থাকার দরুন ভোটকেন্দ্রে না যেতে পারলে অ্যাবসেন্টি (অনুপস্থিত) ব্যালটের মাধ্যমে ভোট দিতে পারবেন। দুই ভাগে অ্যাবসেন্টি ব্যালটের মাধ্যমে ভোট দেওয়া যায়: ডাকে পাঠিয়ে বা সশরীরে।

**ডাকযোগে** অ্যাবসেন্টি ভোট দিতে হলে, 866-VOTE-NYC নম্বরে ফোন করে একটি অ্যাবসেন্টি ব্যালট অ্যাপ্লিকেশন চেয়ে নিন বা www.vote.nyc.ny.us থেকে ডাউনলোড করুন। অ্যাপ্লিকেশন ফর্মটি পূরণ করে আপনার BOE বরো অফিসে ডাকযোগে পাঠিয়ে প্রেরিত আবেদনপত্রে ৩রা সেপ্টেম্বর ২০১৩ তারিখের মধ্যের **ডাকমোহর** থাকতে হবে। BOE আপনাকে একটি অ্যাবসেন্টি ব্যালট পাঠাবে। সেটি পূরণ BOE বরো অফিসে পাঠিয়ে দিন(৯ই সেপ্টেম্বর ২০১৩র মধ্যের ডাকঘরের স্ট্যাম্প থাকতে হবে)।

**সশরীরে অ্যাবসেন্টি ভোট:** ব্যালট হাতে এলেই (ইলেকশনের অন্তত ৩২ দিন আগে) অ্যাবসেন্টি ভোট দেওয়া শুরু হয় এবং নির্বাচনের দিন শেষ হয়। এটি আপনার **বরো অফিসে** প্রতি সোম থেকে শুক্রবার এবং নির্বাচনের আগের সাপ্তাহিক ছুটির দিন সকাল ৯টা থেকে বিকেল ৫টা পর্যন্ত এবং ইলেকশনের দিন রাত ৯টা পর্যন্ত জমা দেয়া যাবে।

**মনে রাখবেন:** যদি ডাকযোগে অ্যাবসেন্টি ব্যালট চেয়ে পাঠানোর শেষ তারিখ পার হয়ে গিয়ে থাকে এবং কোন দুর্ঘটনা বা আকস্মিক অসুস্থতার দরুন আপনি নির্বাচনের দিন আপনার ভোটকেন্দ্রে যেতে না পারেন, তবে আপনার একজন প্রতিনিধিকে লিখিত অনুমতিপত্র দিয়ে BOE বরো অফিসে পাঠিয়ে আপনার হয়ে অ্যাবসেন্টি ব্যালট আনাতে পারেন। পূরণ করা অ্যাপ্লিকেশন ফর্ম এবং আপনার পূরণ করা ব্যালট ১০শে সেপ্টেম্বর রাত ৯টার মধ্যে **আপনার** BOE বরো অফিসে অবশ্যই জমা দিতে হবে।

# ভোটার হিসাবে আপনার অধিকার

### ১০ই সেপ্টেম্বর, ২০১৩-র প্রাথমিক নির্বাচনে আপনার ভোট দেওয়ার অধিকার আছে, যদি:

» আপনি একজন রেজিস্টার্ড ভোটদাতা হন এবং প্রাইমারি করছে এমন একটি পার্টিতে আপনি তালিকাভূক্ত হয়ে থাকেন।

» ১০ই সেপ্টেম্বর সন্ধ্যা ৯টার মধ্যে আপনি আপনার ভোটকেন্দ্রে প্রবেশ করেন।

### যে কোনো নির্বাচনে, আপনার অধিকার আছে:

» আপনার ভোট দিতে সাহায্য দরকার হলে, একজন প্রশিক্ষিত পোল ওয়ার্কারসহ আপনার পছন্দের যে কোনো ব্যক্তির (আপনার নিয়োগকর্তা বা ইউনিয়নের প্রতিনিধি ছাড়া) সাহায্য নিতে পারেন। আপনার যদি দোভাষীর দরকার হলে, কিছু চিহ্নিত ভোটকেন্দ্রে ভোটারদের সাহায্য করার জন্য BOE-র দোভাষী থাকবেন। আরো জানতে 866-VOTE-NYC নম্বরে ফোন করুন, বিশেষ করে কোন কোন ভোটকেন্দ্রে ও কি কি ভাষার দোভাষী পাওয়া যাবে।

» কি করে ভোট দিবেন তা নির্বাচন কর্মীদের কাছে জেনে নিন।

» এই ভোটার গাইডটি সহ অন্যান্য জিনিসপত্র সঙ্গে আনার(অনুগ্রহ করে ভোট দেওয়া হয়ে গেলে এগুলি সঙ্গে করে নিয়ে যাবেন)

» ভোটিং মেশিন খারাপ থাকলেও ভোট প্রদান করা।

» আপনার ভোটকেন্দ্রের ভোটার তালিকায় যদি আপনার নাম না থাকে, তাহলে "অ্যাভিডেভিট ব্যালটের" সাহায্যে ভোট দেয়ার।

### আপনি যদি এই নির্বাচনে আপনার ভোটকেন্দ্র প্রথমবারের মত ভোট দেন, তাহলে হয়তো আপনাকে পরিচয়পত্র দেখাতে হতে পারে।

আপনি যদি পরিচয়পত্র দেখাতে না পারেন অথবা না চান, তাহলে আপনার অ্যাফিডেভিট ব্যালটের মাধ্যমে ভোট দেওয়ার অধিকার আছে।

### আমি কোথায় ভোট দেব?

আপনার ভোটকেন্দ্র জানার জন্য www.vote.nyc.ny.us ঠিকানায় BOE-র ওয়েবসাইটে যান ও পোল সাইট লোকেটর ব্যবহার করুন, **866-VOTE-NYC** নম্বরে ভোটার হটলাইনে ফোন করুন, অথবা আপনার বরোর BOE অফিসে যোগাযোগ করুন।

## বিষয়সূচী


সচরাচর করা প্রশ্নমালা ........ 3
ভোটদাতা হিসাবে আপনার অধিকার ........ 3
সিটিব্যাপী প্রার্থীদের প্রোফাইল সমূহ ........ 4
স্থানীয় প্রার্থীদের পরিচিতি ........ 14
ভিডিও ভোটার গাইড সময়সূচী ........ 19
সিটিব্যাপী বিতর্কের সময়সূচী ........ 19
সিটিব্যাপী বিতর্কের সময়সূচী ........ 31
এনওয়াইসি ক্যাম্পেন ফাইন্যান্স বোর্ড ........ 31

# মেয়র

মেয়র হলেন নিউ ইয়র্ক সিটির প্রধান প্রশাসনিক কর্মকর্তা যিনি সিটির সরকারী কর্মকাণ্ড কার্যকরী ও সুষ্ঠুভাবে পরিচালনার জন্য দায়িত্বশীল। মেয়রের অনেকগুলি কাজের মধ্যে কয়েকটি হল মেয়োরাল এজেন্সিগুলির এজেন্সি হেড ও কমিশনার নিয়োগ ও অপসারণ করা; বিভিন্ন সরকারি প্রতিষ্ঠান, কমিশন ও বোর্ডের সদস্য নিয়োগ করা; এবং নিউ ইয়র্ক সিটির জন্য বাজেট পেশ করা। এ ছাড়াও মেয়রের হাতে সিটি কাউন্সিলের আইনি ও জমি-ব্যবহার বিষয়ক সিদ্ধান্ত নামঞ্জুর করার ক্ষমতা আছে। মেয়র বার্ষিক $২২৫,০০০ বেতন পান।

**» ডেমোক্রেটিক প্রাথমিক** (D)

স্যাল এফ. অ্যালবানিজ (Sal F. Albanese)
রেন্ডি ক্রেডিকো (Randy Credico)
বিল ডে ব্লাসিও (Bill de Blasio)
নীল ভিনসেন্ট গ্রিমালডি (Neil Vincent Grimaldi)
হে জিন লি (He Gin Lee)
জন সি. লিউ (John C. Liu)
ক্রিস্টিন সি. কুইন (Christine C. Quinn)
এরিক সালগাডো (Erick Salgado)
বিল থমসন (Bill Thompson)
অ্যান্থনী ডি. ওয়াইনার (Anthony D. Weiner)

**» রিপাবলিকান প্রাথমিক** (R)

জন ক্যাটসিম্যাটিডিস (John Catsimatidis)
জোসেফ জে. লোটা (Joseph J. Lhota)
জর্জ ম্যাকডোনাল্ড (George McDonald)
শ্যাম স্লয়ান (Sam Sloan)*

**» স্বতন্ত্র প্রাথমিক** † (I)

অ্যাডলফো ক্যারিয়ন জুনিয়ার (Adolfo Carrión Jr.)

এই গাইডটি ছাপাখানায় যাবার পর উপরোক্ত প্রার্থীদের নাম থেকে কয়েকজনের নাম হয়তোবা ব্যালট থেকে বাদ দেয়া হয়েছে।

*প্রার্থীরা এই ভোটার গাইড মুদ্রনের সময় সম্পূর্ণ প্রোফাইল অন্তর্ভুক্ত করার জন্য প্রদান করেন নাই, কিন্তু অনেকেই অনলাইন গাইডের জন্য সামাজিক মিডিয়ার লিঙ্ক এবং ওয়েব সাইডের তথ্য দিয়েছেন; www.nyccfb.info/voterguide দেখুন।

† এই প্রাথমিক নির্বাচনে আপনি রাইত-ইন প্রার্থীকে ভোট দিতে পারেন।

## ডেমোক্রেটিক প্রাথমিক | **মেয়র**

### স্যাল এফ. অ্যালবানিজ (Sal F. Albanese)

**মেয়র** (D)



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্র্যাটিক
**বর্তমান পেশা:** অ্যাটর্নি
**পূর্ববর্তী পেশা:** পাবলিক স্কুল শিক্ষক, অ্যাডজাংট প্রফেসর অফ ক্রিমিনাল জাস্টিস-জন জে কলেজ, ম্যানেজিং ডিরেক্টর-মেসিরো ফাইন্যানসিয়াল
**শিক্ষাগত যোগ্যতা:** জন জে হাইস্কুল; B.A. (এডুকেশন), CUNY ইয়র্ক কলেজ, M.A. (হেল্থ); J.D., ব্রুকলিন ল স্কুল
**সাংগঠনিক সম্পৃক্ততা:** প্রযোজ্য নয়
**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** সিটি কাউন্সিল সদস্য, স্কুল বোর্ড সদস্য

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে সিটির কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**
নিউ ইয়র্কের সবচেয়ে বড় সমস্যা হল ক্রয়ক্ষমতার সংকট, যা জনগণের থেকে বিচ্ছিন্ন রাজনীতিবিদগণ মোকাবেলা করতে ব্যর্থ হয়েছেন। মেয়র হিসেবে, আমি জীবনধারণ করার মত বেতনের কর্মসংস্থান সৃষ্টি করব, প্রাথমিক শিক্ষায় বৈপ্লবিক পরিবর্তন আনব এবং আমাদের পরিবহণ ব্যবস্থাকে পাঁচটি বরোতেই ন্যায্য ও সাশ্রয়ী করার জন্য লড়ব।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**
মেয়র হিসেবে আমি যা যা করব:
-আরো বেশি পুলিশ অফিসার নিয়োগ করব এবং তাদের টহলদারিতে নিযুক্ত করব, যাতে প্রত্যেকটা কমিউনিটির নিরাপত্তা নিশ্চিত করা যায় এবং পুলিশ ও জনগণের মধ্যে বিশ্বাস গড়ে ওঠে।
-আমাদের পাবলিক স্কুলগুলিকে ঘুরে দাঁড়াতে সাহায্য করার দিকে নজর দেব যাতে প্রতিটি শিক্ষার্থী কলেজ ও কেরিয়ারের জন্য তৈরি হয়ে স্কুল থেকে বেরোয়।
-দুর্নীতি দূর করে, অপচয় বন্ধ করে, এবং ক্যাম্পেন ও ইলেকশন সংস্কার করে সরকারের প্রতি বিশ্বাস ফিরিয়ে আনব।
-হাসপাতাল, লাইব্রেরি, পার্ক এবং কমিউনিটি সেন্টারগুলি যাতে সকলের জন্য খোলা এবং সুগম হয় তার জন্য লড়াই করব।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**
ইনডিপেণ্ডেন্ট ডেমোক্র্যাট হিসেবে, আমার সত্যি কথা বলার এবং বিশেষ স্বার্থের উর্ধে নিউ ইয়র্কবাসীদের স্বার্থ রাখার স্বাধীনতা আছে। সিটি কাউন্সিলে একজন সংস্কারক হিসেবে আমি টার্ম লিমিট সমর্থন করেছিলাম এবং সিটির প্রথম লিভিং ওয়েজ আইন তৈরি করেছিলাম। একজন প্রাক্তন পাবলিক স্কুল শিক্ষক হিসেবে, আমি নিজে দেখেছি সফল হতে গেলে আমাদের স্কুলগুলোর কি করা দরকার। একজন অভিবাসী (ইমিগ্রান্ট) হিসেবে, আমি সেইসব হাজার হাজার মানুষের সমস্যা বুঝতে পারি যারা এখানে নতুন সুযোগের আশায় আসেন এবং ১৫ বছর বেসরকারি ক্ষেত্রে কাজের অভিজ্ঞতা থেকে আমি জানি কিভাবে সেবা সমূহ ক্ষতিগ্রস্ত না করেও করদাতাদের ডলার বাঁচানো যায়।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

www.salalbanese2013.com | salalbanese2013 | salalbanese2013 | YouTube salalbanese2013

---

### রেন্ডি ক্রেডিকো (Randy Credico)

**মেয়র** (D)



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্র্যাটিক
**বর্তমান পেশা:** রাজনৈতিক সমালোচক(ব্যাঙ্গশিল্পী), ইম্প্রেশনিস্ট, কনসালটেন্ট
**পূর্ববর্তী পেশা:** উইলিয়াম কুনস্টলার ফান্ড ফর রাডিক্যাল জাস্টিস-এর ডিরেক্টর, কেম্পেইন কনসালটেন্ট
**শিক্ষাগত যোগ্যতা:** মাউন্ট স্যাক কলেজ ক্যালিফোর্নিয়া
**সাংগঠনিক সম্পৃক্ততা:** কুনস্টলার ফান্ড
**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** শূন্য

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে সিটির কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**
নিউ ইয়র্কের ফৌজদারি বিচার ব্যবস্থা সংস্কার করতে চাইব

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**
ওয়াল স্ট্রিটে ট্যাক্স বসাব ১ শতাংশ
বাকি ৯৯ %-এর ট্যাক্সের বোঝা কমাব
সরকারী স্কুলগুলিকে উন্নত করব
বিশাল FDR চাকরির প্রোগ্রাম
বিনামূল্যে হেল্থ কেয়ার ও কলেজ শিক্ষা
ক্রমবর্ধমানে বাড়া রিয়েল এস্টেট ট্যাক্স
সাধ্যের মধ্যে আবাসন
বেসরকারী কলেজে ট্যাক্স বসাব
ধূমপান নিষিদ্ধ করণ ও ক্যাবারেট আইন রদ করব
ছোটো ব্যবসাকে সুরক্ষিত করব
ray kelly-কে বরখাস্ত করব
শিক্ষক-শিক্ষিকাদের সুরক্ষিত করব
কমিউনিটি পুলিশ ব্যবস্থা চালু করব
বিনামূল্যে বাস ও সাবওয়ে পরিষেবা দেব
ডগ রান বাড়াব
সম্পূর্ণ তালিকা পাওয়া যাবে credico2013.org-এ

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**
আমি রাজনৈতিক সমালোচক(ব্যাঙ্গশিল্পী), রাজনীতিবিদ নই

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন না।

www.credico2013.org | randy credico | credico2013

## বিল ডে ব্ল্যাসিও (Bill de Blasio)

**মেয়র (D)**



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্র্যাটিক

**বর্তমান পেশা:** নিউ ইয়র্ক সিটি পাবলিক অ্যাডভোকেট

**পূর্ববর্তী পেশা:** হিলারী ক্লিন্টনের সিনেট নির্বাচনের ক্যাম্পেইন ম্যানেজার; ইউ. এস. ডিপার্টমেন্ট অফ হাউজিং এন্ড আরবান ডেভেলপমেন্ট-এর আঞ্চলিক পরিচালক (রিজিওনাল ডিরেক্টর); মেয়ার ডিনকিন্স-এর এইড

**শিক্ষাগত যোগ্যতা:** কলোম্বিয়া ইউনিভার্সিটি স্কুল অফ ইন্টারন্যাশানাল অ্যান্ড পাবলিক অ্যাফেয়ার্স থেকে M.A.; নিউ ইয়র্ক ইউনিভার্সিটি থেকে B.A.

**সাংগঠনিক সম্পৃক্ততা:** N/A

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** নিউ ইয়র্ক সিটি কাউন্সিল মেম্বার ডিস্ট্রিক্ট ৩৯ (ব্রুকলিন); কমিউনিটি স্কুল বোর্ড ১৫-এর সদস্য

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে সিটির কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

আমার অগ্রাধিকারের তালিকায় থাকবে অর্থনৈতিক বৈষম্যকে সমাধান করা। বহু যুগ ধরেই সিটি হল অর্থবানদের চাহিদা পূরণ করে এসেছে আর অন্যদিকে মধ্যবিত্ত ও শ্রমজীবি সমাজের চাহিদাকে হয নাকচ না হয় অগ্রাহ্য করা হয়েছে। এই অর্থনৈতিক বৈষম্যকে মুছে ফেলতে আমাদের শিক্ষা ব্যবস্থাকে আরও দৃঢ় করতে হবে, সাধ্যের মধ্যে আবাসনকে আরও বিস্তৃত করতে হবে ও তাকে সুরক্ষিত রাখতে হবে, এবং পাঁচটি বরোর মধ্যে অনেক কর্মসংস্থান করতে হবে। আমিই একমাত্র প্রার্থী, যার কাছে সবার জন্য প্রাথমিক শিক্ষা (আর্লি এডুকেশন) ও স্কুল-বহির্ভূত প্রোগ্রাম তৈরি করার জন্য একটি সুনির্দিষ্ট পরিকল্পনা আছে, যা চলানো যাবে অর্থবানদের উপর অল্পমাত্রায় অতিরিক্ত কর ধার্য করে।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

আমি অবগত আছি যে, পুলিশ ও জনসাধারণের মধ্যে ভঙ্গুর সম্পর্ক কিভাবে উভয়ের জন্যই যথেষ্ট ঝুঁকিতে পরিণত হয়, আর আমি স্টপ অ্যান্ড ফ্রিস্ক-এর পূর্ণ সংস্কার এবং জাতিগত প্রোফাইলিং নিষিদ্ধ করার জন্য কোঠর আইনের পক্ষে। আমি বিশ্বাস করি যে, আমাদের সিটির একটি প্রধান অঙ্গ হল অভিবাসীরা (ইমিগ্র্যান্টরা) এবং আমাদের সিটির পরবর্তী প্রশাসনকে এই গুরুত্বপূর্ণ অভিবাসীদের কমিউনিটিগুলো সাথে ঘনিষ্ট ও সহযোগিতা নিতে হবে।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

আমি অর্থবান ও ক্ষমতাবানদের বিরোধীতায় আর নিয়মিত করদাতা, পরিবার ও সাধারণ নিউ ইয়র্ক বাসীর পক্ষ নিয়ে কথা বলার জন্য আমার কর্মজীবন উৎসর্গ করেছি। বরোর-বাইরে বসবাসকারী কর্মজীবি পিতা এবং সরকারী স্কুলের শিক্ষার্থীর অভিভাবক হিসাবে আমি পরিবারগুলোর দৈনন্দিন সমস্যা সমূহের সম্মুখীন হয়, সেই বিষয়ে অবহিত আছিঃ অর্থনৈতিক ন্যায্যতা, কর্মসংস্থান, প্রাথমিক শিক্ষা (আর্লি এডুকেশন) ও স্কুল-বহির্ভূত প্রোগ্রামগুলি, শিশু পরিচর্যা, জীবন-ধারণযোগ্য বেতন, কার্যকরী ও সম্মানীয় পুলিশ ব্যবস্থা, এবং সাধ্যের মধ্যে আবাসন।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

www.billdeblasio.com | bill.deblasio | deblasionyc | YouTube NYForDeBlasio

---

## নীল ভিনসেন্ট গ্রিমালডি (Neil Vincent Grimaldi)

**মেয়র (D)**



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্রেটিক

**বর্তমান পেশা:** আইনজীবী: দেওয়ানী এবং ফৌজদারী কেসগুলি, এ গাইড টু লাইফ অ্যান্ড আদার বুকস বিজনেস ওনার গ্রন্থের লেখক

**পূর্ববর্তী পেশা:** সহকারী ডিসট্রিক্ট এটর্নি এবং সহকারী বিশেষ নারকোটিক প্রসিকিউটর< পাবলিক স্কুল টাইটেল ওয়ান, একজন রেমিডিয়াল রিডিং শিক্ষক এবং জুনিয়ার উচ্চ বিদ্যালয়ে স্যোসাল স্টাডিজ শিক্ষক। আমি যখন স্কুলে ছিলাম তখন স্যানিটেসন বিভাগে কেরানী ছিলাম পাশাপাশি ট্রেনের বগি পরিষ্কার করতাম। আমি ১২ থেকে ২০ বছর পর্যন্ত একজন নির্মাণ কর্মী ছিলাম

**শিক্ষাগত যোগ্যতা:** জর্জটাউন স্কুল অফ ফরেন সার্ভিস। সেন্ট জন ল' স্কুল, ফোর্ডহ্যাম ইউনিভার্সিটি এডুকেসন ক্রেডিটস যা এনওয়াইসি টিচার সেমিনারী হতে দেয়

**সাংগঠনিক সম্পৃক্ততা:** ল' বার অ্যাসোসিয়েসনস, ফ্রী ইনডিপেন্ডেন্ট ম্যাসনস

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** সহকারী জেলা অ্যাটর্নি: ব্রুক্স্‌ কাউন্টি < সহকারী এনওয়াইসি বিশেষ নারকোটিক উকিল, এনওয়াইসি পাবলিক স্কুল শিক্ষক, নিউ ইয়র্ক ষ্টেট সেনেট স্টাফ ও নিউ ইয়র্ক সিটি কাউন্সিল স্টাফ

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে সিটির কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

আমি একটি সামগ্রিকতাবাদী শিক্ষা ব্যবস্থা এবং একটি উন্নতি চারিত্রিক শিক্ষা ব্যবস্থা প্রণয়ন করতে চাই যার মধ্যে ঈশ্বরের সকল মতামত অন্তর্ভূক্ত থাকবে এবং ব্যক্তিগত আধ্যাত্মিক উন্নতি, স্ব-প্রেম এবং অন্তর্নিহিত সুখের শিক্ষা দেয়।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

সকল গোষ্ঠীর মধ্যে সম্প্রীতি, ভাল কাজ ও পারিশ্রমিক, মহিলাদের জন্য সমান পারিশ্রমিক, আরও ক্রয়োপযোগী সিটি এবং সকলের জন্য আনন্দময় জীবন, রেস্টুরেন্ট এবং গাড়ির চালকদের বিরুদ্ধে দমনমুলক পলিসির সমাপ্তি, বাণিজ্যিক রেন্ট কন্ট্রোল সংগতভাবে নির্ধারণ, এছাড়াও অপেক্ষাকৃত ব্যাপক ভাল গণপরিবহণ এবং সহজতর ট্রানজিট, আরও প্রচুর নির্মাণ কাজের সংস্থান, অনেক যাদুঘর, উন্নত বয়স্ক নাগরিক কেন্দ্র, স্বাস্থ্যকর স্কুল খাদ্য। শিক্ষক শিক্ষিকাদের সঙ্গে প্রশংসা পূর্বক এবং আন্তরিক আচরণ করা কেননা আমিও একজন শিক্ষক ছিলাম।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

আমি একজন আন্তধর্মীয় শ্রদ্ধাভাজন এবং ধার্মিক ব্যক্তি যিনি শিক্ষার প্রতি একজন বড় আধ্যাত্মিক ব্যক্তি এবং যার পর্যাপ্ত মুক্ত ভালবাসা, খোলা মনের এবং পরিচর্যা করার মনোভাব রয়েছে

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

---

## হে জিন লি (He Gin Lee)

**মেয়র (D)**



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্র্যাটিক

**বর্তমান পেশা:** নথিভুক্ত আর্কিটেক্ট

**পূর্ববর্তী পেশা:** কিছু নেই

**শিক্ষাগত যোগ্যতা:** নিউ ইয়র্ক ইন্সটিটিউট অফ টেকনলজি, ইন্সটিটিউট অফ ডিজাইন অ্যান্ড কনস্ট্রাক্শন

**সাংগঠনিক সম্পৃক্ততা:** অ্যামেরিকান ইন্সটিটিউট অফ আর্কিটেক্টস

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** নেই

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে সিটির কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

বর্তমানে এই শহরকে অনেক বিষয় মোকাবেলা করতে হচ্ছে। তাদের মধ্যে সবচেয়ে বড় হল এই শহরের অর্থনৈতিক অবস্থা। হারিকেন স্যান্ডির প্রবল ধ্বংসের পর, সিটির অনেকাংশের পুনর্নির্মাণ ধীর গতি চলছে। তার ফলে, এই শহরের অর্থনীতি প্রবল ক্ষতিগ্রস্ত হয়েছে। আমার পরিকল্পনা আছে আগামী ১০ থেকে ১৫ বছর ধরে ইস্ট রিভার-এর ধার বরাবর আউটার বরোগুলোর বিভিন্ন অংশে উন্নয়ন করা। এই প্রজেক্টটি সিটিতে অনেক কাজ সৃষ্টি করবে, সাধ্যের মধ্যে আবাস-স্থল ও অর্থনৈতিক পুনরুত্থান ঘটাবে, বর্তমানে যার ভীষনভাবে প্রয়োজন।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

সিটিতে সাধ্যের মধ্যে আবাস স্থলের অভাব অনেক দিন ধরে সমস্যার সৃষ্টি হয়েছে। অতিরিক্ত ব্যয়ের কারনে নিউ ইয়র্ক সিটিতে দিন দিনে জীবন ধারণ ও বসবাস করা কঠিন হয়ে পড়ছে। বিভিন্ন এলাকার উন্নয়ন ও ভবন বানানোর আগে, আমি চাই বিদ্যমান ভবনগুলোর ও স্থানের আরও ভালো ভাবে ব্যবহার করতে। এটি করার একটি উপায় হল বাড়ির মালিকদের বেসমেন্ট ফ্লোরকে আইনতঃ বৈধ করা ও তাদের ভাড়া প্রদানে অনুমোদন দেওয়া। বর্তমানে বাড়ির মালিকরা তাদের বেসমেন্ট ও সেলার বসবাসের জন্য ব্যবহার করতে সিটি অনুমোদন করে না। এ থেকে বাড়ির মালিক ও ভাড়াটিয়া প্রাপ্ত সুবিধার তুলনায় এগুলির মেরামত করার খরচ খুবই কম এবং সিটির আয় বাড়াবে। এই সহজ ও কার্যকরী পন্থাটি নিউ ইয়র্ক সিটিতে থাকা সাধ্যের মধ্যে নিয়ে আসবে।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

আমি নিউ ইয়র্ক শহরের মেয়র পদের জন্য শ্রেষ্ঠ প্রার্থী কারণ আমি রাজনৈতিক ব্যক্তি নই। আমি একজন নিউ ইয়র্কবাসী হিসাবে দেখছে যে আমাদের শহর ভুল পথে যাচ্ছে। এই সিটিকে উন্নতির শিখরে নিতে একজন লাইসেন্স প্রাপ্ত আর্কিটেক্ট ও ব্যবসায়ী হিসাবে আমার অভিজ্ঞতা, জ্ঞান ও দক্ষতা আমাকে সাহায্য করবে। যখন অন্য নিউ ইয়র্কবাসীরা এই শহরে টিকে থাকতে অক্লান্ত সংগ্রাম করছে, তখন আমি নিরবে বসে থাকবো না। আমি সাধারণ নিউ ইয়র্ক বাসীর জন্য লড়াই করতে চাই কারণ আমিও একজন সাধারণ নিউ ইয়র্কবাসী। এই কারণে আমি নিউ ইয়র্কের মেয়র পদে সবচেয়ে ভালো প্রার্থী।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন না।

www.heginleemayor.com | hegin.lee.9 | HeGinLeeMayor | YouTube channel/UCV-1XgqXmX5nL9Bsee

## জন সি. লিউ (John C. Liu)

### মেয়র (D)



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্র্যাটিক

**বর্তমান পেশা:** কম্পট্রোলার, সিটি অফ নিউ ইয়র্ক

**পূর্ববর্তী পেশা:** অ্যাকচুয়ারি/ম্যানেজমেন্ট কনসালটেন্ট - প্রাইস ওয়াটার হাউস কুপার্স, LLP

**শিক্ষাগত যোগ্যতা:** কিন্ডারগার্টেন থেকে শুরু করে কলেজ পর্যন্ত সরকারী স্কুলগুলির গর্বিত ছাত্র, যাতে অন্তর্ভুক্ত হান্টার কলেজ হাই স্কুল, দ্য ব্রঙ্কস হাই স্কুল অফ সায়েন্স, তারপর ম্যাথামেটিকাল ফিজিক্সে B.S. করেছেন বিংহ্যামটন ইউনিভার্সিটি (SUNY) থেকে।

**সাংগঠনিক সম্পৃক্ততা:** জন একাধিক নাগরিক, পেশাদার এবং অ্যাডভোকেসি সংগঠনের স্বীকৃত/সম্মানিত সদস্য

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** নিউ ইয়র্ক সিটি কাউন্সিল সদস্য (২০০২-২০০৯); কমিউনিটি বোর্ড মেম্বার।

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে সিটির কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

অর্থনৈতিক পুনরুত্থান সাথে টেকসই প্রবৃদ্ধি রাখা হল প্রধান সমস্যা। সাম্প্রতিক বছরের মহা মন্দার (গ্রেট ডিপ্রেশনের) পর থেকে সবচেয়ে বড় অর্থনৈতিক মন্দা চলেছে। আমাদের কর্মসংস্থান সৃষ্টি করতে হবে এবং আমাদের অর্থনীতিকে সিটির বিভিন্ন নেবারহুডের দিকে ছড়িয়ে দিতে হবে। এটি করতে বৃহৎ কর্পোরেটদের আর্থিক অনুদান দেয়ে বন্ধ করে ক্ষুদ্র ব্যবসা/উদ্যোগকে সাহায্য করতে হবে এবং যুবা বিকাশ ও কর্মসংস্থান মূলক প্রশিক্ষণে বেশি করে অর্থ বরাদ্দ করতে হবে। আমাদের ব্যক্তিগত ইনকাম ট্যাক্স সংস্কার করে তাদের আরও ন্যায্য করে তোলা উচিত যাতে, যেসব ব্যক্তিরা বছরে ৫০০,০০০ ডলারের বেশি রোজগার করেন তাদের একটু বেশি হারে ট্যাক্স দিবেন, এবং যারা তার থেকে কম রোজগার করে তাদের ট্যাক্স বিলে কিছুটা *হার কমানো* যেতে পারে।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

শিক্ষা হল সবচেয়ে ভালো দীর্ঘকালীন বিনিয়োগ যা আমাদের সিটি করতে পারে। আমাদের স্কুলগুলিতে শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনাটি জরুরি, তাদের DoE কর্পোরেশনের সহযোগী হিসাবে চালানোটা জরুরি নয়। অপরাধ কমাতে, পুলিশকে Bloomberg-এর আগের জামানায় ফিরত আনা প্রয়োজন, স্টপ অ্যান্ড ফ্রিস্ক বন্ধ করে, কমিউনিটি পুলিশ ব্যবস্থার উপর গুরুত্ব আরোপ করাটি জরুরি।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

নিউ ইয়র্ক সিটিতে বড় হয়ে ওঠা একজন অভিবাসী হিসাবে আমি কখনই ভাবিনি যে, আমি এই পদের জন্য কোনোদিনও নির্বাচন লড়ব। আমার অন্যান্য প্রতিদ্বন্দ্বীদের তুলনায় আমি রাজনীতির লোক নই, এমনকি আমি সরকারেরও কেউ নই, তাই সরকারের কী করা উচিত বা না উচিত সেই বিষয়ে আমার দৃষ্টিভঙ্গী খুব তাজা। একজন স্বামী ও বাবা হিসাবে, আমাদের এই শহরের উন্নতিতে আমারও স্বার্থ আছে, এবং আমি আমার সাধ্যের সবটুকু দিয়ে কাজ করব করব, যাতে আমি আমার শহরকে সেইসব কিছু ফিরত দিতে পারি যা এই শহর আমাকে ও আমার পরিবারকে দিয়েছে অ্যামেরিকান ড্রিম-টিকে পেতে।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

www.JohnLiu2013.com | LIU.NYC | JohnLiu2013 | YouTube JohnLiu2013

---

## ক্রিস্টিন সি. কুইন (Christine C. Quinn)

### মেয়র (D)



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্র্যাটিক

**বর্তমান পেশা:** নিউ ইয়র্ক সিটি কাউন্সিল স্পিকার

**পূর্ববর্তী পেশা:** NYC কাউন্সিল স্পিকার ২০০৬-বর্তমান সময়; কাউন্সিল সদস্য ১৯৯৯-বর্তমান সময়; NYC গে অ্যান্ড লেসবিয়ান অ্যান্টি ভায়োলেন্স প্রজেক্ট-এর এক্সিকিউটিভ ডিরেক্টর; টম ডুয়ান-এর চিফ অফ স্টাফ; টেন্যান্টদের সংগঠক

**শিক্ষাগত যোগ্যতা:** ট্রিনিটি কলেজ থেকে B.A.

**সাংগঠনিক সম্পৃক্ততা:** NARAL প্রো চয়েস নিউ ইয়র্ক; GLID; চেলসি রিফর্ম ডেমোক্র্যাটিক ক্লাব; স্টোনওয়াল ডেমোক্র্যাটস

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** উপরে দেখুন

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে সিটির কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

মেয়র হিসাবে, আমার অগ্রাধিকারের তালিকার উপরের দিকে থাকবে এই শহরকে মধ্যবিত্ত ও মধ্যবিত্ত হওয়ার জন্য কষ্ট করতে থাকা মানুষজনদের জন্য যোগ্য শহর তৈরি করা। এটি শুরু করা যাবে পাঁচটি বরোতেই নতুন নতুন উৎপাদনশীল, প্রযুক্তি ও গ্রীন চাকরি তৈরি করে। এর মানে এটি নিশ্চিত করা যে প্রতিটি নেবারহুডে (এলাকায়) **ভালো সরকারী স্কুল** থাকে, যা জোর দেয় কলেজ এবং কেরিয়ারের-জন্য তৈরি করতে, কেবলমাত্র পরীক্ষার পড়া তৈরি করতে নয়। এবং এরও মানে হল যে, **সাধ্যের মধ্যে থাকা আবাসস্থল বাড়ানো** যাতে এই শহরের ইতিহাসে সব থেকে বড় মধ্যবিত্তদের জন্য হাউজিং প্ল্যান থাকবে। আমার সবগুলি আইডিয়া দেখতে এবং শহর সম্পর্কে আমার ভাবনা চিন্তা জানতে, আপনাদের স্মার্টফোনে **আমার আইডিয়াগুলির অ্যাপ** ডাউনলোড করতে পারবেন।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

**জনসাধারণের নিরাপত্তা:** আমি পুলিশ ও জনসাধারণের সম্পর্কের উন্নতি ঘটিয়ে নিশ্চিত করে নিউ ইয়র্ককে মার্কিন যুক্তরাষ্ট্রের সবচেয়ে নিরাপদ শহরের একটি হয়ে থাকবে। আমরা অপরাধ দমনে কখনই পিছ পা হোব না।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

**নিউ ইয়র্ক বাসীদের এমন একজন মেয়র চাই যিনি মধ্যবিত্তদের জন্য শুধুমাত্র সুবিধা প্রদানের প্রতিশ্রুতি দেন না, যিনি কাজ করে থাকেন।** আমি ঠিক এই কাজটাই স্পিকার হিসাবে করেছি: সময়মতো ভারসাম্যের সাতটি বাজেট পাশ করিয়েছি, যাতে শিক্ষক-শিক্ষিকাদের নিরাপত্তা সুনিশ্চিত করা গেছে আর ফায়ার হাউস ও লাইব্রেরীগুলি চালু রাখা গেছে, প্রাক-কিন্ডারগার্টেন বাড়ানো হয়েছে, ১০,০০০ নতুন ক্লাসের স্লট দিয়ে, ক্ষুদ্র ব্যবসায়ীদের সাহায্য করা, যাতে কর্মসংস্থান সৃষ্টি হয়েছে, যুগান্তকারী ক্লিনিক অ্যাক্সেস আইন দ্বারা মহিলাদের অধিকার সুরক্ষিত করা গেছে, ভাড়াটিয়াদের পক্ষে কথা বলা গেছে, এবং লিভিং ওয়েজ আইন পাশ করে নিউ ইয়র্ক বাসীদের হাতে আরও বেশি অর্থ দেওয়া গেছে। মেয়র হিসাবে এই সবই আমি অব্যাহত রাখব। মধ্যবিত্তরা আমাদের এই শহর তৈরি করেছেন এবং আমি তাদের সুবিধা দিতে প্রতিদিনই কঠিন পরিশ্রম করব।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

www.QuinnforNewYork.com | Quinn4NY | Quinn4NY

---

# ভোটার গাইড সংক্রান্ত কিছু নোট

এই গাইডে সকল প্রার্থীদের নামের তালিকা  আছে, যাদের নাম প্রাথমিক নির্বাচনী ব্যালটে থাকবে, এমন কি এই গাইডটি মুদ্রণের সময় যে সকল প্রার্থীরা ভোটার গাইডের জন্য প্রোফাইল প্রেরন করেন নাই, তাঁদের নামও আছে। আইনগত কারনে নির্বাচনের আগ মুহূর্তে ব্যালট থেকে কোন প্রার্থীর বাদ দেয়া হতে পারে, তাই এই গাইডের তালিকায় উল্লেখিত কয়েকজন প্রার্থীদের নাম ব্যালটে নাও থাকতে পারে; যদি কোন দলের নির্দিষ্ট কোন পদের জন্য মনোনয়ন দাখিলকৃত প্রার্থীদের মধ্যে থেকে একজনের নাম ব্যালট থেকে সরিয়ে ফেলা হয়, তবে সেই দলের সেই পদের জন্য কোন প্রাথমিক নির্বাচন আয়োজন করা হবে না। প্রাথমিক নির্বাচনের হালনাগাদ তথ্যের জন্য অনলাইনে ভোটার গাইডটি দেখুন www.nyccfb.info/voterguide অথবা ব্যালটের নমুনা দেখার জন্য BOE-র ভোট কেন্দ্র লকেটর www.vote.nyc.ny.us-এ দেখুন।

এই গাইডের প্রোফাইল ও ছবিগুলো প্রার্থীদের কর্তৃক CFB -র নিকট দাখিল করা হয়েছে। সকল প্রার্থীরা অসত্য শপথের দন্ডের অধীনে হরফ করেছেন যে, তাঁদের জ্ঞান অনুযায়ী প্রোফাইলে প্রদত্ত সকল তথ্য সত্য। প্রার্থীরা কর্তৃক CFB—র নিকট দাখিলকৃত তথ্যাদি হুবহু পুনর্মুদ্রণ করা হয়েছে, সেগুলো ছাড়া যেগুলোর উল্লেখযোগ্য ত্রুটি এবং ছোট-খাট ফরম্যাটিং ইস্যু রয়েছে, তা মুদ্রণের আগে CFB কর্তৃক সংশোধন করা হয়ে থাকতে পারে। প্রার্থীদের প্রতিবেদনে প্রকাশিত বিবৃতির তাঁদের নিজস্ব বক্তব্য, এর সাথে নিউ ইয়র্ক ক্যাম্পেইন ফাইনান্স বোর্ডের কোন সংশ্লিষ্টতা নেই।

## এরিক সালগাডো (Erick Salgado)

**মেয়র (D)**



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্র্যাটিক

**বর্তমান পেশা:** পূর্ণ সময়ের জন্য প্রার্থী যিনি বেনসনহার্স্ট-এর ইগলেশিয়া জোভেনেস ক্রিস্টানুস চার্চ-এ প্যাস্টর হিসাবে কাজ করেন।

**পূর্ববর্তী পেশা:** এরিক একটি বইয়ের দোকান খুলেছিলেন ও সেটিকে ৪টি বরোতে চেইন হিসাবে ছড়িয়ে দিয়েছিলেন। তিনি এছাড়াও একটি রেডিও নেটওয়ার্ক প্রতিষ্ঠা করেছিলেন এবং গত ডিসেম্বর পর্যন্ত তিনি রেডিও ক্যান্টিকো নুয়েভো ইনক-এর প্রেসিডেন্ট ছিলেন, বিগত ২৪ বছরে এরিক NYC বিভিন্ন কমিউনিটিতে থাকা মানুষজনদের সাথে প্রচুর সময় ব্যয় করেছেন।

**শিক্ষাগত যোগ্যতা:** এরিক UTI ইউনিভার্সিটি থেকে থিওলজিক্যাল স্টাডিজ-এ ডক্টরেট করেছেন।

**সাংগঠনিক সম্পৃক্ততা:** N/A

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** N/A

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে সিটির কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

মেয়র জিলিয়ানির প্রশাসনের পুলিশ বিভাগের পদগুলিকে আমি ফিরিয়ে আনব, কোটা বহিষ্কার করব এবং সব অফিসারের জন্য অতিরিক্ত সংবেদনশীলতা প্রশিক্ষণ বাস্তবায়িত করব। সন্ত্রাসবাদের সঙ্গে লড়াই করতে পুলিশ বিভাগের উদ্যোগ আমি অব্যাহত রাখব।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

১. নিউ ইয়র্কবাসীদের চাকরির প্রয়োজন যেখানে তারা বেঁচে থাকার অত্যাবশ্যকীয় বেতন পাবে। আমি আমলাতান্ত্রিক প্রতিবন্ধকতাগুলি দূর করব যা অনেক ব্যবসাকে বেড়ে উঠতে বাধা দেয়, পুরোনো আমলের নিয়মকানুন রোহিত করব, অনলাইনে যতখানি সম্ভব বেশি অনুমোদন প্রক্রিয়া রাখব, নতুন চাকরির সৃষ্টিকে উৎসাহ প্রদান করতে ট্যাক্স ইনসেনটিভ দেব, রিকোয়েস্ট ফর প্রোপোজাল-এর ক্ষেত্রে সিটির অনুরোধে NY ব্যবসাগুলোকে প্রাধান্য দেব এবং NYC তে অতিরিক্ত ব্যবসাকে আকর্ষণ করতে ট্যাক্স ইনসেনটিভ (কর-উৎসাহপ্রদায়ী) ব্যবহার করব। ২. শিক্ষা বিভাগ অবিলম্বে শিক্ষার্থীদের প্রয়োজন অবশ্যই মেটাবে। অভিভাবকদের ভূমিকা বৃদ্ধি করব, শিক্ষকদের মূল্যায়নে অভিভাবকদের গ্রেড দেয়া অন্তর্ভুক্ত করব। কোন কার্যক্রমটি সফল তা স্থির করতে আমি একটি ব্যবস্থা-বিস্তৃত (সিস্টেম-ওয়াইড) অডিট পরিচালনা করব, এবং সেই তথ্য শিক্ষক এবং প্রধানশিক্ষকদের জানানো হবে। পুরো NYC নির্বাচিত কমিউনিটি স্কুল বোর্ড পুনঃপ্রতিষ্ঠা করতে আমি কাজ করব।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

আমিই একমাত্র প্রার্থী যে NYC-র বিভিন্ন গোষ্ঠী এবং ধর্মসম্প্রদায়ের প্রতিনিধিত্ব করবো এবং তাঁরা কিভাবে তাঁদের জীবনযাপন করবেন তার আদেশ দেব না। আমি এদিক থেকেও একমাত্র প্রার্থী যে, প্রথাগত পারিবারিক মূল্যবোধকে প্রাধান্য দেয় এবং যে আমাদের নবীনদের সর্বোত্তম শিক্ষার জন্য লড়াই করবে, এমনকি তা যদি শিক্ষকদের সমিতির বিরোধিতা স্বত্বেও।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

www.salgadonyc.com | ErickSalgadoNYC | ErickSalgadoNYC

---

## বিল থমসন (Bill Thompson)

**মেয়র (D)**



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্রেটিক

**বর্তমান পেশা:** মেয়র পদে নির্বাচনে অংশ নেয়ার পূর্বে, আমি দেশের অন্যতম প্রধান, সংখ্যালঘুর মালিকানাধীন পৌর বিনিয়োগের সংস্থাগুলিকে নেতৃত্ব দিতে সাহায্য করতাম। আমরা আমেরিকার বিভিন্ন সিটিকে তাদের সরকারী প্রকল্প যেমন স্কুল নির্মাণ, সেতু এবং পার্কের বিনিয়োগ করে থাকি।

**পূর্ববর্তী পেশা:** ২০০৯ সালে মেয়র হিসাবে দাঁড়াবার আগে, আমি নিউ ইয়র্ক সিটি কম্পট্রোলার হিসাবে আট বছর কাজ করেছি, যেখানে আমি সিটির অবসরকালীন ভাতার তহবিল শক্তিশালী করেছিলাম, ব্যবসার বিকাশে উৎসাহ দিতাম এবং সিটি হল-কে অপচয় এবং অব্যবহার করার জন্য দায়ী করেছিলাম।

**শিক্ষাগত যোগ্যতা:** আমি গর্বিত যে আমি NYC সরকারি স্কুলের ছেলে, এবং ব্রুকলিনের মিডউড হাই স্কুলের থেকে পাস করেছি। আমি টাফটস্ বিশ্ববিদ্যালয়ে কলেজে গিয়েছিলাম।

**সাংগঠনিক সম্পৃক্ততা:** আমি সংখ্যালঘু ও মহিলাদের মালিকানাধীন ব্যবসায়ের সাহায্যার্থে নির্মিত গভর্নর'র টাস্ক ফোর্সের নেতৃত্ব দিয়েছি। আমি ব্যাটারি পার্ক সিটি অ্যাসোসিয়েশনের চেয়ারম্যানের দায়িত্ব পালন করেছি।

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** আমি ২০০২ থেকে ২০১০ পর্যন্ত সিটি কম্পট্রোলার ছিলাম। এর আগে আমি NYC এর শিক্ষা সংক্রান্ত বোর্ডের সভাপতি ছিলাম, যেখানে আমিই প্রথম B.O.E. এর (শিক্ষা বোর্ড) আর্থিক খতিয়ান প্রকাশ করেছিলাম এবং আমাদের স্কুল ব্যবস্থায় জবাবদিহিতার ব্যবস্থা চালু করেছি।

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে সিটির কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

আমি বিশ্বাস করি যে, আমাদের সিটিকে অগ্রসর করতে হলে প্রতিটি কমিউনিটিতে উত্তম স্কুল নির্মাণ করতে হবে – এমন স্কুল, যেখানে শিক্ষক/শিক্ষিকারা সম্মান পাবেন এবং শিশুদেরকে সফলতা অর্জন করার জন্য প্রয়োজনীয় সমর্থন এবং সরঞ্জামাদি প্রদান করা। আমি জানি যে যদি আমরা এই বিষয়ে আমাদের মনোনিবেশ করি, তাহলে এন.ওয়াই.সি. বিশ্বের সর্বোত্তম স্কুল সমূহ পেতে পারে। একত্রে মিলিত হয়ে আমরা নিউ ইয়র্ককে যেমন উচিৎ তেমন এক শিক্ষা গ্রহণের সিটি হিসাবে গড়ে তুলব এবং তা হতে হবে।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

শ্রমজীবী পরিবারগুলিকে নিউ ইয়র্ক সিটি থেকে দিয়ে সরিয়ে দেওয়া হয়েছে, এবং এটা গ্রহণযোগ্য নয়। আমি এমন একটা স্কুল থেকে চাকরিতে যোগ দানের সরাসরি ব্যবস্থা প্রতিষ্ঠা করব যার মাধ্যমে দীর্ঘস্থায়ী, ভালো বেতনের কর্মসংস্থান হয়। আমি স্বল্প খরচে ঘর তৈরি করার ব্যবস্থাকে আরও সম্প্রসারিত করব যেন নিউ ইয়র্কের শ্রমজীবী অধিবাসীরা বসবাস করতে পারেন। নিরাপদ রাস্তা-ঘাট, অপেক্ষাকৃত ভালো স্কুল, এবং বেশী বেতনের চাকরি পেয়ে নিউ ইয়র্কবাসীরা এত বেশি সাফল্য পেতে পারবেন যেমনটা আগে কখনও তারা পায়নি।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

আমি আমার জীবন জনসাধারণের সেবা করেই কাটিয়েছি এবং বর্তমানে যে সকল চ্যালেঞ্জগুলো সম্মুখীন তার জন্য নিজেকে প্রস্তুত করেছি। সুষ্ঠুভাবে কাজ সম্পাদন করার মানসিকতা সম্পন্ন একজন তুখোড় আর্থিকনীতির ব্যবস্থাপকের প্রয়োজন। সিটি হলের এমন একজনকে চাই যে। কিনা কমিউনিটিগুলি এবং অভিভাবকদের মধ্যে অপেক্ষাকৃত শক্তিশালী অংশিদারিত্ব গড়ে তুলবেন। আমি সেই নেতা হতে চাই যে এইসব ধরনাকে NYC এর সরকারে নিয়ে আসতে পারবেন।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

www.BillThompsonforMayor.com | billthompsonformayor | BillThompsonNYC | YouTube billthompson2013

---

## অ্যান্থনী ডি. ওয়াইনার (Anthony D. Weiner)

**মেয়র (D)**



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্র্যাটিক

**বর্তমান পেশা:** সরকারী কর্মচারী

**পূর্ববর্তী পেশা:** ১২ বছর - মার্কিন কংগ্রেসম্যান, প্রতিনিধিত্ব করছেন ব্রুকলিন ও কুইন্স-এর; ৭ বছর - নিউ ইয়র্ক সিটি কাউন্সিল সদস্য প্রতিনিধিত্ব করছেন ব্রুকলিন-এর; ৬ বছর - তত্কালীন প্রতিনিধি চার্লস শুমার-এর এইড ছিলেন

**শিক্ষাগত যোগ্যতা:** SUNY প্ল্যাটসবার্গ, রাষ্ট্রবিজ্ঞানে B.A.

**সাংগঠনিক সম্পৃক্ততা:** N/A

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** US প্রতিনিধি, NY ৯ম ডিস্ট্রিক্ট; সিটি কাউন্সিল সদস্য, NYC ৪৮তম ডিস্ট্রিক্ট

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে সিটির কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

**মধ্যবিত্ত শ্রেণী এবং যাঁরা জীবনযুদ্ধ করে চলেছেন** তাঁদের জন্য আমি লড়াই করব। আমি ব্রুকলিনে এক মধ্যবিত্ত সন্তান হিসাবে বেড়ে উঠেছি এবং জীবনে সরকারী স্কুলেই গেছি। আমার মা ৩১ বছর ধরে একজন সরকারী স্কুল শিক্ষিকা ছিলেন। শিক্ষা কতখানি গুরুত্বপূর্ণ এবং আমাদের ভবিষ্যতের জন্য কি অর্থ বহন করে, তা আমি জানি। আমাদের শিক্ষক-শিক্ষিকাদেরদের উত্তম প্রশিক্ষণ এবং পারিশ্রমিকের বিষয়ে আমি নিশ্চিত করব, যাতে **উন্নত নিয়মশৃঙ্খলা কার্যকরী করার উপায় তাঁদের কাছে থাকে,** অভিভাবকদের অধিক তাৎপর্যপূর্ণভাবে নিয়োজিত করার জন্য ব্যবস্থা তাঁদের থাকে সে বিষয়টি নিশ্চিত করব, এবং অল্প বয়সের শিক্ষার উপর জোর দেব।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

**ক্ষুদ্র ব্যবসায় সহায়তা, ট্যাক্স কমানো, আমাদের নেবারহুডগুলিবে সুরক্ষা দেওয়া, এবং আমাদের হেল্থ কেয়ার সুনিশ্চিত করতে আমি ৬৪ - টি ধারণা সহ একটি বই আমি প্রকাশ করেছি।** যিনি বছরে **$১৫০,০০০ বা তার কম আয় করেন তাঁর জন্য আমি ১০% হবে আয় কর হ্রাস করবো,** যা বিত্তশালীদের ক্ষেত্রে যুক্তিসঙ্গত ১% হারে ইনকাম ট্যাক্স বাড়িয়ে পরিপূর্ণ করা হবে। জরিমানা এবং ফি কমানোর মাধ্যমে আমি ক্ষুদ্র ব্যবসার জন্য লাল ফিতের ফাঁস খুলে দেব। নিউ ইয়র্ক তার প্রথম **সিঙ্গল-পেয়ার ল্যাবেরেটরি** পাবে, যা খরচ কমাবে এবং সবার জন্য উচ্চ গুনমান বিশিষ্ট, সাধ্যের মধ্যে **হেল্থ কেয়ার দেবে।** আমার ৬০-২০-২০ পরিকল্পনাটি এ বিষয়ে নিশ্চয়তা দেবে যে **সব নতুন আবাসনের অন্তত ২০% মধ্যবিত্ত শ্রেণীর জন্য** এবং যাঁরা জীবনযুদ্ধ করে চলেছেন তাঁদের জন্য বাকি ২০% সংরক্ষিত থাকবে। যৌন-অপরাধীদের খোঁজার জন্য ডি.পি.এস. প্রযুক্তি ব্যবহার করে এবং অপরাধীদের খোঁজার জন্য DNA পরীক্ষা ব্যবহারের মাধ্যমে আমি অপরাধের বিরুদ্ধে লড়াই চালিয়ে যাব। নিউ ইয়র্ক সিটি তার ন্যায্য বরাদ্দ পায় তা নিশ্চিত করতে আমি **অ্যালবানি এবং ওয়াশিংটনে আওয়াজ তুলব।**

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

আমার দুই দশকেরও বেশি নেতৃত্বের প্রামাণ্য রেকর্ড আছে, যা সব নিউ ইয়র্কবাসীর জন্য প্রয়োজনীয় ফলাফল দেবে। ওয়াশিংটনে, আমাদের কমিউনিটিকে নিরাপদ রাখতে অধিক অর্থের জন্য, ফুড স্ট্যাম্প সুরক্ষিত করতে এবং সবার জন্য উন্নত হেল্থ কেয়ার দেওয়ার জন্য আমি লড়াই করেছি। **নিউ ইয়র্কবাসীদের কাছে আমি পরিচিত যোদ্ধা, এবং আমাদের শহরকে মধ্যবিত্ত শ্রেণীর রাজধানী করে তুলতে আমার বিশেষ কিছু পরিকল্পনা আছে।**

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

www.anthonyweiner.com | AnthonyDWeiner | anthonyweiner

## জন ক্যাটসিম্যাটিডিস (John Catsimatidis)

**মেয়র (R)**



**যে রাজনৈতিক দলভুক্ত:** রিপাবলিকান

**বর্তমান পেশা:** সফল স্বতন্ত্র ব্যবসায়ী. রেড অ্যাপেল গ্রুপের CEO

**পূর্ববর্তী পেশা:** সফল ব্যবসায়ী রেড অ্যাপেল গ্রুপের CEO

**শিক্ষাগত যোগ্যতা:** ব্রুকলিন টেকসহ নিউ ইয়র্ক শহরের পাবলিক ও প্যারোকিয়াল স্কুল সমূহে, NYU (নিউ ইয়র্ক ইউনিভার্সিটি)-তে গিয়েছিলেন।

**সাংগঠনিক সম্পৃক্ততা:** পুলিশ অ্যাথলেটিক লিগ-এর বোর্ড সদস্য আছেন প্রায় ৩০ বছর, তিনি বোর্ড সদস্য হিসাবে কাজ করছেন কলোম্বিয়া প্রেসবিটেরিয়ান হাসপাতালে, হেলেনিক টাইমস স্কলারশিপ ফান্ড-এ, সেন্ট ফ্রান্সিস ফুড প্যান্ট্রিজ-এ, এবং তিনি গ্রীক অর্থোডক্স আর্চডায়োসেশন কাউন্সিল-এর প্রাক্ত ভাইস চেয়ারম্যান ছিলেন। আমি স্থানীয় ৩৩৪ RWDSU/UFCW-এর পেনশন বোর্ড-এর সদস্য হিসাবে কাজ করছি।

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** সাধারণ জ্ঞান সম্পন্ন ব্যবসায়ী যিনি শূণ্য থেকে একটি গুরুত্বপূর্ণ ও সফল রিটেল সংস্থা শুরু করেছেন। একমাত্র প্রার্থী যাঁর নিউ ইয়র্ক সিটির মতো এতো বড় ও এত জটিল সংগঠন চালানোর জন্য প্রয়োজনীয় অভিজ্ঞতা আছে।

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে সিটির কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

জনসাধারণের নিরাপত্তা: যেসব নীতি নিউ ইয়র্ক সিটিকে অপরাধ ও সন্ত্রাসবাদ থেকে এতদিন নিরাপদ রেখেছে সেগুলো অব্যাহত রাখবো। নিউ ইয়র্কবাসী যেন তাঁদের নেবারহুডে (পাড়াতে) নিরাপদে চলাফেরা করতে পারেন, আমি তা নিশ্চিত করব। আমাদের একটি নিরাপদ সিটির প্রয়োজন যাতে নিউ ইয়র্ক সিটিতে বিনিয়োগ অব্যাহত রাখার জন্য বিশ্বের আস্থা অর্জন করা যায়।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

চাকুরি এবং অর্থনীতি: এই নির্বাচনে আমিই একমাত্র প্রার্থী যে, নিউ ইয়র্ক সিটিতেই কর্মসংস্থান সৃষ্টি করার অতীতে রেকর্ড আছে এবং মেয়র হিসাবেও আমি সেই ধারা বজায় রাখব;

শিক্ষা: বৃত্তিমূলক প্রোগ্রামের মাধ্যমে স্কুল ছুটের সংখ্যা প্রায় ৪০% হ্রাস করব এবং প্রতিটি শিক্ষার্থীকে সফল হওয়ার জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি সহায়তা সরবরাহ করা হবে।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

আমি একজন সফল স্বতন্ত্র ব্যবসায়ী যার নিউ ইয়র্ক সিটিতে কর্মসংস্থান সৃষ্টি করার রেকর্ড রয়েছে। আমি ৪০ বছরের বেশি সময় ধরে CEO -র কাজ করছি এবং আমিই একমাত্র প্রার্থী যার $৭০ বিলিয়ন মূল্যের এই বিশাল সিটিকে পরিচালনা করার যোগ্যতা আছে। আমি বড় হয়ে উঠেছি হারলেম-এর ১৩৫তম স্ট্রিটে এবং কখনই ভুলিনি আমি কোথা থেকে এসেছি। আমি শিক্ষায় লক্ষ লক্ষ ডলারের আর্থিক অনুদান যোগাড় করেছি এবং আমি মেয়র নির্বাচনে এই জন্য অংশগ্রহন করছি কারণ আমি বিশ্বাস করি আমি যা সুযোগ পেয়েছি তা প্রতিটি নিউ ইয়র্ক বাসীর পাওয়ার অধিকার আছে।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন না।

www.cats2013.com | JohnCats2013 | JCats2013

---

## জোসেফ জে. লোটা (Joseph J. Lhota)

**মেয়র (R)**



**যে রাজনৈতিক দলভুক্ত:** রিপাবলিকান

**বর্তমান পেশা:** পূর্ণ সময়ের প্রার্থী

**পূর্ববর্তী পেশা:** মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথরিটি-র চেয়ারম্যান ও CEO; ডেপুটি মেয়র ও বাজেট ডিরেক্টর, জিউলিয়ানি প্রশাসন; ম্যাডিসন স্কোয়ার গার্ডেন ও কেবল ভিশন -এর এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট; ইনভেস্টমেন্ট ব্যাংকার

**শিক্ষাগত যোগ্যতা:** জর্জটাউন ইউনিভার্সিটি থেকে BS ১৯৭৬; হার্ভার্ড বিজনেস স্কুল থেকে MBA ১৯৮০

**সাংগঠনিক সম্পৃক্ততা:** CUNY, বোর্ড অফ ট্রাস্টিজ-এর সদস্য

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** জিউলিয়ানি প্রশাসনে বাজেট ডিরেক্টর ও ডেপুটি মেয়র অপারেশনস; মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথরিটি-র চেয়ারম্যান ও CEO

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে সিটির কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

কর্মসংস্থান সৃষ্টি করা ও একটি বিকাশশীল, বহুমুখী অর্থনীতি আমাদের সিটিকে সাফল্যের শিখরে পৌঁছে দেয়ার মুখ্য ভূমিকা পালন করে। সরকার সরাসরি চাকরি সৃষ্টি করতে পারে না, কিন্তু তারা এমন এক পরিবেশ তৈরি করতে পারে যাতে চাকরির সংখ্যা ও সুযোগ বাড়াতে পারে। আমাদের সরকার আরও দক্ষতার সাথে পরিচালিত হওয়া উচিত, ক্ষুদ্র ব্যবসাগুলির শ্বাসরুদ্ধ করে, এমন সব ট্যাক্স কমিয়ে ও সেই সমস্ত দুর্বিষহ বিধি ও শাস্তিবিধান সরিয়ে। আমাদের জোর দিতে হবে পাঁচটি বরোতেই সেই সব বিকাশশীল শিল্পের প্রতি যাতে তারা উচ্চমানের ও ভালো বেতনের চাকরি তৈরি করে।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

সরকারে সংস্কার ঘটানো সবচেয়ে বড় অগ্রাধিকার হওয়া প্রয়োজন। আমাদের প্রয়োজন নৈতিক সংস্কার যাতে দুর্নীতিগ্রস্ত রাজনৈতিকদের সরিয়ে ফেলা যায় এবং শিক্ষাগত সংস্কার যাতে আমাদের স্কুলগুলি উন্নত হতে পারে। আমাদের জীবনের মানোন্নয়নে জনসাধারণের নিরাপত্তাও খুবই জরুরি বিষয়। সন্ত্রাসীদের ও হিংস্র অপরাধীদের থেকে আমাদের নিরাপত্তার জন্য নিউ ইয়র্ক পুলিশ ডিপার্টমেন্ট (NYPD)-এর কাছে যথেষ্ট পরিমাণে প্রয়োজনীয় পন্থা ও সম্পদ আছে তা নিশ্চিত করতে হবে।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

পরবর্তী মেয়রের কাছে যথেষ্ট অভিজ্ঞতা ও দূরদৃষ্টি থাকা উচিত যাতে তিনি প্রথম দিন থেকে নিউ ইয়র্ক শহরকে নেতৃত্ব দিতে পারেন। আমাদের সিটিটি হল $৭০ বিলিয়ন মূল্যের উদ্যোগ, যেখানে প্রায় ৩০০,০০০ মানুষ কাজ করেন। আমিই একমাত্র প্রার্থী যার সরকারী ও বেসরকারী উভয় ক্ষেত্রেই বিভিন্ন জটিল সংস্থা পরিচালনা করার বিপুল অভিজ্ঞতা আছে। আমার সৌভাগ্য হয়েছিল যে আমি এই শহরের মানুষজনদের সেবা করতে পেরেছিলাম, যখন আমাদের এই শহর দ্রুত বৃদ্ধি পাচ্ছিল ও পরিবর্তিত হচ্ছিল, এমনকি যখন আমাদের এই শহর খুব বড় চ্যালেঞ্জের মুখোমুখি হয়েছিল সেই সময়েও আমি মানুষের সেবায় পাশি ছিলাম যেমন ৯/১১ এবং হারিকেন স্যান্ডি-র সময়ে। আমি বিশ্বাস করি যে আমাদের সুসময় খুব দ্রুত আসতে চলেছে এবং মেয়র হিসাবে আমি আমার সাধারণ বুদ্ধি ব্যবহার করব, আমার দূরদৃষ্টি ও অভিজ্ঞতা ব্যবহার করব যাতে আমি নিউ ইয়র্ক শহরকে আরও এগিয়ে নিয়ে যেতে পারি।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

www.joelhotaformayor.com

---

# অনলাইনে প্রার্থীদের সম্পর্কে জানুন

অনেক প্রার্থীরা তাদের প্রোফাইলে **সামাজিক মিডিয়ার** তথ্যাদি প্রদান করেছেন। এই সাইডগুলো দেখার জন্য নিম্নোক্ত ঠিকানা ব্যবহার করুন, সরাসরি তাদের পাতায় যাওয়ার জন্য ইউআরএল (URL)-এর শেষে প্রার্থীর একক শনাক্তকরণ লিখুন।

www.facebook.com/

www.twitter.com/

YouTube www.youtube.com/

www.linkedin.com/

## জর্জ ম্যাকডোনাল্ড (George McDonald)
**মেয়র (R)**



**যে রাজনৈতিক দলভুক্ত:** রিপাবলিকান

**বর্তমান পেশা:** দেশের অন্যতম বিখ্যাত অলাভজনক সংস্থা ডো ফাণ্ডের প্রতিষ্ঠতা ও প্রেসিডেন্ট। জর্জ ম্যাকডোনাল্ড প্রমাণ করেছেন যে মানুষকে বেতনসহ কাজের সুযোগ দিলে তাদের জীবন পাল্টে দেওয়া যায়। তাঁর স্ত্রী হ্যারিয়েটের সঙ্গে এবং এই বিশ্বাসে ভর করে যে "কাজে কাজ হয়।" ডো ফাণ্ড ১৮০০০-এরও বেশি মানুষকে তাদের জীবন ফিরে পেতে সাহায্য করেছে, যার মধ্যে যুদ্ধফেরত সৈনিক থেকে প্রাক্তন বন্দী, সকলেই আছে।

**পূর্ববর্তী পেশা:** ম্যাকগ্রেগর স্পোর্টসওয়্যারে অ্যাপারেল ইণ্ডাস্ট্রি এক্সিকিউটিভ।

**শিক্ষাগত যোগ্যতা:** তাঁর পুরো ক্যারিয়ারের সময়কাল জুড়ে ম্যাকডোনাল্ড অসংখ্য প্রশংসা ও স্বীকৃতি লাভ করেছেন, যার মধ্যে আছে ম্যানহ্যাটান ইনস্টিটিউটের লাইফটাইম অ্যাচিভমেন্ট অ্যাওয়ার্ড ইন সোশ্যাল আঁত্রেপ্রেনোরশিপ এবং হোবার্ট ও উইলিয়াম কলেজ থেকে সাম্মানিক ডিগ্রি।

**সাংগঠনিক সম্পৃক্ততা:** ABO

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** ২০০৫ সালে জর্জ NYS ইণ্ডিপেণ্ডেন্ট কমিটি অন রিএন্ট্রি অ্যাণ্ড এমপ্লয়মেন্টের সভাপতিত্ব করেন। বর্তমানে তিনি গভর্নর কুয়োমোর ওয়ার্ক ফর সাকসেস এক্সিকিউটিভ কমিটিতে আছেন।

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে সিটির কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

চাকরি, চাকরি, চাকরি! NYC প্রত্যেক বসবাসকারী যারা কাজ করতে চান, তাদের একটি পাওয়া উচিত। যা নাগরিক জীবনের প্রতিটি দিকে নাটকীয় প্রভাব ফেলবে। আমাদের সিটিকে আরো নিরাপদ করে তোলার চেষ্টা চালিয়ে যেতে হলে, চাকরি হল জনগণের নিরাপত্তার শেষ সীমানা। নতুন নতুন খরচ মেটানোর জন্য আমরা যেমন কাজ করি, সেখানে কর না বাড়িয়ে সিটির রাজস্ব আয় বৃদ্ধির সবথেকে ভালো উপায় হল চাকরির সুযোগ সৃষ্টি করা। সবশেষে, নতুন চাকরি ও সুযোগ তৈরি করে আমরা বাজেট ঠিক রাখতে পারব কারণ তাহলে এনটাইটলমেন্ট ব্যয় এড়ানো যাবে।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

মেয়রের সব থেকে গুরুত্বপূর্ণ কাজ হল আমাদের সিটিকে নিরাপদ রাখা। সেটা করতে হলে আমাদের স্টপ, কোয়েশ্চেন অ্যাণ্ড ফ্রিস্ক পদ্ধতি শুধু জারি রাখলেই হবে না, তাকে আরো উন্নত করতে হবে।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

২৫ বছর আগে একটানা ৭০০ রাত ধরে গৃহহীনদের খাবার সরবরাহের কাজে সাহায্য করতে আমি গ্র্যাণ্ড সেন্ট্রালে যেতাম। ওরা স্যাণ্ডউইচগুলো পেয়ে খুশি হতেন ঠিকই, কিন্তু সত্যি করে যা চাইতেন তা হল "একটা ঘর আর তার ভাড়া জোগাবার জন্য একটা চাকরি।" কথাটা আমি শুনেছিলাম আর সেদিন থেকে আজ পর্যন্ত তাদের জীবনকে কাজের সাহায্যে পালটে দেওয়ার সুযোগ করে দেওয়ার জন্যই কঠিন পরিশ্রম করে এসেছি। মেয়র হিসেবে, আমি NYC-র প্রত্যেকের জন্যই তা করব।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন না।

www.McDonald2103.com | McDonald2013 | Mcdonald4nyc | YouTube mcdonald4ny

# স্বতন্ত্র প্রাথমিক | মেয়র

## অ্যাডলফো ক্যারিয়ন জুনিঃ (Adolfo Carrión Jr.)
**মেয়র (I)**



**যে রাজনৈতিক দলভুক্ত:** কোনো রাজনৈতিক দলভুক্ত নয়

**বর্তমান পেশা:** মেট্রো ফিউচার্স LLC সংস্থার প্রতিষ্ঠাতা/ব্যবস্থাপনা পরিচালক, (ম্যানিজিং ডিরেক্টর)।

**পূর্ববর্তী পেশা:** ক্ষুদ্র ব্যবসায়ী, NYC-র সরকারী স্কুল শিক্ষক, সিটি প্ল্যানার (শহর পরিকল্পক), কমিউনিটি বোর্ড ম্যানেজার

**শিক্ষাগত যোগ্যতা:** স্নাতক ডিগ্রি - কিংস কলেজ; আর্বান প্ল্যানিং বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি - CUNY - হান্টার কলেজ

**সাংগঠনিক সম্পৃক্ততা:** মরিস হাইটস হেল্থ সেন্টার, কাউন্টি এক্সিকিউটিভস অফ আমেরিকা, হাডসন রিভার স্লুপ ক্লিয়ারওয়াটার অর্গ, ব্রঙ্কস ডিভা টক - ডোমেস্টিক ভায়োলেন্স অ্যাওয়ারনেস

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** হোয়াইট হাউস ডিরেক্টর অফ আর্বান অ্যাফেয়ার্স, ইউ. এস. ডিপার্টমেন্ট অফ হাউজিং অ্যান্ড আর্বন ডেভেলপমেন্ট-এ রিজিওনাল ডিরেক্টর, দুবার ব্রঙ্কস বরো প্রেসিডেন্ট, NYC কাউন্সিল সদস্য, NALEO (ন্যাশানাল অ্যাসোসিয়েশন অফ ল্যাটিনো ইলেক্টেড অফিশিয়ালস)-র প্রাক্তন প্রেসিডেন্ট

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে সিটির কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

সর্বাধিক অগ্রাধিকার দেওয়া উচিত শিক্ষা সংস্কারের উপর, যাতে নিশ্চিত করা যায় যে নবীনরা অর্থনীতিতে অংশগ্রহণ করতে তৈরি থাকে। এই মুহূর্তে শিক্ষা অভিভাবক ও ছাত্র-ছাত্রীদের প্রয়োজন ও চাহিদা মেটানোর বদলে কিছু প্রাপ্তবয়স্কদের প্রয়োজন ও চাহিদা মেটানোর জন্য কাজ করে চলেছে, যা প্রকারন্তরে একটি ব্যর্থ ব্যবস্থাকেই ইঙ্গিত করছে।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

নিউ ইয়র্ক সিটিকে মধ্যবিত্ত ও এখানে আরও উন্নত জীবনের সন্ধানে আসা মানুষের সাধ্যের মধ্যে রাখতে হবে। এটিকে ব্যবসা-বান্ধব শহরও হতে হবে, যা শিল্প ও কর্মসংস্থানের যোগান দিয়ে চলবে। কর না বাড়িয়ে ও আমাদের মানুষ ও ব্যবসাগুলিকে সরকারের ATM-এর মতো না ভেবে, আমরা এটি অর্জন করতে পারব। আমাদের সিটিকে নিরাপদ হতে হবে এবং সেই অভূতপূর্ব স্থান হতে হবে, যেখানে উদ্ভাবন কাজের সুযোগ তৈরি করবে।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

আমি নির্বাচিত হলে আমার অভিজ্ঞতার ভাণ্ডার উজার করে দেব ও আমার সাধারণ বুদ্ধির আইডিয়াগুলিকে এবং স্বাধীন নেতৃত্বকে কাজে লাগাব যা নিউ ইয়র্ক বাসীরা চায় ও সিটি হলের জন্য উপযুক্ত। এর আগে নিউ ইয়র্ক সিটির পরিচালনার দায়িত্বে ছিলেন বিভিন্ন বিশেষ স্বার্থ গোষ্ঠী ও রাজনৈতিক দলগুলি। আমাদের সিটি চায় আরও ভালো কাজ ও দৃপ্ত দূরদৃষ্টি এমন একটি শহর তৈরির জন্য যা সবার মঙ্গল করতে সক্ষম হবে। এটি আসলে মেয়রের দায়িত্ব য়াতে নিউ ইয়র্ক বাসীর জীবনমান উন্নয়ন করা । সিদ্ধান্তগুলি নেওয়া খুব সহজ নয়, কিন্তু আমার পূর্ব অভিজ্ঞতা থেকে দেখতে পাবেন যে, সবার আগে মানুষদের রাখলে ভালো ফল অবশ্যই পাওয়া যায়।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন না।

www.carrion2013.com | AdolfoCarrionNYC | AdolfoCarrion | YouTube AdolfoCarrion | www.linkedin.com/pub/adolfo-carrion/36/113/395

---

# কখনও একটি নির্বাচন বাদ দিবেন না!

নির্বাচনের সতর্কীকরণ বার্তা ও ভোট প্রদানের অঙ্গীকারের জন্য **www.nyccfb.info/pledge**-এ সাইন আপ করুন।




চলার পথে নির্বাচনী তথ্যের প্রয়োজন? তবে আপনার মোবাইল থেকে **www.nycvotes.org** দেখুন

# পাবলিক অ্যাডভোকেট

সিটির "ওম্বুডসম্যান (ন্যায়পাল)," বা মুখপাত্র হিসাবে, পাবলিক অ্যাডভোকেটের কাজের মধ্যে আছে সিটির এজেন্সিগুলির সরকারি তথ্য এবং পরিষেবা অভিযোগ প্রোগ্রামগুলির প্রতি নজর রাখা এবং বিভিন্ন পরিষেবা সংক্রান্ত অভিযোগ খতিয়ে দেখা ও মীমাংসা করার চেষ্টা করা। মেয়রের অনুপস্থিতিতে পাবলিক অ্যাডভোকেট মেয়রের দায়িত্ব পালন করেন; মেয়রের আসনটি শূন্য থাকলে, একটি বিশেষ নির্বাচন না হওয়া পর্যন্ত পাবলিক অ্যাডভোকেট মেয়র হিসাবে দায়িত্ব পালন করেন। পাবলিক অ্যাডভোকেট সিটি কাউন্সিল মিটিংগুলিতেও সভাপতিত্ব করেন ও স্থানীয় আইন স্পনসর করতে পারেন। পাবলিক অ্যাডভোকেট বার্ষিক $১৬৫,০০০ বেতন পান।

» **ডেমোক্রেটিক প্রাথমিক** (D)

ক্যাথেরিন গুয়েরিয়েরো (Catherine Guerriero)
লেটিশিয়া জেমস (Letitia James)
রেশমা সৌজানি (Reshma Saujani)
ড্যানিয়েল স্কোয়াড্রন (Daniel Squadron)
সিদ্দিক ওয়াই (Sidique Wai)

এই গাইডটি ছাপাখানায় যাবার পর উপরোক্ত প্রার্থীদের নাম থেকে কয়েকজনের নাম হয়তোবা ব্যালট থেকে বাদ দেয়া হয়েছে।

## ডেমোক্রেটিক প্রাথমিক | **পাবলিক অ্যাডভোকেট**

### ক্যাথেরিন গুয়েরিয়েরো (Catherine Guerriero)

**পাবলিক এডভোকেট** (D)



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্রেটিক

**বর্তমান পেশা:** কলম্বিয়া ইউনির্ভাসিটির টিচার্স কলেজের এডুকেশন এবং পলিটিক্সের এবং নিউ ইয়র্ক ইউনির্ভাসিটির স্টেইনহার্ডট স্কুল অফ এডুকেশনের প্রফেসার।

**পূর্ববর্তী পেশা:** নিউ ইয়র্কের আর্কডিওসিজ-এর স্ট্র্যাটেজিক প্লানিংয়ের নির্দেশক গর্ভনমেন্ট রিলেশনস ফর ক্যাথলিক চ্যারিটিজের নির্দেশক হিসাবে কাজ করেছেন। আর্কডিওসিজ-এর সহ নির্দেশক হিসাবে ২০০৮ সালের পোপ বেনেডিক্ট XVI-এর সফর তত্ত্বাবধান করেছেন। অলাভজনক সংস্থা এবং ক্ষুদ্র ব্যবসার ক্ষেত্রে একটি স্ট্র্যাটেজিক প্লানিং কনসালটেন্সি পরিচালনা করেন।

**শিক্ষাগত যোগ্যতা:** কার্টিস হাই স্কুল, ওয়াগনার কলেজ, NYU-র ওয়াগনার স্কুল থেকে MPA এবং NYU স্টেইনহার্ডট স্কুল অফ এডুকেশন থেকে এডুকেশনাল অ্যাডমিনিস্ট্রেশন-এ ডক্টরেট করেছেন।

**সাংগঠনিক সম্পৃক্ততা:** নিউ এরা ডেমোক্রেটিস্, কংগ্রেস অফ ইটালিয়ান আমেরিকান অর্গানাইজেশন

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** রাজনীতিতে ২০ বছর কাটানোর পরে, আমার এই প্রথম কোন নির্বাচনে অংশগ্রহণ করা।

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে সিটির কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

আমাদের সিটি মৌলিক সমস্যার মুখোমুখি। বেকারত্ব অসহনীয় হয়ে উঠছে। জনগণ তাদের বাসস্থান হারাচ্ছে। স্কুলগুলির ক্ষমতা আজ স্থবির। বিভিন্ন আমলাতান্ত্রিক কাগজপত্রের বোঝায় ব্যবসা-বাণিজ্য সম্পূর্ণ আচ্ছন্ন। আমাদের নেতাদের প্রতি আমরা আস্থা হারিয়ে ফেলছি। আমাদের সকল বরোতে হুমকিতে থাকা মধ্যবিত্ত শ্রেণী থেকে নিউ ইয়র্কের সবথেকে অরক্ষিত অংশ – অসহায় দরিদ্র, সিটিতে সবেমাত্র আসা মানুষজনের কন্ঠ সোচ্চার করার জন্য আমার নির্বাচনে অংশ নেয়া। নিউ ইয়র্কের প্রত্যেকের কন্ঠ গুরুত্বপূর্ণ তাই তাদের প্রাপ্য প্রতিটি নাগরিক পরিষেবা তারা পাওয়ার জন্য তাদের কথা যেন শুনা যায় তা নিশ্চিত করবো।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

আমাদের প্রতিটি সন্তানের জীবনে শিক্ষাকে একটি অবশ্যাম্ভাবী অংশ হিসাবে গুরুত্ব দিতে হবে, আমাদের মধ্যবিত্ত শ্রেণী এবং আমাদের সমাজের সবচেয়ে অরক্ষিত অংশের মধ্যে আবাসনের বিষয়টিতে আলোকপাত করতে হবে, আমাদের প্রতিটি ইউনিয়ন সদস্যকে ও ক্ষুদ্র ব্যবসায়ীদের নিরাপত্তা দান করতে হবে। বর্তমানে নতুন নেতৃত্বের প্রয়োজন।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

একজন মা, বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক, ক্ষুদ্র ব্যবসায়ের মালিক এবং ক্রীড়াবিদ হিসাবে আমি নিউইয়র্ককে জানি ও ভালবাসি এবং এই শহরকে সুন্দরতর করে গড়ে তুলতে আমি লড়াই চালাব। একজন সরকারী প্রবক্তা হিসাবে আমাদের পাঁচটি বরোর প্রত্যেকটির সকল নিউইয়র্ক বাসিন্দাদের কাছে নিউইয়র্ক যাতে নিরাপদ এবং বাসযোগ্য হয় এবং প্রত্যেকে যাতে স্ব-স্ব সম্মান ও শ্রদ্ধা লাভ করতে পারে, যেখানে সকলের কথা বলার সমান অধিকার থাকে ও প্রতিটি শিশু তার জীবনে সফল হবার জন্য গুণগতমান সম্পন্ন শিক্ষা এবং শিক্ষার প্রয়োজনীয় সম্পদ লাভ করতে পারে তার ব্যবস্থা করার লড়াই চালাব।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

cathyguerriero.com | CathyGuerrieroNYC | CathyGuerriero

---

### লেটিশিয়া জেমস (Letitia James)

**পাবলিক এডভোকেট** (D)



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্রাটিক

**বর্তমান পেশা:** NYC কাউন্সিল মেম্বার

**পূর্ববর্তী পেশা:** লিগ্যাল এইড সোসাইটিতে সরকারী প্রতিরক্ষাকারী; সহকারী NYS অ্যাটর্নি জেনারেল; NYS অ্যাসেম্বলিতে চিফ অফ স্টাফ

**শিক্ষাগত যোগ্যতা:** নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুল; CUNY লেম্যান কলেজ; হাওয়ার্ড ইউনির্ভাসিটি ল'স্কুল

**সাংগঠনিক সম্পৃক্ততা:** আরবান নেটওয়ার্ক-এর প্রতিষ্ঠাতা যারা সংখ্যালঘু পেশাদার সংস্থার একটি সহযোগী সংস্থা হিসাবে অর্থ সংগ্রহ করে শহরের মধ্যস্থ যুব সম্প্রদায়ের জন্য কলেজ স্কলারশিপ প্রদান করে।

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** NYC কাউন্সিল মেম্বার, ৩৫তম ডিস্ট্রিক্ট

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে সিটির কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

আমাদের প্রতিটি শিশুর জন্য ভালো শিক্ষা ব্যবস্থার লক্ষে সংগ্রাম করাই হবে আমার মূল লক্ষ্য। সরকারী প্রবক্তার কার্যালয়ের মাধ্যমে আমি দাবী জানাব, যাতে সিটির শিক্ষার গুনগত মানের উন্নতি ঘটানো যায় এবং আমি সকল পরিবার ও কমিউনিটিকে এই আন্দোলনে অন্তর্ভুক্ত করে আমাদের প্রতিটি শিশুকে শুধুমাত্র পরীক্ষা দেবার জন্যই শিক্ষা না দিয়ে, কলেজ ও বর্তমান বিশ্বের উপযোগী শিক্ষা পায় তা আমি সকল পরিবার ও কমিউনিটিকে আন্দোলনে অন্তর্ভুক্ত করে নিশ্চিত করবো।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

আমি জনগণের জন্য ন্যায্য বেতন ও সুযোগ সুবিধা সম্বলিত ভাল কর্মসংস্থান, সাশ্রয়ী মূল্যে আবাসন, ভোক্তার নিরাপত্তা, স্বাস্থ্য সেবা এবং জনগণের নিরাপত্তার জন্য সংগ্রাম করব।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

আমি সারা কর্ম জীবন প্রগতিশীল কাজের জন্য সোচ্চার ছিলাম। একজন সরকারী প্রবক্তা হিসাবে, আমি সকল নিউইয়র্কবাসীদের জন্য ভালো স্কুল, ন্যায্য বেতনের চাকরী, সাশ্রয়ী আবাসন এবং সিটির শ্রমজীবি এবং মধ্যবিত্ত শ্রেণীর স্বার্থ সুরক্ষিত করার লক্ষে অর্থনৈতিক ও সামাজিক ন্যায়বিচারের লড়াই চালিয়ে যাব।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

letitiajames2013.com

## রেশমা সৌজানি (Reshma Saujani)

**পাবলিক এডভোকেট (D)**



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্রেটিক

**বর্তমান পেশা:** গার্লস হু কোড নামক সংগঠনের প্রতিষ্ঠাতা

**পূর্ববর্তী পেশা:** NYC ডেপুটি পাবলিক অ্যাডভোকেট, অ্যাটর্নি

**শিক্ষাগত যোগ্যতা:** J.D. ইয়েল ল স্কুল; হার্ভার্ড কেনেডি স্কুল অফ গর্ভনমেন্ট থেকে MA ইউনিভার্সিটি অফ ইলিনয়েস থেকে B.A. ডিগ্রি

**সাংগঠনিক সম্পৃক্ততা:** ব্রঙ্কস অ্যাকাডেমি অফ সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং-এর বোর্ড মেম্বার

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** NYC ডেপুটি পাবলিক অ্যাডভোকেট

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে সিটির কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

শিক্ষা হল মূল বিষয় যার উপরে আমি সবচেয়ে বেশী গুরুত্ব আরোপ করব কারণ শিক্ষাই হলো অর্থনৈতিক নিরাপত্তা এবং কর্মসংস্থানের উপায়। আমরা আমাদের শিক্ষক ও শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে প্রয়োজনীয় সম্পদের ব্যবস্থার মাধ্যমে আমাদের সন্তানদেরকে বর্তমান ও ভবিষ্যতের কর্মোপযোগী করে অবশ্যই গড়ে তুলতে হবে। আমি জাতীয় পর্যায়ে একটি অলাভজনক প্রতিষ্ঠান 'গার্লস হু কোড' প্রতিষ্ঠা করেছি, যেখানে সুবিধা বঞ্চিত কমিউনিটির মেয়েরা উচ্চ-প্রযুক্তির দক্ষতা লাভ করে, এবং আমি দেখেছি যে এই দক্ষতা কিভাবে একটি গোটা পরিবারকে আমেরিকার স্বপ্ন সফল করার ক্ষেত্রে সাহায্য করে।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

আমাদের বয়স্ক নাগরিকদের দাবীদাওয়া উত্থাপনের জন্য আমি প্রথমবার মত নিউ ইয়র্কে সিনিয়র অ্যাডভোকেট পদ সৃষ্টি করব, ভাড়াটিয়াদের অধিকার সুরক্ষিত রাখার জন্য এবং বন্ধকী সম্পত্তি উদ্ধারের অধিকার হরণ এড়াতে বিভিন্ন পরিবার যেন বিনামূল্যে আইনী সহযোগিতা পেতে পারে, মহিলাদের জন্য একজন প্রবক্তা নির্দিষ্ট করব যিনি মহিলাদের সমান কাজের সমান পারিশ্রমিকের দাবী জানাবেন ও নারী পাচারের বিরুদ্ধে আইনী লড়াই চালাবেন, আর একজন 'জবস এন্ড ইকনমি অ্যাডভোকেট' নিয়োগ করব যিনি ক্ষুদ্র ব্যবসা, প্রযুক্তি এবং উৎপাদনমূখী ব্যবসা পরিবর্ধন করে নতুন কাজের সুযোগ সৃষ্টি করবেন ও বর্তমান কাজের অধিকারগুলিকে সুরক্ষিত রাখবেন। যখনই বা যেখানেই অ্যালবানি এবং সিটি হল ব্যর্থ হবে, তখনই আমি আমাদের প্রাপ্য অধিকার বুঝে নেবার দাবিতে সর্বাত্মক আন্ত্র নিয়োগ করব।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

কিভাবে সরকার মানুষের জন্য সব থেকে ভালোভাবে কাজ করতে পারে তার একটা নতুন দিশা আমি নিয়ে আসব, আমি প্রতিটি নিউইয়র্কবাসীর মুখপাত্র হিসাবে এবং প্রতিটি সরকার এবং রাজনীতিবিদদের জবাবদিহিতা নিশ্চিত করব। একজন অভিবাসীর কন্যা হিসাবে আমি শিখেছি যে, যতক্ষণ না পর্যন্ত সম্ভাবনাগুলি বাস্তবায়িত হচ্ছে ততক্ষণ লড়াই চালাতে হবে, আমি জানি আমাদের সন্তান, বয়স্ক নাগরিক এবং আমাদের সম্প্রদায়ের জন্য কিভাবে প্রকৃত পরিবর্তন আনা যায়। প্রকৃত ফলাফল এবং প্রকৃত কাজের জন্য পরিকল্পনা রচনা করার বিষয়ে আমার সাফল্যের রেকর্ড আছে। আমি প্রতিটি নিউইয়র্কবাসীর প্রকৃত কাজের সুযোগ সৃষ্টির জন্য আমি আন্দোলন করব এবং লড়াই করব এবং যতক্ষণ না পর্যন্ত সেই কাজ সম্পন্ন হচ্ছে ততক্ষণ আমি থামব না।


প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

www.reshmafornewyork.com | reshma2013 | Reshma4NewYork

---

## ড্যানিয়েল স্কোয়াড্রন (Daniel Squadron)

**পাবলিক অ্যাডভোকেট (D)**



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্র্যাটিক

**বর্তমান পেশা:** ষ্টেট সেনেটর

**পূর্ববর্তী পেশা:** নীচে দেখুন

**শিক্ষাগত যোগ্যতা:** ইয়েল ইউনিভার্সিটি

**সাংগঠনিক সম্পৃক্ততা:** N/A

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** ২০০৮ সালে নির্বাচিত হওয়ার আগে আমি US সেনেটর Chuck Schumer-এর প্রধান এইড হিসাবে কাজ করেছি এবং তাঁর বইয়ের সহ-লেখক ছিলাম। আমি আমাদের ট্রানজিট ব্যবস্থায় $৩ বিলিয়ন আনতে পেরেছি এবং আমলাদের থেকে আমাদের সরকারী স্কুলে অর্থ আনতে সক্ষম হয়েছি।

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে সিটির কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

আমি লড়াই করব যাতে আমাদের সিটিটি আরও বাসযোগ্য হয় ও সাধ্যের মধ্যে থাকে। যাতে আরও বেশি সংখ্যক মানুষ এখানে থাকতে পারেন, বিশেষ করে অসহায় মানুষরা।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

সদ্য পিতা হওয়ার সুবাদে আমি জানি প্রতিটি শিশুর উজ্জ্বল ভবিষ্যতের অধিকার আছে। আমি সরকারী স্কুলে আরও বেশি অর্থ বরাদ্দ ও জবাবদিহিতার জন্য সংগ্রাম করে যাব এবং অভিভাবকদের মতামত প্রদানে নিশ্চিত করব, সিটি ফস্টার কেয়ারে কাছে থাকার সময়ে শিশুদের নিরাপত্তা দেয় এবং কোনো শিশুই যেন খালি পেটে ঘুমাতে না যায়। আমি একটি আইন করেছিলাম যেখানে সশস্ত্র বাহিনীর মতো অস্ত্র যেমন নিউটাউনে ব্যবহৃত হয়েছিল সেগুলো প্রয়োগ নিষিদ্ধ হয়েছিল। আমার ১০০% ভাগ অস্ত্র নিয়ন্ত্রণের রেকর্ড আছে এবং NRA-এর বিরোধীতা করারও। আমি চেষ্টা করব যাতে বেআইনী অস্ত্র আমাদের জনপথ থেকে দূরে রাখতে এবং নিউ ইয়র্ককে নিরাপদ করব। যখন ঘূর্ণিঝড় স্যান্ডি আঘাত হেনেছিল, তখন আমি ত্রাণ শিবির খুলেছিলাম এবং আটকে পড়া বৃদ্ধ ও অন্যদের খাবার বিতরণ করেছিলাম। আমি সর্বস্বান্ত বাড়ির মালিকদের ট্যাক্স ছাড়ের প্রস্তাব করেছিলাম। পাবলিক অ্যাডভোকেট হিসাবে আমি নিশ্চিত করব যে আমারা যেন নিরাপদে থাকি এ পরবর্তী দুর্যোগের সময় প্রস্তুত থাকি।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

আমার পূর্ববর্তী রেকর্ড আছে যে আমি নিউ ইয়র্ক বাসীদের জন্য প্রতিদিন কাজ করছি - দুর্নীতির বিরুদ্ধে লড়েছি, নতুন যুগান্তরী অস্ত্র আইন করেছি, সাধ্যের মধ্যে আবাসন, পার্ক ও যানবাহনের পরামর্শ দিয়েছি। আমি পাবলিক অ্যাডভোকেটের অফিসকে আরও কার্যকরী করব শিশু, বৃদ্ধ ও সাধারণ পরিবারের জন্য যাতে তাদের আওয়াজ ও পৌঁছায়। আমাকে সমর্থন করছেন Chuck Schumer, প্রাক্তন অ্যাডভোকেটরা ও শহরের নেতারা।


প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

squadronfornewyork.com | Squadron4NY | Squadron4NY

---

## সিদ্দিক ওয়াই (Sidique Wai)

**পাবলিক এডভোকেট (D)**



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্রাটিক

**বর্তমান পেশা:** NYC পুলিশ কমিশনারের অ্যাডমিনিস্ট্রেটিভ স্টাফ অ্যানালিস্ট/অ্যাডভাইসার

**পূর্ববর্তী পেশা:** NYC হাউজিং অথরিটি (NYCHA)-র রেসিডেন্ট সাপোর্ট সার্ভিসেসের ডিভিশন চিফ; NYC কাউন্সিল-এর প্রেসিডেন্ট অ্যান্ড্রিউ স্টেনের কমিউনিটি লিয়াজঁ; ব্রুকলিন বরো প্রেসিডেন্ট হাওয়ার্ড গোল্ডেনের কমিউনিটি লিয়াজঁ।

**শিক্ষাগত যোগ্যতা:** ফোর্ডহ্যাম ইউনিভার্সিটি থেকে রাষ্ট্র বিজ্ঞানে B.A; রবার্ট ওয়েজার স্কুল অফ পাবলিক সার্ভিস (NYU)-র MPA প্রার্থী।

**সাংগঠনিক সম্পৃক্ততা:** ইউনাইটেড আফ্রিকান কংগ্রেসের প্রেসিডেন্ট/ন্যাশনাল মুখপত্র; আফ্রিকান ডায়াস্পোরা টাস্ক টিমের সেকেন্ড ভাইস চেয়ার।

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** ওয়াই অ্যাসোসিয়েটস নামক একটি হেলথকেয়ার অ্যাডভোকেসি পাবলিক রিলেশনস ফার্ম-এর প্রতিষ্ঠাতা।

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে সিটির কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

NYPD এবং তারা যে নাগরিকদের নিরাপত্তা দেয়, এই উভয়ের মধ্যে অধিকতর উন্মুক্ততা এবং সততার সাথে যোগাযোগের ব্যবস্থা প্রতিপালনের উন্নততর কাজ আমরা অবশ্যই করব। একজন আইন প্রয়োগকারী কর্মকর্তা এবং এই দপ্তরের একজন দায়িত্বশীল বেসামরিক ব্যক্তি হিসাবে আমার কাজ হল এই ৫টি বরোর সকল সম্প্রদায় এবং NYPD-র মধ্যে সেতু বন্ধন করা। একজন সরকারী প্রবক্তা হিসাবে আমি আমার এই ভূমিকা পালন করে যাব। আমাদের এই সিটি ব্যাপী প্রতিটি পরিবার এবং নাগরিকদের স্বাধীনতা ও ন্যায্য নাগরিক অধিকার সুনিশ্চিত করে অপরাধ হ্রাস করার জন্য আমাদের অঙ্গীকারবদ্ধ থাকতে পারব।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

**ক্রয়োপযোগী বাসস্থান তৈরী করা:** বিশেষ করে পুলিস অফিসার, শিক্ষক এবং সিটির অন্যান্য কর্মচারীদের জন্য নতুন সাশ্রয়ী মূল্যের বাসস্থান তৈরী করতে হবে, যাতে জনগণের সুবিধার জন্য তারা যে এলাকায় কাজ করেন সে এলাকাতে থাকতে পারেন। এরফলে নাগরিকবৃন্দ এবং পরিষেবাদানকারীদের মধ্যে একটি কার্যকরী সুসম্পর্ক গড়ে উঠবে।

**আমাদের অর্থনীতির উন্নতি ঘটাতে হবে:** স্থানীয় ব্যবসায়ীদের মধ্যে অর্থনৈতিক উন্নতি ঘটাতে হবে এবং গ্রিন টেকনোলজির উন্নতির মাধ্যমে যোগাযোগ ব্যবস্থা ও পরিকাঠামোর উন্নয়ন ঘটিয়ে নতুন নতুন কাজের সুযোগ সৃষ্টি করতে হবে। পাবলিক হেলথকেয়ারের সুযোগ সিটি পর্যায়ে প্রতিষ্ঠা করে স্বাস্থ্য বীমা ছাড়া ব্যক্তিদের এবং ব্যবসা সমূহের বোঝা হ্রাস করতে হবে।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

জনগণের নিরাপত্তা, সম্প্রদায়ের ক্ষমতায়ন, স্বাস্থ্য সেবা, আবাসন এবং নাগরিক অধিকার সুরক্ষিত করার ক্ষেত্রগুলিতে আমার ব্যাপক অভিজ্ঞতা রয়েছে এবং সকল বর্ণ ও শ্রেণীর মানুষ ও তার পাশাপাশি এই সিটিতে আগত নতুন নতুন অভিবাসি জনগণের মধ্যে সম্প্রদায়গত আন্তরিক ভাবের উন্নয়নের প্রতি আমি অঙ্গীকারবদ্ধ।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

www.wai4nyc.com | wai4nyc | wai4nyc | YouTube wai4nyc

# কম্পট্রোলার

কম্পট্রোলার সিটির মুখ্য আর্থিক অফিসার। কম্পট্রোলারের দায়িত্বের মধ্যে আছে: মেয়র ও সিটি কাউন্সিলকে সিটির আর্থিক অবস্থা সম্বন্ধে অবহিত রাখা; শহরের কাজকর্ম, আর্থিক নীতি ও আর্থিক লেনদেন সম্পর্কে সুপারিশ করা; সিটির এজেন্সিগুলির অডিট করা ও সিটির আর্থিক অবস্থা সংক্রান্ত যাবতীয় বিষয় অনুসন্ধান করে দেখা; কনট্র্যাক্ট রেজিস্টার ও অডিট করা; সিটির বণ্ড ইস্যু ও বিক্রি করা; সিটির সিংকিং ফাণ্ড ও অন্যান্য ট্রাস্ট এবং পেনশন ফাণ্ড ম্যানেজ করা; এবং সিটির কাজকর্ম থেকে অপচয় ও দুর্নীতি দূর করার জন্য পর্যালোচনা করা। কম্পট্রোলারের বার্ষিক বেতন $১৮৫,০০০।

» **ডেমোক্রেটিক প্রাথমিক** (D)
- এলিয়েট স্পিটজার (Eliot Spitzer)
- স্কট এম. স্ট্রিঙ্গার (Scott M. Stringer)

» **রিপাবলিকান প্রাথমিক** (R)
- রিচার্ড বজোলিক (Richard Bozulich)*
- জন বার্ণেট (John Burnett)

এই গাইডটি ছাপাখানায় যাবার পর উপরোক্ত প্রার্থীদের নাম থেকে কয়েকজনের নাম হয়তোবা ব্যালট থেকে বাদ দেয়া হয়েছে।

*প্রার্থীরা এই ভোটার গাইড মুদ্রনের সময় সম্পূর্ণ প্রোফাইল অন্তর্ভুক্ত করার জন্য প্রদান করেন নাই, কিন্তু অনেকেই অনলাইন গাইডের জন্য সামাজিক মিডিয়ার লিঙ্ক এবং ওয়েব সাইডের তথ্য দিয়েছেন; www.nyccfb.info/voterguide দেখুন।

## ডেমোক্রেটিক প্রাথমিক | **কম্পট্রোলার**

### এলিয়েট স্পিটজার (Eliot Spitzer)

**কম্পট্রোলার (D)**



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্র্যাটিক
**বর্তমান পেশা:** ব্যবসায়ী
**পূর্ববর্তী পেশা:** সাংবাদিক, নিউ ইয়র্কের নির্বাচিত কর্মকর্তা, প্রসিকিউটর
**শিক্ষাগত যোগ্যতা:** ল' স্কুল
**সাংগঠনিক সম্পৃক্ততা:** এনওয়াই বার
**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** জনগভর্নর ও এজি এনওয়াইএস, প্রসিকিউটর ম্যানহাট্টান ডিএ-র কার্যালয়

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে সিটির কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

সিটির আর্থিক ব্যবস্থার বলিষ্ঠভাবে তদারকি ও দীর্ঘ মেয়াদী দৃঢ় আর্থিক স্থায়িত্ব প্রদান নিশ্চিত করবো, তাছাড়া জনগণের জন্য বিশেষ স্বার্থের বিরুদ্ধে সিটির এই আর্থিক ক্ষমতা ব্যবহার করব।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি সমাধান করতে চাইবেন?**

একজন আজীবন নিউ ইয়র্কার হিসাবে আমি লক্ষ্য করেছি যে, জনসাধারণের হাতে যে ক্ষমতা ন্যস্ত প্রায়শই বিশেষ স্বার্থ তা অপব্যবহার করে। কিন্তু এমনটি হতে হবে বলে কোনো কথা না।

কম্পট্রোলারের তত্বাবধানে $১৪০ বিলিয়ন সম্পত্তি হিসাবে বৃহৎ ওয়াল ষ্ট্রীট ব্যাংকগুলোতে বিনিয়োগ করা আছে। এই ফাণ্ড জনগণের টাকা এবং তা জনগণের উন্নতির জন্য ব্যবহিত হতে হবে, ওয়াল ষ্ট্রীটের স্বার্থে নয়।

কম্পট্রোলারের কার্যালয়কে জনগণের এডভোকেটে রূপান্তরিত করে দায়িত্বশীল কর্পোরেট পরিচালনা ও CEO-র সম্মানী নিয়ন্ত্রণে রাখা জন্য আমরা বৃহৎ স্বার্থের জবাবদিহিতার ব্যবস্থা করব এবং ওয়াল ষ্ট্রীটের ক্ষমতাবানরা সততা ও ন্যায়সঙ্গত আচরণ করবে তা নিশ্চিত করব।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

কম্পট্রোলারের দায়িত্ব হল নিউইয়র্ক সিটির আর্থিক অবস্থা সুরক্ষিত রাখা। আপনারা যে ডলার দেন তা আপনাদের সেবায়, স্কুল ও রাস্তাঘাটের উন্নতির ফাণ্ড হিসাবে যায়। এই ডলার আপনাদের অবসর ভাতার পরিকল্পনা এবং অবসরের নিরাপত্তা দেয়।

এই নির্বাচনের মূল প্রশ্ন হল - আপনাদের হয়ে আন্দোলন করার জন্য আপনারা কাকে চান...কারণ এটা আপনাদের টাকা।

এটা কি সরকারী দুর্নীতি ছিল, ওয়াল ষ্ট্রীট ব্যাংকগুলো বা বীমা শিল্পের ক্ষমতাবানরা, আমি আমার কর্মজীবন শ্রমজীবী নিউ ওয়ার্কারদের পক্ষ হয়ে তাদের বিশেষ স্বার্থ রক্ষার জন্য ব্যয় করেছি। আমি একই ধরণের সংগ্রামের মনোভাব কম্পট্রোলারের কার্যালয়ে আনবো। আপনাদের অর্থ সঠিকভাবে দেখাশুনা করবে এমন কাউকে যদি আপানারা নির্বাচিত করতে চান, তবে আমি আপনাদের ভোট চাই।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন না।

www.spitzer2013.com

---

# প্রাথমিক নির্বাচন
# মঙ্গলবার, সেপ্টেম্বর ১০

সকাল **৬টা** থেকে রাত **৯টা** পর্যন্ত ভোট কেন্দ্রগুলো খোলা থাকবে

**রান অফ প্রাথমিক** নির্বাচন *(যদি প্রয়োজন হয়)*
**মঙ্গলবার, অক্টোবর ১লা**


## কোথায় ভোট দিবেন নিশ্চিত নয়?

**nyc.pollsitelocator.com**–এ আপনার ভোট কেন্দ্রের সাইটি ও নমুনা ব্যালট দেখুন বা **866-VOTE-NYC** নম্বরে ফোন করুন।

আপনার ছাপ দিন ভোট

## স্কট এম. স্ট্রিঞ্জার (Scott M. Stringer)

## কম্পট্রোলার (D)



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্রাটিক

**বর্তমান পেশা:** ২০০৬ সাল থেকে এখনও পর্যন্ত ম্যানহাটন বরো প্রেসিডেন্ট

**পূর্ববর্তী পেশা:** নিউ ইয়র্ক স্টেট অ্যাসেম্বলি মেম্বার, ডিস্ট্রিক্ট ৬৭

**শিক্ষাগত যোগ্যতা:** জন জে কলেজ অফ ক্রিমিনাল জাস্টিস থেকে B.A।

**সাংগঠনিক সম্পৃক্ততা:** N/A

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** ২০০৬ সাল থেকে এখনও পর্যন্ত ম্যানহাটন বরো প্রেসিডেন্ট; ১৯৯২ থেকে ২০০৫ সাল পর্যন্ত নিউ ইয়র্ক স্টেট অ্যাসেম্বলি মেম্বার, ডিস্ট্রিক্ট ৬৭

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে সিটির কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

সিটির রাজস্ব খাতে যাতে উন্নতি নিশ্চিত করা যায় এবং কর দেওয়া প্রতিটি ডলারের সুরক্ষার জন্য বিরামহীনভাবে কাজ করে যাব। সিটির সমস্ত খরচ আমি কোঠর ভাবে নিরীক্ষা করব এবং অপচয় ও অদক্ষতা সমূলে উৎপাটন করব। দায়যোগ্য লগ্নির মাধ্যমে আমাদের পেনশন তহবিল বৃদ্ধির জন্য কাজ করব এবং বিভিন্ন চুক্তির কারণে সিটির দুর্নীতি এবং অপচয় যাতে না হয় সে কারণে নজরদারী শক্তিশালী করব।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি সমাধান করতে চাইবেন?**

আমার সরকারী কর্ম জীবনে সারাজীবন ধরে আমি যেমনভাবে কাজ করে গেছি ঠিক সেইভাবে সরকারের কাজে স্বচ্ছতা এবং জবাবদিহিতা আনবার জন্য নতুন পরিমাপ নির্ধারণ করব। শহরের বাজেট নিরুপন থেকে অডিটকারী বিভিন্ন এজেন্সীগুলির কাজে কঠিন নজরদারী সহ আমি এই সরকারী কাজ এমনভাবে পরিচালিত করব যাতে প্রতিটি কর প্রদানকারীর সর্বোত্তম স্বার্থ সুরক্ষিত থাকে। আমাদের এই অর্থনীতিকে বিভিন্ন উদ্যমশীল পথে পরিচালিত করবার চেষ্টা করব এবং পাঁচটি বরোর প্রত্যেকটিতে উন্নয়নের যে ধারা পরিচালিত হচ্ছে তার সহযোগিতায় মধ্যবিত্ত শ্রেণী ও শ্রমজীবি পরিবারদের জন্য নতুন নতুন কাজের সুযোগ সৃষ্টি করব।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

আমার ২০ বছরের সরকারী কর্মজীবনে, আমি একজন প্রগতিশীল, সংস্কারপন্থী ডেমোক্র্যাট যে প্রকৃত লক্ষ্য অর্জন করেছি। বরো প্রেসিডেন্ট হিসাবে, বাইরের কনসালটেন্টদের জন্য সিটির লাগামহীন মিলিয়ন ডলারের ব্যয় নিউ ইয়র্কবাসীদের পরিশোধ করতে হয়, সেগুলো আমি প্রকাশ করব। শিক্ষা বোর্ডের পূর্বানুমানের ভিত্তিতে শিক্ষার্থী ভর্তি করার ব্যর্থতা আমি দেখিয়ে দিয়েছি এবং অতি প্রয়োজনীয় নতুন নতুন স্কুল ভবন নির্মাণ প্রক্রিয়া তরান্বিত করেছি। সরকারী আবাসনের ৭৫ শতাংশ এলিভেতটর পরিদর্শন প্রকৃয়ার উত্তীর্ণ হতে ব্যর্থ হওয়া সেগুলি মেরামতির জন্য লক্ষাধিক ডলার সংরক্ষিত করে আমি ভাড়াটিয়াদের জন্য বিজয় এনেছি। কম্পট্রোলার হিসাবে, এই সিটির বাসিন্দাদের সমান একতা, সক্রিয়তা আনব এবং তাদের জন্য সংগ্রাম করার অঙ্গীকারবদ্ধ।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

www.Stringer2013.com | Stringer2013 | Stringer2013

# রিপাবলিকান প্রাথমিক | মেয়র

## জন বার্ণেট (John Burnett)

## কম্পট্রোলার (R)



**যে রাজনৈতিক দলভুক্ত:** রিপাবলিকান

**বর্তমান পেশা:** হোয়াইট উলফ ক্যাপিটালের একজন পরামর্শদাতা বোর্ড সদস্য।

**পূর্ববর্তী পেশা:** জনের ২০ বছরের বেশী সময়ের অর্থনৈতিক পরিষেবার অভিজ্ঞতা আছে এবং প্রয়োগ, পরিচালনা, বিনিয়োগ দূরদর্শিতা এবং ঝুঁকি পরিচালনার ক্ষেত্রগুলিতে আভ্যন্তরীণ এবং আন্তর্জাতিক নেতৃত্বের ভূমিকা পালন করেছেন।

**শিক্ষাগত যোগ্যতা:** জন নিউইয়র্ক বিশ্ববিদ্যালয় থেকে লিডারশিপ এবং ম্যানেজমেন্ট স্টাডিতে সান্মানিক BS ডিগ্রী লাভ করেছেন এবং কর্ণেল বিশ্ববিদ্যালয়ের জনসন স্কুল অফ ম্যানেজমেন্ট থেকে একজন MBA হয়েছেন।

**সাংগঠনিক সম্পৃক্ততা:** আরবান রিসোর্স ইন্সটিটিউট বোর্ড ট্রাস্টী, পাবলিক এডুকেশন নীডস সিভিক ইনভলভমেন্ট ইন লার্নিং (P.E.N.C.I.L.), আলফা ফি আলফা ফ্রেটারনিটি ইনকরপোরেশন, – ন্যাশনাল এসোসিয়েশন অফ ব্ল্যাক একাউন্টস, ওয়ান হান্ডরেড ব্ল্যাক মেন, ইনকর্পোরেশনের আজীবন সদস্য।

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** জন সক্রিয় ভাবে ইউথ মনিটারিং কর্মসূচি, কমিউনিটি পরিষেবা এনহ্যান্সমেন্ট প্রজেক্টে, শিক্ষা এবং স্বাস্থ্য কর্মসূচিগুলিতে প্রত্যক্ষভাবে যুক্ত আছেন।

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে সিটির কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

আমি নিশ্চিত করব যাতে সিটির পেনসন পরিকল্পনাগুলি কার্যকরীভাবে পরিচালনা করা হয় এবং তার দ্বারা যেন সর্বোচ্চ বিনিয়োগ ফেরত পাওয়া যায়। যখন বিনিয়োগের পরিমাণ সর্বনিম্ন লক্ষে পৌঁছাতে পারে না, তখন করের ডলার পেনসন পরিকল্পনাগুলি তহবিলের জন্য ব্যবহার করা হয়। আমি করদাতাদের ডলারগুলি ব্যবহার করতে চাই না এবং নিশ্চিত করতে চাই যে পেনসন ফান্ডগুলি যেন অবসরকারীদের জন্য সর্বোচ্চ রিটার্ণে (ফেরৎ) বিনিয়োগ করা হয়।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি সমাধান করতে চাইবেন?**

আমি জনসাধারণের পরিষেবায় অখণ্ডতা পুনরুদ্ধারে সাহায্য করতে চাই। আমি সিটিব্যাপী ঝুঁকি মূল্যায়ন তৈরী করব এবং রাজস্বখাতে অপচয় এবং নিউ ইয়র্ক সিটির সরকারের মধ্যে প্রতারণা হ্রাস করে মূল্যকে সর্বোচ্চ পর্যায়ে আনার জন্য সংশোধনকারী কার্য পরিকল্পনা গ্রহণ করব। এই বাঁচানো খরচ আমাদের ভবিষ্যতের জন্য উৎপাদন বাড়াতে, কর্মসুযোগ তৈরী করতে এবং একটি উন্নততর শিক্ষা ব্যবস্থা করতে আমি পুর্নবিনিয়োগ করতে পারি।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

নিউইয়র্ক সিটি কম্পট্রোলার হলেন চিফ ফিনান্সিয়াল অফিসার (CFO)। এই কার্যালয়ের কর্তব্যগুলি হল পেনসন ফান্ডের কার্য দক্ষতার প্রতি দৃষ্টি রাখা, সিটি এজেন্সীগুলির অডিট করা এবং আর্থিক বিষয়গুলির উপরে পরামর্শ দান। আমি নিউ ইয়র্ক সিটি ভোটদাতাদের একজন কম্পট্রোলার হিসাবে আমাকে কাজ করার জন্য নির্বাচিত করতে অনুরোধ করছি যে কাজগুলি আমি গত ২০ বছর ধরে করে আসছি, যেমন, বিনিয়োগ পোর্টফোলিও, অডিট, নিয়ম নীতি প্রয়োগ, চুক্তিবদ্ধ প্রশাসন, বাজেট করা এবং অর্থনৈতিক কাজকর্ম।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

www.JohnBurnett2013.com | JohnBurnett2013 | JohnBurnett2013 | YouTube JohnBurnett2013


# nyc votes | ওয়েব | মোবাইল | মুদ্রণ | ভিডিও | সামাজিক




**টিভি ও ভিডিও ভোটার গাইড এবং বিতর্ক সমূহ**

NYC Votes ভোটের বিতর্ক দেখুন। আপানার বারোর ভিডিও গাইডটি দেখুন.




**অনলাইন ভোটার গাইড**

অনলাইনে গাইডটি দেখুন **www.nyccfb.info/voterguide.**




**মোবাইল এপ্লিকেশন**

আপনার মোবাইল ডিভাইজ থেকে **www.nycvotes.org**–এ দেখুন

# বরো প্রেসিডেন্ট

বরো প্রেসিডেন্টরা প্রতিটি বরোর প্রধান প্রশাসক হিসাবে কাজ করেন। তাঁদের নিজ নিজ বরোর জন্য বার্ষিক প্রশাসনিক বাজেট তৈরির ক্ষেত্রে মেয়রের সঙ্গে পরামর্শ করার অধিকার তাঁদের আছে; বাজেটের অগ্রাধিকার, ক্যাপিটাল প্রোজেক্ট ও অন্যান্য বিষয়ে সুপারিশ করার অধিকার আছে; জমি-ব্যবহার ও সিটির প্রস্তাবিত ফেসিলিটিগুলির জায়গা সংক্রান্ত সিদ্ধান্ত পর্যালোচনা করার অধিকার আছে; নাগরিক পরিষেবা প্রদান ও কন্ট্রাক্টদের সম্পাদিত কাজের ওপর নজর রাখার অধিকার আছে; এবং সিটি কাউন্সিলে আইন প্রবর্তনের অধিকার আছে। বরো প্রেসিডেন্টরা বার্ষিক $১৬০,০০০ বেতন পান।

» **ডেমোক্রেটিক প্রাথমিক** (D)

টনি অ্যাভেলা (Tony Avella)
এভারলি ডি. ব্রাউন (Everly D. Brown)
মেলিন্ডা কাটজ় (Melinda Katz)
পিটার এফ. ভ্যালোন জুনিঃ (Peter F. Vallone Jr.)

এই গাইডটি ছাপাখানায় যাবার পর উপরোক্ত প্রার্থীদের নাম থেকে কয়েকজনের নাম হয়তোবা ব্যালট থেকে বাদ দেয়া হয়েছে।

## ডেমোক্রেটিক প্রাথমিক | **বরো প্রেসিডেন্ট**

### টনি অ্যাভেলা (Tony Avella)

**কুইন্স বরো প্রেসিডেন্ট** (D)



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্রাটিক

**বর্তমান পেশা:** স্টেট সেনেটর

**পূর্ববর্তী পেশা:** সিটি কাউন্সিল মেম্বার ২০০২-২০০৯

**শিক্ষাগত যোগ্যতা:** হান্টার কলেজ থেকে BA ডিগ্রি লাভ

**সাংগঠনিক সম্পৃক্ততা:** নাইটস অফ কলম্বাস, নাইটস অফ পাইথিয়াস, মেসনস, NAACP, সিয়েরা ক্লাব, কিয়ানিস

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** মেয়র এডি কোজের সময় কুইন্স রিপ্রেজেন্টেটিভ, কমিউনিটি বোর্ড#৭-র প্রাক্তন সদস্য

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কুইন্সের কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

সিটি পরিষেবার যথাযথ অংশ কুইন্স কখনও পায় নাই - এই বিষয়টির অবশ্যই পরিবর্তন করতে হবে। বরো প্রেসিডেন্ট হিসাবে, আমি অবশ্যই লড়াই চালাব যাতে প্রতিটি নাগরিক তাদের জীবনের গুণগত মানের পরিবর্তনের জন্য বিভিন্ন প্রয়োজনীয় সম্পদগুলি পেতে পারে। আমাদের এখানকার স্কুলগুলি উন্নতিসাধনের জন্য ও তার সঙ্গে সঙ্গে সহজেই যাতে কমপিউটার এবং স্মার্টবোর্ড ব্যবহার করে "শুধু পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার জন্য শিক্ষা" পদ্ধতি পরিসমাপ্তি করা। কুইন্স প্রয়োজন আরো অধিক স্বাস্থ্য পরিষেবা, সকলের জন্য পথ ও বিভিন্ন পার্কের জন্য তহবিল সংগ্রহ করা, গাছ লাগানো, কার্বস, গ্রন্থাগার এবং যুব সম্প্রদায়, বয়স্ক নাগরিক ও ভেটারেন্সদের জন্য বিভিন্ন কর্মসূচির ব্যবস্থা করা।

tonyavellaforqueens.com

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

কুইন্স হলো একটি আবাসিক বরো। বরো প্রেসিডেন্ট হিসাবে, প্রতিটি সম্প্রদায়ের স্বতন্ত্র চরিত্রিক বৈশিষ্টগুলো লক্ষে কাজ করে যাব, অতি উন্নয়ন শেষ করে এবং রকওয়েজকে ফিরিয়ে দেবার চেষ্টা করব। সিটির দুটি বিমানবন্দরই কুইন্সে অবস্থিত, কিন্তু এই শব্দ দূষণের কুইন্স কিছুই পায় না। এই অবস্থার পরিবর্তন এবং শব্দ দূষণ কমানোর জন্য লড়াই করব। বরো প্রেসিডেন্টের ল্যান্ড ইউজ নিয়ম ব্যবহার করে, আমি সিটির বিভিন্ন নাগরিক গোষ্ঠির, কমিউনিটি বোর্ড এবং নগরবাসীদের পরিকল্পনা রচনার ক্ষেত্রে তাদের অন্তর্ভুক্ত করব যাতে সকলেই তাদের চারপাশে প্রতিনিয়ত কি ঘটছে সে বিষয়ে কথা বলতে পারে। যে এলাকায় যে বাস করে সেই এলাকার কথা তার চেয়ে ভালো আর কেউ জানে না - তাই সময় এসেছে সিটিকে এখন আপনার কথা শুনতে হবে। এই দেশের মধ্যে কুইন্স হলো সবচেয়ে বৈচিত্রপূর্ণ কাউন্টি। একজন সেনেটর হিসাবে আমি যা করেছি, তার কথা মাথায় রেখে এই সিটির বিভিন্ন ধর্মীয় এবং জাতিগত গোষ্ঠীগুলিকে একত্রীকরণ করব এবং এইভাবে নিশ্চিত করব যাতে প্রতিটি সম্প্রদায় সরকারী প্রকল্পগুলির অংশ হয়ে ওঠে এবং তহবিল ব্যবহারের অংশীদার হয়ে ওঠে।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

একটা এমন সিটি যার সমস্ত পরিষেবা মেয়র নিয়ন্ত্রণ করে, তাই কুইন্সের দাবীদাওয়া আদায়ের জন্য একজন শক্তিশালী স্বাধীনচেতা বরো প্রেসিডেন্ট হওয়া খুবই প্রয়োজন। একজন সংস্কারক ও স্বতন্ত্র নেতা হিসাবে আমার অতীত রেকর্ড প্রমান করে আমি মেয়র, কাউন্সিল স্পীকার বা গর্ভনর পদে আসীন হবার ক্ষেত্রে সর্বদা প্রস্তুত যাতে আমি আমাদের সমস্ত চাহিদা পূরণের জন্য লড়াই চালাতে পারি। যেমন ধরুন, একজন কাউন্সিল মেম্বার হিসাবে, আমি সেই দিকে দৃঢ়তার সাথে ভোট দিয়েছি যা জনগণের ইচ্ছার বিরুদ্ধে পদগুলির সময়কাল বাড়ানোর বিরোধী। বাড়িমালিকদের ও ভাড়াটিয়াদের অধিকার সুরক্ষিত করার পক্ষে আমার ভোট দিয়েছি, আমি সম্পত্তি (প্রপার্টি) কর ১৮.৪৯ শতাংশ বৃদ্ধির বিরুদ্ধে ভোট দিয়েছি যা সিটির ইতিহাসে সর্বাধিক হারে বৃদ্ধি হতে যাচ্ছিল।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

---

### এভারলি ডি. ব্রাউন (Everly D. Brown)

**কুইন্স বরো প্রেসিডেন্ট** (D)



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্র্যাটিক

**বর্তমান পেশা:** ডেভেলপার, ফোরক্লোজার কনসালটেন্ট, ফাইন্যান্সিয়াল কনসালটেন্ট এবং বিনিয়োগকারী। কমিউনিটি সংগঠক কুইন্স-এ ব্যবসায়ী।

**পূর্ববর্তী পেশা:** ডেভেলপার, ফোরক্লোজার কনসালটেন্ট, ফাইন্যান্সিয়াল কনসালটেন্ট এবং বিনিয়োগকারী।

**শিক্ষাগত যোগ্যতা:** সেন্ট ফ্রান্সিস কলেজ থেকে ব্যাচেলর ডিগ্রি, বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন-এ ওয়াশিংটন বিজনেস ইন্সটিটিউট অ্যাসোসিয়েটস ডিগ্রি। ডেল কার্নেগি ইন্সটিটিউট থেকে পাবলিক স্পিকিং, কলেজ অফ আর্টস, সায়েন্স অ্যান্ড টেকনলজি জ্যামাইকা WI বিজনেস স্টাডিজ, সেন্ট জন ইউনিভার্সিটি বেসিক রিয়েল এস্টেট ল।

**সাংগঠনিক সম্পৃক্ততা:** ন্যাশানাল অকশন নেটওয়ার্ক, বিভিন্ন সিভিক অ্যাসোসিয়েশনস এবং চ্যারিটিগুলি।

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** NY স্টেট অ্যাসেম্বলি, NYC কাউন্সিল, NYS সেনেটর প্রার্থী।

www.everlybrown2013.com

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কুইন্সের কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

কুইন্স-এর বাসিন্দাদের জীবনের মান। সরাসরি সরকারে অংশগ্রহণের দ্বারা আমি কুইন্সের নাগরিকদের মান উন্নয়নে বিশ্বাস করি। বরো প্রেসিডেন্সি প্রশাসনের স্বচ্ছতার সংস্কার সাধন। শিক্ষার জন্য একটি টাস্ক ফোর্স গঠন, যারা মূল্যায়ন এবং কুইন্সের স্কুলগুলির উন্নতির জন্য পরিবর্তনের প্রস্তাব দেবে। কমিউনিটির পরিষ্কার করার জন্য অর্থের বৃদ্ধি। প্রাথমিকভাবে আমাদের কুইন্সের বর্তমান অবস্থা নিয়ে গর্বিত হতে হবে।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

স্থানীয় প্রশাসনে সততার পুনরুদ্ধার। স্বচ্ছতার মাধ্যমে সিস্টেমের মধ্যে আস্থা তৈরি করতে হবে ও তা বজায় রাখতে হবে। আমি এমন একটি পদ্ধতি শুরু করতে চাই যার ফলে কুইন্স-এর বাসিন্দারা সরাসরি কুইন্স বরো প্রেসিডেন্টের সঙ্গে দ্বি-সাপ্তাহিকভাবে যোগাযোগ করে তাদের উদ্যোগগুলো ব্যক্ত করতে পারে।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

গত তিরিশ বছর ধরে কুইন্সের বাসিন্দা ও কুইন্সের নেতা হিসাবে, কুইন্সের নাগরিকদের যে বিষয়গুলি প্রভাবিত করে সেগুলো সম্পর্কে আমার গভীর এবং সূক্ষ্ম জ্ঞান আছে। কমিউনিটি সংগঠনকারী রূপে আমার কার্যকালে,আমি কমিউনিটি নির্মাণের বিশেষজ্ঞতা পেয়েছি এবং কুইনস ও তার নাগরিকদের প্রতি আমার আস্থা আছে। নির্বাচনী এলাকার পক্ষে অক্লান্তভাবে কাজ করার উদ্যম এবং প্রেরণা আমার আছে।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

## মেলিন্ডা কাটজ্ (Melinda Katz)

**কুইন্স বরো প্রেসিডেন্ট (D)**



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্র্যাটিক

**বর্তমান পেশা:** কুইন্স বরো প্রেসিডেন্টের জন্য সর্বক্ষণের প্রার্থী

**পূর্ববর্তী পেশা:** নিউ ইয়র্ক সিটি কাউন্সিল সদস্য (২০০২-২০০৯); কুইন্স বরো সভাপতির কার্যালয়ে (১৯৯৯-২০০২) পর্যন্ত কমিউনিটি বোর্ডের পরিচালক; নিউ ইয়র্ক স্টেট অ্যাসেম্বলি সদস্য (১৯৯৪-১৯৯৮); অ্যাটর্নী

**শিক্ষাগত যোগ্যতা:** J.D, সেন্ট জনস ইউনির্ভাসিটি স্কুল অফ ল; B.A, ইউনির্ভাসিটি অফ মাসাচুসেটস, হিলক্রেস্ট হাই স্কুল

**সাংগঠনিক সম্পৃক্ততা:** সাবেক বোর্ড সদস্য, কুইন্স সিমফনি অর্কেস্ট্রা; প্রাক্তন বোর্ড সদস্য, কুইন্স জিউইশ কমিউনিটি কাউন্সিল; ডিস্ট্রিক্ট লিডার, রবার্ট এফ কেনেডি ডেমোক্রাটিক ক্লাব

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** ল্যান্ড ইউজ কমিটির কাউন্সিল সদস্য এবং চেয়ারম্যান; কুইন্স বরো প্রেসিডেন্ট কার্যালয়ের কমিউনিটি বোর্ডের পরিচালক; নিউ ইউর্ক স্টেট অ্যাসেম্বলির সদস্য।

www.melindakatz.com | MelindaKatzForQueens | MelindaKatz

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কুইন্সের কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

কুইন্সকে আমাদের এমনভাবে গড়ে তুলতে হবে যেখানে মধ্যবিত্ত পরিবারগুলি সুন্দরভাবে বসবাস করতে পারবে, কাজ করতে এবং তাদের পরিবারকে ভালভাবে বেড়ে উঠতে পারে। অর্থাৎ কুইন্সের শিল্পাঞ্চলগুলির সংস্কার করে কুইন্সের সকল অংশে ভালো **কাজের সুযোগ তৈরী করা**,নিশ্চিত করতে হবে যাতে আমাদের এখানের **স্কুলগুলি যেন খুব ভাল ফল করে** এবং যেন প্রবীণ এবং মধ্যবিত্ত পরিবারের **ক্রয়োপযোগী** বাড়ির ব্যবস্থা করা যায়।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

হ্যারিকেন স্যান্ডির পরবর্তী অবস্থাকে নতুনভাবে গড়ে তোলার সব থেকে বেশী গুরুত্ব আরোপ করতে হবে, যাতে আমরা পরবর্তী কোন ঝড়ের জন্য নিজেদের প্রস্তুত রাখতে পারি। সঙ্ঘবদ্ধ অপরাধীচক্র ও অস্ত্রধারীদের হামলা বন্ধ করে **আমাদের রাস্তাঘাটকে সুরক্ষিত রাখতে হবে**, আমাদের সন্তানরা ভাল আফটার-স্কুলের পরে সুযোগ পায় সেদিকে লক্ষ্য রাখতে এবং বর্তমান স্টপ-অ্যান্ড-ফ্রিস্ক পলিসিগুলি সংশোধন করে কার্যকরী এবং সুন্দর করা। উপসংহারে আমি একথা বলতে পারি যে আমাদের নেইবারহুদের চারপাশের পরিবেশ বজায় রেখে **আরো অনেক সাশ্রয়ী মুল্যে আবাসন তৈরী করব** যেখানে আমি ল্যান্ড ইউজ কমিউনিটির কাউন্সিলের চেয়ারম্যান থাকাকালীন আমার যা অভিজ্ঞতা আছে সেগুলি এখানে প্রয়োগ করব।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

কুইন্স বরোর সঙ্গে আমার গভীরতম সম্পর্ক কারণ আমি কুইন্সে জন্মগ্রহণ করে এবং এখানে বেড়ে উঠেছি ঠিক সেইভাবে **আমার দুটি ছোট ছেলে এখানেই বড় হচ্ছে, তাই আমি গর্বিত।** আমি সিটি ও ষ্টেট সরকারের অধীনে কাজ করেছি, এবং বরো প্রেসিডেন্ট ক্লেয়ার শুলমানের অধীনে কমিউনিটি বোর্ডের একজন নির্দেশক হিসাবে কাজ করেছি। **এই কুইন্স শহরের বিভিন্ন সম্প্রদায়গুলিকে আমি একসঙ্গে নিয়ে আসার ব্যাপারে প্রতিজ্ঞাবদ্ধ, তাদের সকলের জন্য একটি সাধারণ ক্ষেত্র খুঁজে বের করব এবং এই কাজের জন্য প্রগতিশীল সমাধানের বিষয়ে কাজ করব**।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

---

## পিটার এফ. ভ্যালোন জুনিঃ (Peter F. Vallone Jr.)

**কুইন্স বরো প্রেসিডেন্ট (D)**



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্র্যাটিক

**বর্তমান পেশা:** সিটি কাউন্সিল সদস্য, ডিস্ট্রিক্ট ২২; পাবলিক সেফটি কমিটি-র চেয়ার

**পূর্ববর্তী পেশা:** প্রসিকিউটার, ম্যানহ্যাটান ডিস্ট্রিক্ট অ্যাটর্নিস অফিস; পার্টনার - ভ্যালোন অ্যান্ড ভ্যালোন

**শিক্ষাগত যোগ্যতা:** ম্যাগনা কাম লড এবং ফাই বিটা কাপ্পা-তে গ্র্যাজুয়েশন করেছেন ফোর্ডহ্যাম কলেজ এবং ফোর্ডহ্যাম ল স্কুল থেকে

**সাংগঠনিক সম্পৃক্ততা:** CHOKE; ট্যামিমেন্ট ডেমোক্র্যাটিক ক্লাব; অ্যাস্টোরিয়া সিভিক অ্যাসোসিয়েশন; শেয়ারিং অ্যান্ড কেয়ারিং

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** ২০০১ সাল থেকে নিউ ইয়র্ক সিটি কাউন্সিল সদস্য

www.petervallone.com | peter.vallone.96 | pfvjr

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কুইন্সের কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

অনেক কমিউনিটির মানুষ আপনাকে বলবে যে,আবার অপরাধ বৃদ্ধি পাচ্ছে। আমাদের এবং আমাদের পরিবারের সুরক্ষার জন্য, শুধুমাত্র রাস্তাগুলি নিরাপদ করা যথেষ্ট নয়; এটি আমাদের অর্থনীতির উন্নতি এবং আমাদের জীবনের মানের অন্যান্য সব দিকের সমাধান। সিটি কাউন্সিলের পাবলিক সেফটি-র চেয়ার হিসেবে, অপরাধ ৩৫% কম করা এবং সন্ত্রাসী, যৌন অপরাধী এবং গ্রাফিটি দ্বারা নষ্টাকারীদের ধরার জন্য আমি ঘনিষ্ঠভাবে NYPD কমিশনার Ray Kelly (রে কেলি)-র সঙ্গে কাজ করেছি। বরো প্রেসিডেন্ট হিসাবে, আমি প্রতিজ্ঞা করছি যে কুইন্স-কে দেশের সবচেয়ে নিরাপদ সিটির সবচেয়ে নিরাপদ বরো বানানোর জন্য লড়াই অব্যাহত রাখব।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

এই মুহূর্তে, আমাদের ক্ষুদ্র ব্যবসাগুলি এবং বাড়ির মালিকেরা এই সিটির প্রশাসন দ্বারা আক্রান্ত। আমাদের দোকান এবং রেস্টুরেন্টগুলিকে বিনা কারণে জরিমানা দিতে হচ্ছে। আমাদের প্রপার্টি ট্যাক্স এবং ওয়াটার ট্যাক্স (সম্পত্তি ও পানির বিল) অবিরত বেড়েই চলেছে। আমাদের ক্ষুদ্র ব্যবসাগুলিকে সাহায্য করার জন্য আমি সিটি কাউন্সিলে আইন জারি করেছি এবং অল্প কয়েকজন সদস্যের সাথে আমি প্রপার্টি ট্যাক্সের বিরুদ্ধে ভোট দিয়েছি। বরো প্রেসিডেন্ট হিসেবে, আমি কুইন্সের জীবনযাত্রার সঙ্গে জড়িয়ে থাকা বাড়ি এবং ব্যবসার সুরক্ষা অব্যাহত রাখব।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

এই নির্বাচনী দৌড়ে আমিই একমাত্র ব্যক্তি যার, মানুষকে নিরাপত্তা দেওয়া এবং ক্ষুদ্র ব্যবসা চালানোর বাস্তব অভিজ্ঞতা আছে। আমি প্রসিকিউটর হিসেবে আমার কর্মজীবন শুরু করি এবং পরে আমার পরিবারের ছোট আইন ব্যবসা চালাচ্ছি দশ বছর ধরে। সরকারী পদ খুবই উচ্চ আদর্শের, কিন্তু আমাদের প্রয়োজন, বাইরের অভিজ্ঞতা এবং দৃষ্টিভঙ্গী যুক্ত নেতার যিনি কুইন্সের মধ্যবিত্ত পরিবারের স্বার্থের সত্যিকারের সুরক্ষা করতে পারবেন। কুইন্সের ভোটদাতারা আমাকে বিশ্বাস করতে পারেন, কারণ আমি এই পদে ছিলাম এবং তাদের জন্য যা সত্যিকারের গুরুত্বপূর্ণ কী তা বুঝতে পারি।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

---

# অনলাইনে প্রার্থীদের সম্পর্কে জানুন

অনেক প্রার্থীরা তাদের প্রোফাইলে **সামাজিক মিডিয়ার** তথ্যাদি প্রদান করেছেন। এই সাইডগুলো দেখার জন্য নিম্নোক্ত ঠিকানা ব্যবহার করুন, সরাসরি তাদের পাতায় যাওয়ার জন্য ইউআরএল (URL)-এর শেষে প্রার্থীর একক শনাক্তকরণ লিখুন।

www.facebook.com/

www.twitter.com/

www.youtube.com/

www.linkedin.com/

# সিটি কাউন্সিল মেম্বার

সিটি কাউন্সিল হল নিউ ইয়র্ক সিটি প্রশাসনের আইনি, বা আইন প্রণয়নকারী শাখা। সিটি কাউন্সিল স্থানীয় আইন পাস করা, জমি ব্যবহার সংক্রান্ত সিদ্ধান্ত নেওয়া, সিটি এজেন্সিগুলির ওপর নজর রাখা ও অনুসন্ধান চালানো এবং শহরের বাজেট অনুমোদনের দায়িত্ব বহন করে। প্রত্যেক কাউন্সিল সদস্য ৫১টি নিউ ইয়র্ক সিটি কাউন্সিল ডিস্ট্রিক্টের কোনো একটির প্রতিনিধিত্ব করেন। কাউন্সিল সদস্যরা বছরে $১১২,৫০০ বেতন পান। কাউন্সিল লীডার এবং কমিটির সভাপতিরা বাড়তি বেতন পান। কাউন্সিল সদস্যরা তাঁদের কাউন্সিল আসন ছাড়াও অন্য পদ বহন করতে পারেন।

» **কাউন্সিল ডিস্ট্রিক্ট 19**
**ডেমোক্রেটিক প্রাথমিক** (D)
জন এফ. ডুয়ান (John F. Duane)
পল ডি. গ্রাজিআনো (Paul D. Graziano)
অস্টিন আই. শাফরান (Austin I. Shafran)
পল এ. ভ্যালোন (Paul A. Vallone)
ক্রিসি ভোসকেরিশিয়ান (Chrissy Voskerichian)

» **কাউন্সিল ডিস্ট্রিক্ট 20**
কোন প্রাথমিক নেই

» **কাউন্সিল ডিস্ট্রিক্ট 21**
কোন প্রাথমিক নেই

» **কাউন্সিল ডিস্ট্রিক্ট 22**
**ডেমোক্রেটিক প্রাথমিক** (D)
জন জে. সিয়াফন (John J. Ciafone)
কস্টা কস্টানটিনাইডস (Costa Constantinides)
কনস্ট্যানটিনোস প্রেন্টজাস (Constantinos Prentzas)

এই গাইডটি ছাপাখানায় যাবার পর উপরোক্ত প্রার্থীদের নাম থেকে কয়েকজনের নাম হয়তোবা ব্যালট থেকে বাদ দেয়া হয়েছে।

## ডেমোক্রেটিক প্রাথমিক | সিটি কাউন্সিল ডিসট্রিক্ট 19

### জন এফ. ডুয়ান (John F. Duane)
**১৯ তম সিটি কাউন্সিল ডিসট্রিক্ট (D)**



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্রেটিক

**বর্তমান পেশা:** পিতা, অ্যাটর্নি এবং ভোক্তাদের পক্ষের

**পূর্ববর্তী পেশা:** ক্ষুদ্র ব্যবসায়ের মালিক, সহকারী এটর্নি জেনারেল, অ্যাসেম্বলির সদস্য

**শিক্ষাগত যোগ্যতা:** হোলি ক্রস হাই স্কুল, কোলগেট বিশ্ববিদ্যালয় এবং কলম্বিয়া ল স্কুল

**সাংগঠনিক সম্পৃক্ততা:** আমি অনেকগুলি স্থানীয় সংগঠনের সাথে জড়িত আছি যার মধ্যে আছে ওয়েস্টল্যান্ড সিভিক অ্যাসোসিয়েশন, নাইটস অফ কলম্বাস, লিটল নেক ডগলাস্টন হিস্টোরিকাল সোসাইটি, অ্যালি পন্ড এনভায়রনমেন্টাল সেন্টার, কুইন্স হিস্টোরিকাল সোসাইটি, এবং লিটল নেক কমিউনিটি অ্যাসোসিয়েশনের প্রাক্তন উপসভাপতি। ২০১১ সালে, আমাকে লিটল নেক ডগলাস্টন স্মৃতি প্রাত্যহিক কুচকাওয়াজের সমাজসেবা পুরস্কার দিয়ে সম্মানিত করা হয়েছিল। আমি লিটল লিগকে প্রশিক্ষণ দিয়েছিলাম এবং সার্ভিসেস নাউ ফর অ্যাডাল্ট পারসনস নামক পরিষেবাদানের ব্যবস্থা চালু করেছিলাম যারা গুরুত্বপূর্ণ পরিষেবা দিত এবং হাজার হাজার বয়স্ক ব্যক্তিদেরকে গরম খাবার পরিবেশন করত। আমি হলাম অভিবাসনকারীদের পৌত্র যে কিনা নব্য আমেরিকীয়দের যে জীবন সংগ্রাম করতে হয় সেটা বুঝতে পারে এবং তাঁরা যে আমাদের সমাজের জন্য কি ধরণের অবদান রাখছেন সেটার মূল্য দিতে পারে।

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** একজন প্রাক্তন সহকারী এটর্নি জেনারেল হিসাবে কাজ করার সময় আমি কন এড-এর বিরুদ্ধে দাঁড়িয়ে করদাতাদের পক্ষে ৩০ মিলিয়ন ডলার পরিমাণের টাকা আদায় করেছিলাম। আমার অ্যাসেম্বলি সদস্য থাকাকালীন, আমি ২২টি আইনের রচয়িতা ছিলাম যার মধ্যে আছে ভিয়েতনাম যুদ্ধের প্রাক্তনীদের টিউশন সহায়তা আইন।

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কাউন্সিল ডিস্ট্রিক্ট 19-র কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**
আমি আমাদের সমাজের সেবা করার জন্য সিটি কাউন্সিলের পূর্ণ সময়ের সদস্য হিসাবে কাজ করব এবং আমার মূল লক্ষ্য হবে আমাদের জীবনের সার্বিক গুণগত মান উন্নয়ন এবং এগুলি নির্ধারণকারী জটিল কারকগুলিকে সামলানো। ফলাফল থেকেই মূল্যায়ন হয়।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**
সার্বিক উন্নয়ন, কর্মসংস্থান সৃষ্টি, শিক্ষা, জননিরাপত্তা এবং সরকারি দুর্নীতি হল এমন সব ক্ষেত্র যেখানে আমরা আরও ভালো কিছু করতে পারি এবং অবশ্যই তা করতে হবে।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**
আমি উত্তর-পূর্ব কুইনস্ অঞ্চলে জন্মেছি এবং বড় হয়েছি এবং এক সময় আমি আমার পরিবারকেও এখানেই একজন একাকী পিতা হিসাবে প্রতিপালন করেছি। আমি এই বিশেষ স্থানটির উন্নয়ন ঘটানোর জন্য প্রতিশ্রুতিবদ্ধ যেটাকে আমি আমার ঘর বলে মনে করি। আমি আমার জীবনব্যাপী কাজ করে গেছি ক্ষমতাশীল, বিশেষ স্বার্থপরায়ণ মহলকে চ্যালেঞ্জ করে, তাদেরই পক্ষে যাদের কথা প্রায়শই শোনা যায় না। আমার নির্বাচকমণ্ডলীর হয়ে কাজ করার জন্য আমি আমার সেই অভিজ্ঞতাকে কাজে লাগাব এবং আমাদের শহরকে, এবং বিশেষত উত্তর-পূর্ব কুইন্সকে থাকার, কাজ করার এবং পরিবার প্রতিপালনের জন্য একটা অপেক্ষাকৃত ভালো স্থানে পরিণত করার চেষ্টা করব।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

www.johnfduane.com | John4Council | JohnFDuane

---

### পল ডি. গ্রাজিআনো (Paul D. Graziano)
**১৯তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট (D)**



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্রেটিক

**বর্তমান পেশা:** আরবান প্লানিং/হিস্টোরিক প্রিসার্ভেশন (শহর পরিকল্পনা/ঐতিহাসিক সংরক্ষণ) পরামর্শদাতা এবং প্রবক্তা

**পূর্ববর্তী পেশা:** একই

**শিক্ষাগত যোগ্যতা:** আরবান অ্যাফেয়ার্সে M.S. - হান্টার কলেজ (CUNY) ১৯৯৯; আমহারস্ট ১৯৯৩ ম্যাসাচুসেটস বিশ্ববিদ্যালয়ের তুলনামূলক সাহিত্যে B.A.; ব্রঙ্কস হাই স্কুল অফ সাইন্স ১৯৮৮

**সাংগঠনিক সম্পৃক্ততা:** সেভ ফ্লাশিং মিডোজ-করোনা পার্ক, কুইনস সিভিক কংগ্রেস, হিস্টোরিক ডিস্ট্রিক্ট কাউন্সিল, ফোর্ট টটেন কনসারভেন্সী, নর্থ ফ্লাশিং সিভিক এসোসিয়েসন

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** তখনকার শহর কাউন্সিল সদস্য/আঞ্চলিক কমিটি চেয়ার টনি এভেল্লার (এখন স্টেট সেনেটর) পরিকল্পনা, সংরক্ষণ এবং ভূমি ব্যবহার পরামর্শদাতা এ একই সঙ্গে ১৯তম কাউন্সিল ডিস্ট্রিক্টের নাগরিক/গৃহঅধিকারী এসোসিয়েসনগুলির পরামর্শদাতা।

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কাউন্সিল ডিস্ট্রিক্ট 19-এর কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**
**# ১ বিষয়গুলি যা কয়েক দশক ধরে ১৯তম ডিস্ট্রিক্ট কাউন্সিলকে প্রভাবিত করেছে:**
**মাত্রাতিরিক্ত উন্নতি, যা আমাদের স্কুলগুলি, পরিকাঠামো, ট্রাফিক এবং জীবনের সাধারণ বৈশিষ্ঠ্যগুলির উপরে নেতিবাচক প্রভাব ফেলেছে।** যেমন R2A "এন্টি-ম্যাকম্যানসন" জোনের লেখক ও নেবারহুড-ওয়াইড ডাউনজোনিংএর রুপকারের কর্ম যা ২০০৪ থেকে সমগ্র ১৯তম ডিস্ট্রিক্ট কাউন্সিলে গ্রহণ করা হয়েছিল, এবং এখন থেকে আমাদের নেইবাহুডকে আঞ্চলিক রিফর্ম, ভূমি চিহ্নিতকরণ এবং পার্কের জমি অধিগ্রহণের মাধ্যমে সুরক্ষিত এবং সংরক্ষিত করে রাখতে আমার দক্ষতা আমি ব্যবহার করে যাব।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**
স্কুল ডিস্ট্রিক্ট ২৫ এবং ২৬ স্কুলগুলির জন্য **অর্থবোধক শিক্ষা সংস্কার।** এর অন্তর্গত আছে শিক্ষা বিভাগের এক সমাপ্তি এবং একটি বিকেন্দ্রীকরণ সিস্টেমের সৃষ্টি যা নর্থইস্ট কুইন্সের অভিভাবকদের আমাদের সন্তানদের ভবিষ্যতের ব্যাপারে কথা বলার ব্যাপারটি নিশ্চিত করবে। বাণিজ্যকরণ থেকে **আমাদের সরকারী উদ্যানভূমি রক্ষা করে** এবং নর্থইস্ট কুইন্সের উদ্যানভূমির জন্য অবশিষ্ট অনুন্নত ভূমিকে সরকারী অধিগ্রহণের দ্বারা, যার মধ্যে আছে উদালস কোভের জলভূমি, পুরানো ফ্লাশিং এয়ারপোর্ট এবং হোয়াইস্টোনের ক্রেস্টহেভেনের অবশিষ্টাংশ, যেগুলি হল সংকটপূর্ণ। **আমাদের ঐতিহাসিক নেইবারহুডের এলাকাগুলির ভূমি চিহ্নিতকরণ** করতে হবে যেমন ব্রডওয়ে-ফ্লাশিং, বীচ কোর্ট এবং বেলকোর্ট। **পরিকাঠামোগত আধুনিকরণ**, যার মধ্যে আছে ময়লা যাওয়ার নালা নর্দমা, রাস্তা এবং (টর্নেডো এবং সুপারস্টর্ম স্যান্ডির পরে) মাটির নিচে বৈদ্যুতিক লাইন পাতা।


**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**
**গত দুই দশক ধরে আমাদের বক্তব্য শুনিয়ে আমি আমাদের নেইবারহুড এলাকাকে অতি উন্নতির হাত থেকে রক্ষা করতে সাহায্য করে আসছি।** একটি নির্দিষ্ট সময়ের মধ্যে এবং নাগরিক নেতৃত্বের সঙ্গে আলোচনা সাপেক্ষে ফলাফল প্রদানের একটি প্রমাণিত ট্র্যাক রেকর্ড আমি দিতে সমর্থ হয়েছি - এবং গৃহস্বত্বাধিকারী এবং আবাসিকগণের কাছে - যারা নর্থইস্ট কুইন্সে বসবাস করেন।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

www.paulgraziano.com | Paul-Graziano/421982061221109 | paulgraziano19 | YouTube channel/UCWvRgZCBYoOMQvjQ4mhtGMg?feature=watch

## অস্টিন আই. শাফরান (Austin I. Shafran)

### ১৯তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট (D)



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্রেটিক

**বর্তমান পেশা:** সিটি কাউন্সিল ডিসট্রিক্ট ১৯ (কুইন্স) এর প্রার্থী

**পূর্ববর্তী পেশা:** পাবলিক এফেয়ার্সের সহ সভাপতি, এম্পায়ার স্টেট ডেভালাপমেন্ট, গভর্নর এন্ড্রিউএম. কুয়োমোর কার্যালয়, নিউ ইয়র্ক স্টেট সিনেট ডেমোক্রেটিক সম্মেলনের প্রেস সেক্রেটারী; শিংকোপ লিমিটেডেটের মিডিয়া রিলেসনস পরিচালক; NYC কাউন্সিল ফিনান্স চেয়ার ডেভিড উইপ্রিনের যোগাযোগ; পরিচালক ইউএস কংগ্রেসম্যান গ্রে একারম্যানের কমিউনিটি লিয়েজঁ

**শিক্ষাগত যোগ্যতা:** কুইনস কলেজ, নিউ ইয়র্কের সিটি ইউনিভার্সিটি

**সাংগঠনিক সম্পৃক্ততা:** ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট নেতা

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** পাবলিক এফেয়ার্সের সহ সভাপতি, এম্পায়ার স্টেট ডেভালাপমেন্ট, গভর্নর Andrew M. Cuomo কার্যালয়, নিউ ইয়র্ক ষ্টেট সিনেট ডেমোক্রেটিক সম্মেলনের প্রেস সেক্রেটারী; শিংকোপ লিমিটেডেটের মিডিয়া রিলেসনস নির্দেশক; NYC কাউন্সিল ফিনান্স চেয়ার David Weprin-র যোগাযোগ নির্দেশক; কমিউনিটি লিয়েজঁ, US কংগ্রেসম্যান Gary Ackerman

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কাউন্সিল ডিসট্রিক্ট 19-এর কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

আমার সবচেয়ে অগ্রগণ্যতার কাজ হল শিক্ষা নীতি পরিকল্পনায় অভিভাবকদের, কমিউনিটির এবং শিক্ষাবিদের অবদান বাড়িয়ে, আমাদের স্কুলগুলিতে অত্যাধিক ভীড়ের চাপ কমিয়ে, এবং উচ্চ-কঠিন পরীক্ষাগুলিতে ভুল-পথে চালিত নির্ভরতা কমিয়ে এনে আমাদের সন্তানদের শিক্ষাগত উৎকর্ষতা এবং তার ফলাফলের উন্নতি সাধন করা।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

অন্যান্য অগ্রাধিকার বিষয়গুলির মধ্যে আছে কর্পোরেটের অতি উন্নতি থেকে আমাদের নেইবারহুড রক্ষা করা, মধ্যবর্তী শ্রেণী পরিবারগুলি থেকে কর হ্রাস করা, আমাদের বয়স্ক কেন্দ্রগুলি, পার্ক এবং লাইব্রেরিগুলির জন্য আরও তহবিল নিশ্চিত করা এবং কাউন্সিল সদস্যদের জন্য সকল বহিরাগত আয় নিষিদ্ধ করা এবং অর্থের বিনিময়ে চাকুরীর ব্যাপারে দুর্নীতি চক্রের সমাপ্তি করা।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

আমি নর্থওয়েস্ট কুইন্সে জন্মেছি এবং সেখানে বড় হয়েছি এবং আমার সম্পূর্ণ জীবন কাজ করেছি এমন একটি স্থানের জন্য যাকে বাড়ি বলা যায়, যেখানে ভালভাবে বসবাস করা যায়, কাজ করা যায় এবং পরিবারকে রাখা যায়। সিটি, ষ্টেট এবং ফেডারাল সরকারে এক দশক কাজ করার অভিজ্ঞতায় আমি জানি কি করে আমাদের স্কুলগুলির উন্নতি করা যায়, আমাদের নেইবারহুড রক্ষা করা যায়, বয়স্কদের জন্য সেবার উন্নতি করা যায়, এবং একটি অর্থনৈতিক বুনিয়াদ গঠন করা যায় যা কর্মের সংস্থান করবে এবং কর্মরত পরিবারগুলির করের হার কমিয়ে দেবে।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

www.austin4council.com | austin4council | austin4council | YouTube austin4council | www.linkedin.com/austinshafran

---

## পল এ. ভ্যালোন (Paul A. Vallone)

### ১৯তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট (D)



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্র্যাটিক

**বর্তমান পেশা:** ভ্যালোন অ্যান্ড ভ্যালোন LLP -র ম্যানেজিং পার্টনার

**পূর্ববর্তী পেশা:** N/A

**শিক্ষাগত যোগ্যতা:** JD সেন্ট জনস ল স্কুল ১৯৯২-এর ক্লাস; BA ফোর্ডহ্যাম ইউনিভার্সিটি ১৯৮৯-এর ক্লাস

**সাংগঠনিক সম্পৃক্ততা:** ক্লিন্টন ডেমোক্র্যাটিক ক্লাবের প্রেসিডেন্ট, বেসাইড-হোয়াইটস্টোন লায়নস ক্লাব-এর প্রথম প্রেসিডেন্ট ও প্রতিষ্ঠতা সদস্য, কাউন্সেল এবং বোর্ড সদস্য - অউবার্নডেল সকার প্রোগ্রাম ও সেন্ট জন্স প্রিপ্যারেটরি স্কুল, কমিউনিটি বোর্ড ৭-এর সদস্য, কুইন্স কাউন্টি বার অ্যাসোসিয়েশন, নাইটস অফ কলোম্বাস নং #৫৬৯, সেন্ট অ্যান্ড্রু ফাইন্যান্স কমিটি ও মেন্স গিল্ডের সহ-প্রেসিডেন্ট, কিওয়ানিস অ্যান্ড জাজ ভ্যালোন স্কলারশিপ প্রোগ্রাম-এ স্কলারশিপ চেয়ারম্যান, কুইন্স ফোক গ্রুপের ডিরেক্টর এবং CYO সকার কোচ

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** NYC বোর্ড অফ কারেকশনস

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কাউন্সিল ডিস্ট্রিক্ট 19-এর কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

আমাদের স্থানীয় কাউন্সিল অফিস ফিরে পেতে হবে এবং জবাবদিহিতা ও আস্থার সম্পর্ক তৈরি করতে হবে। যখন এই ডিস্ট্রিক্টকে পুনঃস্থাপন ও ঐক্যবদ্ধ করার পরে আমাদের লড়াই করতে হবে আমাদের জীবনেরযাত্রার মান রক্ষা করতে ও সংরক্ষণ করতে এবং বাড়িতে নিরাপদে থাকতে। আমাদেরকে আমাদের স্থানীয় প্রিসেন্ট সমূহ সহায়তা করতে হবে এবং পাশাপাশি সহায়তা করতে হবে NYPD, FDNY এবং সমস্ত জরুরী সেবা প্রদানকারী সংস্থাগুলিকে। আমাদের পুলিশ ফোর্সের পুনরুদ্ধার ও তার কলেবর বৃদ্ধির সাথে সাথে আমাদের কমিউনিটির ভিতরে স্থানীয় পুলিশের সম্পদ বাড়াতে হবে।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

আমাদের ক্ষুদ্র ব্যবসায়ের উপর বেশি দাবী-দাওয়া চেপে বসার ফলে আমাদের কমিউনিটির এই গুরুত্বপূর্ণ অংশটি বন্ধ হতে চলছে। আমি এই সমস্ত ক্ষুদ্র ব্যবসাগুলির পক্ষ নিয়ে অন্যায্য আইনের, অন্যায়মূলক জরিমানার বিরুদ্ধে, এবং এই সিটির সাথে কাজ করতে চাই যাতে ট্যাক্স-ফ্রী জোন তৈরি করা যায় এবং শূণ্য শতাংশ ঋণ দেওয়া যায় যাতে নতুন ব্যবসাগুলির শুরু করার খরচে কিছুটা সহায়তা হয়, আর এই সব কারণে অনেক নতুন ব্যবসা শুরু করতে পারে না।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

আমাদের কমিউনিটিতে একজন বাবা, স্বামী ও ক্ষুদ্র ব্যবসায়ী হিসাবে, আমাদের কমিউনিটির সংগঠনগুলির সাথে আমি কাঁধে কাঁধ মিলিয়ে লড়াই করেছি। কমিউনিটি বোর্ড ৭-এর সদস্য, বেসাইড-হোয়াইটস্টোন লায়ন্স ক্লাব-এর প্রথম প্রেসিডেন্ট ও প্রতিষ্ঠাতা, ক্লিন্টন ডেমোক্র্যাটিক ক্লাবের সদস্য, CYO সকার কোচ, অউবার্নডেল সকার ক্লাব-এর কাউন্সেল ও বোর্ড সদস্য হওয়া আমাকে সাহায্য করেছে প্রতিদিন আমাদের কমিউনিটির পাশে দাঁড়াতে এবং যেসব সমস্যা আমাদের সকলকে প্রভাবিত করে তাদের বিরুদ্ধে একসাথে লড়াই করতে।


প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

www.paulvallone.com | votevallone2013

---

## ক্রিসি ভোসকেরিশিয়ান (Chrissy Voskerichian)

### ১৯ তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট (D)



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্র্যাটিক

**বর্তমান পেশা:** ক্রিসি একজন মা, স্ত্রী, সুশীল সমাজের নেতা এবং NYPD কাউন্সিল প্রেসিডেন্ট।

**পূর্ববর্তী পেশা:** ক্রিসি মাত্র ১৬ বছর বয়স থেকে কাজ করতে শুরু করে ছিল, এবং তিনি দ্রুত টেলিকমিউনিকেশনস শিল্পে উপরে উঠেছিলেন। তিনি অবসর নিয়েছিলেন বিশ্বের অন্যতম বৃহত্কমিউনিকেশনস কোম্পানিতে গ্লোবাল সেলস অপারেশনস-এর ডিরেক্টর হিসাবে। তিনি গ্লোবাল পার্টনারদের সাথে তাঁদের ব্যবসা বাড়ানোর জন্য নিয়মিত কাজ করেছেন, ৫০ জন কর্মীকে পরিচালনা করেছেন ও কয়েক লক্ষ ডলারের বাজেটের তত্বাবধান করেছেন।

**শিক্ষাগত যোগ্যতা:** হাই স্কুল থেকে একবছর আগেই গ্র্যাজুয়েশন করে ক্রিসি কলেজে শেষ করেছিলেন এবং গিবস স্কুল অফ বিজনেস-এ রাতে পড়াশুনা করেছেন, দিনে পূর্ণ সময়ের কাজের পরে।

**সাংগঠনিক সম্পৃক্ততা:** ৩১ বছর ব্যবসার সাথে জড়িত থাকার পর, ক্রিসি অবসর গ্রহণ করেছিলেন তাঁর নেবারহুড (পাড়ায়) মনোযোগ দিতে। যখন ব্যবসাগুলি নিয়ন্ত্রণের বাইরে চলে যাচ্ছিল, ক্রিসি ২০০৮ সালে সহ-প্রতিষ্ঠাতা হিসাবে স্টেশন রোড সিভিক অ্যাসোসিয়েশন প্রতিষ্ঠা করেন যাতে বাসিন্দা ও আশেপাশের ব্যবসার সাথে কাজের সম্পর্ক স্থাপণ করা যায়।

www.electchrissy.com | ElectChrissy

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** ২০০৯ সালে ১০৯তম প্রিসেন্ট কমিউনিটি কাউন্সিলের প্রেসিডেন্ট হিসাবে ক্রিসি-কে নির্বাচন করা হয়েছিল এবং তিনি সেটিকে সিটির মধ্যে সবচেয়ে বড়গুলোর একটিতে উন্নতি করেছিলেন। ক্রিসি নিউ ইয়র্ক সিটি কাউন্সিলেও কাজ করেছেন কন্সটিটিউয়েন্ট সার্ভিসেস-এর ডিরেক্টর হিসাবে এবং তারপর চিফ অফ স্টাফ হিসাবে, যেখানে তিনি তত্বাবধান করেছিলেন সিটির সবচেয়ে সক্রিয় কন্সটিটিউয়েন্ট সার্ভিস টিমগুলিকে।

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কাউন্সিল ডিস্ট্রিক্ট 19-এর কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

আমাদের জীবনযাত্রার মান সংরক্ষণ এবং জনসাধারণের নিরাপত্তা নিশ্চিত করার আমাদের আরও কঠিন পরিশ্রম করতে হবে। আমাদের নিরাপত্তার জন্য পুলিশ অফিসার ও ফায়ার-ফাইটারদের আরও উপকরণগুলো দিতে হবে। এছাড়াও, আমরা আমাদের স্কুলে, পার্কে এবং সিনিয়র সেন্টারের আর বেশি বাজেট কর্তন চাই না।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

প্রশাসনকে তাদের নাগরিকদের প্রতি আরও অনুকূলে সাড়া দিতে হতে হবে। আমি অঙ্গীকার করছি যে, আমি এই ডিস্ট্রিক্টে সেবা করব ও তার বাসিন্দাদের চাহিদা মেটানোর চেষ্টা করব। অন্যদের সহায্য করতে আমি উদ্দীপ্ত আর আমি বিশ্বাস করি যে কন্সটিটিউয়েন্ট সার্ভিসের মাধ্যমে আমরা অনেক মানুষের কল্যাণ করতে পারব।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

আমার ৩১ বছরের ব্যবসার অভিজ্ঞতা ও মানুষকে সাহায্য করার উদ্দীপনা আমাকে সিটি কাউন্সিলের জন্য যোগ্য প্রার্থী করে তুলেছে। যখন আমি আমার সিভিক সংস্থা প্রতিষ্ঠা করেছিলাম, তখন এ আশা করিনি যে আমি সরকারী কোনো পদের জন্য নির্বাচন করব, আমি সেটি শুরু করেছিলাম কারণ আমি একটি সমস্যা দেখতে পেয়েছিলাম এবং কাউকে না কাউকে সেটিকে সমাধান করতে হতো। ঠিক এই মানসিকতাটাই আমি সিটি কাউন্সিলে নিয়ে যাব; কঠিন পরিশ্রম করব এবং সঠিক জিনিস করার জন্য আমি অঙ্গীকারবদ্ধ।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

## জন জে. সিয়াফন (John J. Ciafone)

**২২তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট (D)**



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্র্যাটিক

**বর্তমান পেশা:** এটর্নি এন্ড কন্সলার এট ল', সনদপ্রাপ্ত সালিস ও মধ্যস্থতাকারী (আর্বিট্রেটর ও মেডিয়েটর)

**পূর্ববর্তী পেশা:** ব্যাংকের টেলার

**শিক্ষাগত যোগ্যতা:** PS ৮৫, JHS ১৪১, লং আইল্যান্ড HS, নিউ ইয়র্ক ইউনিভার্সিটি থেকে B.A. জুরিস ডক্টর সেন্ট জন'স ল' স্কুল।

**সাংগঠনিক সম্পৃক্ততা:** এক্সিকিউটিভ লিডার আলদোস ডেমোক্রেটিক ক্লাব, NYS ফ্রাটার্নাল অর্ডার অফ পুলিশের এটর্নি, NYS বার এসোসিয়েশন, NYS আরবিট্রেটর এসোসিয়েশন, নাইটস অফ কলম্বাস, হলি নেম সোসাইটি, ফেডারেশন অফ ইটালিয়ান অ্যামেরিকান অর্গানাইজেশন অফ কুইনস।

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** কমিউনিটি স্কুল বোর্ড ৩০-র প্রেসিডেন্ট, কমিউনিটি স্কুল বোর্ড ৩০-র কোষাধ্যক্ষ (ট্রেজারার), জুডিশিয়াল ডিলিগেট, সনদপ্রাপ্ত সালিস ও মধ্যস্থতাকারী (আর্বিট্রেটর ও মেডিয়েটর), কোম অফ ডিডস, ইন্টার্ন ফর গভর্নর মারিও কুমও এবং NYC কাউন্সিল লিগ্যাল ডিভ. জাস্টিস শ্মিট-এর ইন্টার্ন।

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কাউন্সিল ডিস্ট্রিক্ট 22-এর কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

কোন সাশ্রয়ী মুল্যের আবাসন নেই। পাঠাগার ও পার্কগুলো বন্ধ করার লক্ষ্য। প্রি-স্কুল, বেকন প্রোগ্রাম এবং আফটার স্কুল প্রোগ্রামের জন্য অপর্যাপ্ত ফাণ্ড। সিটি ব্যবসায়ীদের জন্য কঠোর ও প্রতিকূল পরিবেশ সৃষ্টি করে রেখেছে। ক্ষুদ্র ব্যবসায়ে অনেক জরিমানা, অধিক ফি এবং কর আরোপ করা হয়েছে। সাধারণ বাড়ীর মালিকরা বর্ধিত কর এবং পানি ও পয়ঃ নিষ্কাশনের বিল প্রদানে ব্যর্থ হচ্ছেন। আমাদের সন্তানেরা চাকুরি ছাড়াই গ্র্যাজুয়েট হচ্ছে। বয়স্ক কেন্দ্রগুলো বন্ধ করে দেয়া হচ্ছে।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

কাউন্সিলের প্রণীত আইন Stop & Frisk-র জন্য আমাদের অপরাধের সংখ্যা বাড়বে এবং বয়স্করা, মহিলারা এবং শিশুরা আক্রান্ত হবে। হাসপাতালে জরুরী বিভাগ আছে, তবে যেখানে বিছানাগুলো হলওয়েতে রাখা হয়। এই সিটির অগ্রাধিকার ঠিক করার নিয়ে সত্যিই সমস্যা আছে, যখন অভিভাবকরা সকালে তাদের সন্তানকে স্কুলে নামাতে গিয়ে ঝাঁক বাঁধা ট্রাফিক এজেন্টদের কাছ থেকে সিটির রাজস্ব বৃদ্ধির জন্য পার্কিং টিকেট পান।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

এই কমিউনিটিতে আমি জন্ম গ্রহণ করেছি, বড় হয়েছি, লেখাপড়া করেছি এবং এখনও বসবাস ও কাজ করে যাচ্ছি। আমি কমিউনিটি স্কুল বোর্ড ৩০ সর্বোচ্চ ভোট পেয়ে দু'বার নির্বাচিত হয়েছি। বোর্ডে থাকাকালীন সময়ে পুরো NY-র মধ্যে আমার উপস্থিতি ছিল প্রায় যথাযথ। আমাদের শিশুদের নিরাপত্তা জনিত পদক্ষেপের জন্য সংগ্রাম করে বাস্তবায়ন করেছি, যেমন গতি রোধক (স্পীড বাম্প) ও আরও বেশী স্কুল সেফটি অফিসার নিয়োগ, ক্যামেরা ও নিরাপত্তা যন্ত্রপাতি স্থাপন। নতুন সরকারী স্কুল প্রতিষ্ঠা ও ডিসট্রিক্ট ৩০-র শিশুদের জন্য স্কুলে আসন বৃদ্ধির জন্য আন্দোলন করে বাস্তবায়ন করছি। আমি কোন বিশেষ গোষ্ঠীর স্বার্থের রক্ষায় বাধ্য নয়।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন না।

www.johnciafone.net

---

## কস্টা কস্টানটিনাইডস (Costa Constantinides)

**২২তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট (D)**



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্র্যাটিক

**বর্তমান পেশা:** ডেপুটি চিফ অফ স্টাফ, NYC কাউন্সিল

**পূর্ববর্তী পেশা:** NYC কাউন্সিলের লেজিসলেটিভ ডিরেক্টর; KB টয় স্টোর-এর স্টোর ম্যানেজার, কুইন্স কলেজের অ্যাডজাংক্ট লেকচারার

**শিক্ষাগত যোগ্যতা:** PS ৮৪, PS ১২২, এবং ব্রায়ান্ট হাই স্কুল থেকে গ্র্যাজুয়েশন করেছেন। কুইন্স কলেজ থেকে কাম লড গ্র্যাজুয়েশন করেছেন এবং ল-এর ডিগ্রি পেয়েছেন কার্ডোজো ল স্কুল থেকে।

**সাংগঠনিক সম্পৃক্ততা:** ডোমোক্র্যাটিক ডিসট্রিক্ট লিডার, ইউনাইটেড কমিউনিটি সিভিক অ্যাসোসিয়েশন, আসগাটা অ্যাসোসিয়েশান, লঙ আইল্যান্ড সিটি অ্যালায়েন্স

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** NYC কাউন্সিলের লেজিসলেটিভ ডিরেক্টর

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কাউন্সিল ডিস্ট্রিক্ট 22-এর কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

পশ্চিম কুইন্সকে উন্নত ও নিরাপদ বানানোর জন্য আমাদেরকে একসাথে কাজ করতে হবে। তার মানে নিরাপদ কমিউনিটি করার জন্য আরও পুলিশ অফিসার এবং দমকল কর্মী নিয়োগ করতে হবে এবং মাউন্ট সিনাই হাসপাতালকে সম্প্রসারণ করে উন্নত স্বাস্থ্য সেবা প্রদানের ব্যবসা করা। সরকারী স্কুলের অতিরিক্ত ভিড় কমানো এবং গনপরিবহনের সংখ্যা বাড়ানো। আপনাদের সিটি কাউন্সিলের সদস্য হিসাবে আমি প্রতিদিন পশ্চিম কুইন্সের জনসাধারণের জন্য লড়াই করব।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

একজন পিতা হিসাবে, আমি আমাদের কমিউনিটির পরিবেশ উন্নত করার কথা ভাবি। আমি চেষ্টা করব নোংরা পাওয়ার প্লান্টগুলির বায়ু দূষণ হ্রাস করতে এবং হাইড্রোফ্র্যাকিং থেকে আমাদের খাবার পানি সংরক্ষণ করতে। পশ্চিম কুইন্সের সবুজ স্থানগুলোর আরও উন্নতি ও সম্প্রসারণের জন্য আমি কাজ করব যাব।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

আমি এই এলাকাতেই বড় হয়েছি, এবং এর প্রতিটি অংশে আমার জীবনের বিভিন্ন ঘটনা জড়িয়ে রয়েছে। এখন আমি নিজের পরিবার নিয়ে এখানে রয়েছি, আমি এই নেইবারহুডকে সিটির মধ্যে শ্রেষ্ঠ এলাকা হিসাবে নিশ্চিত করতে চাই। একজন জেলা স্তরের নেতা হিসাবে, আমি গ্র্যান্ড এভিনিউ পোস্ট অফিসকে রক্ষা করতে সাহায্য করেছি, যান চলাচলের নিরাপত্তা উন্নতি করেছি এবং মূল্যবান স্কুল ও শিক্ষাব্যবস্থাকে সুরক্ষিত করেছি। UCCA-র সদস্য হিসাবে, আমি কাজ করেছি দায়িত্বশীল উন্নয়নের জন্য এবং আমাদের পরিবেশ ও উন্নত জীবিকাকে সুরক্ষিত রাখতে। সিটির কাউন্সিল কর্মী হিসাবে আমি আইনসভায় বায়ু দূষণ নিরোধ আইন পাশ করিয়েছি, যাতে বায়ু দূষণ কমানো যায় এবং আমাদের খাবার পানির মান উন্নত করা যায়। আপনাদের সিটি কাউন্সিল সদস্য হিসাবে, আমার সেই অভিজ্ঞতা ও প্রমাণিত নেতৃত্বগুণ আছে যাতে আমি প্রতিদিনই উন্নত ও নিরাপদ কমিউনিটির জন্য সংগ্রাম করতে পারি।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

www.votecosta.com | constantinides.costa | votecosta

---

## কনস্ট্যানটিনোস প্রেন্টজাস (Constantinos Prentzas)

**২২ তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট (D)**



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্র্যাটিক

**বর্তমান পেশা:** ষুদ্র ব্যবসায়ী

**পূর্ববর্তী পেশা:** ষুদ্র ব্যবসায়ী

**শিক্ষাগত যোগ্যতা:** রায়ান্ট HS এবং কুইন্স কলেজ

**সাংগঠনিক সম্পৃক্ততা:** কিওয়ানিস ক্লাব অফ LIC, ইউনাইটেড কমিউনিটি সিভিক অ্যাসোসিয়েশন, ৩০তম অ্যাভিনিউ বিজনেস অ্যাসোসিয়েশন, কমিউনিটি, অ্যাস্টোরিয়া-LIC বিজনেস গ্রুপ, ট্যামিমেন্ট ডেমোক্র্যাটিক ক্লাব

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** কমিউনিটি বোর্ড ১, স্টেট কমিটিম্যান, PTA প্রেসিডেন্ট

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কাউন্সিল ডিস্ট্রিক্ট 22-এর কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

অপরাধ ও নিরাপত্তা। আমি আমার পূর্বসূরীদের কাজ এগিয়ে নিয়ে যেতে চাই, যাতে উত্তরপূর্ব কুইন্সে কাজ করার ও পরিবার নিয়ে বসবাস করার জন্য সবচেয়ে নিরাপদ স্থান হয়। এই সময়ে আমাদের পুলিশ ফোর্সের পরিমাণ কমিয়ে ফেলার সঠিক সময় এখন নয়। আমি সমর্থন করি যে আমাদের পুলিশ ফোর্সের পরিমাণ বাড়ানো এবং রিসোর্স দেয়ার পক্ষে যাতে তারা NYC আমেরিকার মধ্যে সবচেয়ে নিরাপদ স্থান তৈরি করতে পারে।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

শিক্ষা: আমি চাইব যে, শিক্ষা ব্যবস্থা প্রতিটি শিশুর উপর আলাদা আলাদা করে নজর দিবে। বর্তমানে, সরকারী শিক্ষা ব্যবস্থা প্রতিটি শিশুর উপরে যথাযথ নজর না দিয়ে শুধু একটি 'ব্যবস্থা' হয়ে আছে। এই ক্ষেত্রে একটি সমস্যা হল যে মান নির্ধারণ করার পরীক্ষা ব্যবস্থার উপরেই আমাদের সরকারী শিক্ষা ব্যবস্থা সবচেয়ে বেশি জোর দিচ্ছে, যা পরিবর্তন আমি চাই। এছাড়াও PTA প্রেসিডেন্ট হিসাবে আমি বুঝি যে আমাদের স্কুলে অভিভাবকদের আরও বেশি জড়িত করে নেওয়া উচিত।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

আমি জানি যে, আমাদের কমিউনিটির কাছে কোন কোন বিষয়গুলো গুরুত্বপূর্ণ, তাই আমি গত ২৫ বছর ধরে আমাদের কমিউনিটিকে আরও ভালো করার জন্য নিবেদিত আছি। ক্ষুদ্র ব্যবসায়ী হিসাবে, আমরা চাই সিটি কাউন্সিলে আমাদের প্রতিনিধিরা জানুন কিভাবে চাকরির সুযোগ বাড়াতে হবে, বিশেষ করে অর্থনৈতিক সংকটের সময়ে। বেসরকারী ক্ষেত্রের সাথে কমিউনিটি বোর্ড ও নাগরিক সংগঠনগুলোয় আমার অভিজ্ঞতা রাজনৈতিক প্রক্রিয়া ব্যবহার করব।


প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

prentzasfornyc.com




# টিভি ও ভিডিও ভোটার গাইড এবং বিতর্ক সমূহ

ডান পাশে সম্প্রচারের সময়সূচী দেখুন




# অনলাইন ভোটার গাইড

প্রার্থীদের প্রোফাইল এবং ভিডিও, ভোট প্রদানের তথ্য আরও তথ্যের জন্য দেখুন **www.nyccfb.info/voterguide**




# মোবাইল এপ্লিকেশন

চলার পথে ভোটের তথ্য জানার জন্য আপনার মোবাইল ডিভাইস থেকে **www.nycvotes.org**-এ দেখুন

## ভিডিও ভোটার গাইড সময়সূচী

**NYC gov** – এ প্রতি রাত **৭টায় সেপ্টেম্বর ২রা** থেকে শুরু হওয়া সপ্তাহে থেকে দ্যা ভিডিও ভোটার গাইড সম্প্রচার করা হবে, যেখানে প্রত্যেক রাতে বিভিন্ন বোরোর গুরুত্বপূর্ণ বিষয় থাকবে।

| ব্রুকলিন | ব্রঙ্কস | ম্যানহাট্টান | কুইনস | ষ্টেটেন আইল্যান্ড |
|---|---|---|---|---|
| সোমবার<br>সেপ্টেম্বর ২রা | মঙ্গলবার<br>সেপ্টেম্বর ৩রা | বুধবার<br>সেপ্টেম্বর ৪ঠা | বৃহস্পতিবার<br>সেপ্টেম্বর ৫ম | শুক্রবার<br>সেপ্টেম্বর ৬ই |
| *পরবর্তীতে*<br>কুইনস<br>ব্রঙ্কস<br>ষ্টেটেন আইল্যান্ড<br>ম্যানহাট্টান | *পরবর্তীতে*<br>ষ্টেটেন আইল্যান্ড<br>ম্যানহাট্টান<br>ব্রুকলিন<br>কুইনস | *পরবর্তীতে*<br>ব্রুকলিন<br>কুইনস<br>ব্রঙ্কস<br>ষ্টেটেন আইল্যান্ড | *পরবর্তীতে*<br>ব্রঙ্কস<br>ষ্টেটেন আইল্যান্ড<br>ম্যানহাট্টান<br>ব্রুকলিন | *পরবর্তীতে*<br>ম্যানহাট্টান<br>ব্রুকলিন<br>কুইনস<br>ব্রঙ্কস |

ক্যাবলভিশন ও টাইমওয়ার্নার-**এ চ্যানেল ৭৪**, আরসিএন-**এ চ্যানেল ৮১** বা **ভেরাইজন** ফায়স-**এ চ্যানেল ২৪**-এ **NYC gov** দেখুন।

### সম্প্রসারণটি আপনি দেখতে পারেননি?

**www.nyccfb.info/voterguide**-তে সকল প্রার্থীদের ভিডিও ষ্ট্রীম করুন



## সিটিব্যাপী বিতর্কের সময়সূচী

### আসন্ন প্রাথমিক নির্বাচনী বিতর্ক

**মেয়র । ডেমোক্রেটিক**
**মঙ্গলবার, সেপ্টেম্বর ৩রা, সন্ধ্যা ৭টায়**
*টিভি*
এনবিসি ৪ নিউ ইয়র্ক (ইংরাজী)
টেলিমোন্ড নিউভা ইয়র্ক (স্প্যানিশ)
*রেডিও*
ডাব্লিউওআর রেডিও

**মেয়র । রিপাবলিকান**
**রবিবার, সেপ্টেম্বর ৮ই, সকাল ১১:৩০টায়**
*টিভি*
এনবিসি ৪ নিউ ইয়র্ক (ইংরাজী)
টেলিমোন্ড নিউভা ইয়র্ক (স্প্যানিশ)
*রেডিও*
ডাব্লিউওআর রেডিও

**মেয়র। রান অফ। ডেমোক্রেটিক***
**সোমবার, সেপ্টেম্বর ২৩শে, সন্ধ্যা ৭টায়**
*টিভি*
সিবিএস নিউজ (ইংরাজী)
ডাব্লিউএলএনওয়াই-টিভি ১০/৫৫ (স্প্যানিশ)
*রেডিও*
১০১০ উইন্স
ডাব্লিউসিবিএস নিউজরেডিও ৮৮০
*যদি প্রয়োজন হয়

### সাধারণ নির্বাচনী বিতর্ক

**মেয়র**
**মঙ্গলবার, অক্টোবর ২২শে, সন্ধ্যা ৭টায়**
*টিভি*
সিবিএস নিউজ (ইংরাজী)
ডাব্লিউএলএনওয়াই-টিভি ১০/৫৫ (স্প্যানিশ)
*রেডিও*
১০১০ উইন্স
ডাব্লিউসিবিএস নিউজরেডিও ৮৮০

**মঙ্গলবার, অক্টোবর ২৯শে, সন্ধ্যা ৭টায়**
*টিভি*
এনবিসি ৪ নিউ ইয়র্ক (ইংরাজী)
টেলিমোন্ড নিউভা ইয়র্ক (স্প্যানিশ)
*রেডিও*
ডাব্লিউওআর রেডিও

**পাবলিক অ্যাডভোকেট**
**বৃহস্পতিবার, অক্টোবর ১০ই, সন্ধ্যা ৭টায়**
*টিভি*
এনওয়াই ১ (ইংরাজী)
এনওয়াই ১ নটিসিয়াস (স্প্যানিশ)
*রেডিও*
ডাব্লিউএনওয়াইসি

**শনিবার, অক্টোবর ১৯শে, সন্ধ্যা ৭টায়**
*টিভি*
এনবিসি ৪ নিউ ইয়র্ক (ইংরাজী)
টেলিমোন্ড নিউভা ইয়র্ক (স্প্যানিশ)
*রেডিও*
ডাব্লিউওআর রেডিও

**কম্পট্রোলার**
**মঙ্গলবার, অক্টোবর ৮ই, সন্ধ্যা ৭টায়**
*টিভি*
এনওয়াই ১ (ইংরাজী)
এনওয়াই ১ নটিসিয়াস (স্প্যানিশ)
*রেডিও*
ডাব্লিউএনওয়াইসি

**বৃহস্পতিবার, অক্টোবর ২৪শে, সন্ধ্যা ৭টায়**
*টিভি*
সিবিএস নিউজ (ইংরাজী)
ডাব্লিউএলএনওয়াই-টিভি ১০/৫৫ (স্প্যানিশ)
*রেডিও*
ডাব্লিউসিবিএস নিউজরেডিও ৮৮০



যদি একজন মাত্র প্রার্থী বিতর্কের জন্য উপযুক্ত হন, তবে সেই বিতর্ক বাতিল করা হবে।

**বিতর্কগুলো স্পন্সর করেছেন**

# সিটি কাউন্সিল মেম্বার

» **কাউন্সিল ডিসট্রিক্ট 23**
কোন প্রাথমিক নেই

» **কাউন্সিল ডিসট্রিক্ট 24**
**ডেমোক্রেটিক প্রাথমিক** (D)
ররি আই. ল্যান্সম্যান (Rory I. Lancman)
মুজিব রহমান (Mujib Rahman)
অ্যান্ড্রেয়া ভেরাস (Andrea Veras)

» **কাউন্সিল ডিসট্রিক্ট 25**
কোন প্রাথমিক নেই

» **কাউন্সিল ডিসট্রিক্ট 26**
কোন প্রাথমিক নেই

» **কাউন্সিল ডিসট্রিক্ট 27**
**ডেমোক্রেটিক প্রাথমিক** (D)
ম্যানুয়েল কফম্যান (Manuel Caughman)
জোন ফ্লাওয়ারস (Joan Flowers)
গ্রেগ মেজ (Greg Mays)
আই. দানিক মিলার (I. Daneek Miller)
সোন্ড্রা এইচ. পীডেন (Sondra H. Peeden)
ক্লাইড ভ্যানেল (Clyde Vanel)

এই গাইডটি ছাপাখানায় যাবার পর উপরোক্ত প্রার্থীদের নাম থেকে কয়েকজনের নাম হয়তোবা ব্যালট থেকে বাদ দেয়া হয়েছে।

## ডেমোক্রেটিক প্রাথমিক | সিটি কাউন্সিল ডিসট্রিক্ট 24

### ররি আই. ল্যান্সম্যান (Rory I. Lancman)
**২৪ তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট (D)**



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্র্যাটিক
**বর্তমান পেশা:** অ্যাটর্নি
**পূর্ববর্তী পেশা:** নিউ ইয়র্ক স্টেট অ্যাসেম্বলির সদস্য, ২০০৭-২০১২ (চেয়ার, ওয়ার্কপ্লেস সেফটি সাবকমিটি)
**শিক্ষাগত যোগ্যতা:** কুইন্স পাবলিক স্কুল; কুইনস কলেজ (BA); কলোম্বিয়া ল স্কুল (JD)
**সাংগঠনিক সম্পৃক্ততা:** কুইন্স জিউইশ কমিউনিটি কাউন্সিল (বোর্ড সদস্য); ফ্লাশিং হাইটস সিভিক অ্যাসোসিয়েশন (ভাইস প্রেসিডেন্ট); ব্র্যান্ডেইস বার অ্যাসোসিয়েশান (বোর্ড সদস্য); NYC ট্রায়াল লয়ার্স অ্যাসোসিয়েশান (বোর্ড সদস্য); কাউন্সিল অন ফরেন রিলেশান্স, স্টেট অ্যান্ড লোকাল অফিশিয়ালস ইনিশিয়েটিভ; কাউন্সিল অফ স্টেট গভার্নমেন্টস (ফেলো); অউবার্নডেল সকার (ভলেনটিয়ার কোচ)
**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** NYS অ্যাসেম্বলি সদস্য; কমিউনিটি বোর্ড ৮, কুইন্স (সদস্য); কুইন্স হসপিটাল সেন্টার কমিউনিটি অ্যাডভাইসারি বোর্ড (চেয়ার); সিভিল কোর্ট স্মল ক্লেইমস আর্বিট্রেটার; ইনফ্যান্ট্রি অফিসার, ৪২তম ইনফ্যান্ট্রি ডিভিশন

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কাউন্সিল ডিস্ট্রিক্ট 24-এর কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**
কাউন্সিল ডিস্ট্রিক্ট ২৪ এবং সমগ্র নিউ ইয়র্ক সিটির মধ্যবিত্ত পরিবারদের সুরক্ষিত রাখা খুবই গুরুত্বপূর্ণ বিষয়। একটি বাড়ি কেনা বা ভাড়া নিয়ে থাকার খরচ বেড়েই চলেছে, কলেজে শিক্ষাও ক্রমশ সাধ্যের বাইরে চলে যাচ্ছে এবং সাধারণ মানুষ বিরুদ্ধেই যেন সব কিছু চলছে। যখনই আমাদের প্রবক্তার প্রয়োজন হয়েছে, অখনই আমি ছিলাম -- একজন উকিল হিসেবে, কমিউনিটির নেতা হিসাবে এবং একজন অ্যাসেম্বলিম্যান হিসাবেও -- এবং সিটি কাউন্সিলেও যাতে প্রতিটি পরিবারই সাফল্যের জন্য সমান সুযোগ লাভ করতে পারে তার জন্য আমি লড়াই চালিয়ে যাব।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**
একটি ভালো নেবারহুড তৈরি শুরু হয় আমাদের সন্তানদের জন্য প্রতিটি স্কুলে ভালো মানের শিক্ষা দিয়ে। কথাও কিছু গলদ আছে যখন নিউ ইয়র্ক সিটির পাবলিক স্কুলের অধিকাংশ গ্র্যাজুয়েটদের কলেজে যাওয়ার আগে সংশোধনমূলক ক্লাসের দরকার হয় এবং যখন অভিভাবকদের বেছে নিতে হয় তাদের মর্টগেজ পরিশোধ করার এবং তাদের ধর্মের বিশ্বাসে বজায় রাখার মধ্যে।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**
এই সিটি একটা বড় ধরনের প্রতিকূল অবস্থার সম্মুখীন হবে যখন আগামী বছরে পুরো প্রশাসনই নতুন নির্বাচিত হবে -- মানে একজন নতুন মেয়র, কম্পট্রোলার, পাবলিক অ্যাডভোকেট, এবং প্রায় অর্ধেক সিটি কাউন্সিল। আমাদের প্রয়োজন অভিজ্ঞ, পরীক্ষিত নেতা, যে আমাদের কমিউনিটির জন্য লড়াই করবে। আমার সরকারী পদে কাজ করার পূর্বের অভিজ্ঞতা এবং কৃতিত্বের রেকর্ড দ্বারা, আমি জানি যে আমি এই কাজগুলি করতে পারব।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

www.rorylancman.com | rory.lancman | RoryLancman | www.linkedin.com/pub/rory-lancman/62/6aa/81

---

### মুজিব রহমান (Mujib Rahman)
**২৪ তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট (D)**



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্র্যাটিক
**বর্তমান পেশা:** স্বনিয়োজিত
**পূর্ববর্তী পেশা:** শিক্ষক
**শিক্ষাগত যোগ্যতা:** CUNY গ্র্যাজুয়েট
**সাংগঠনিক সম্পৃক্ততা:** অনেক কিছু উল্লেখ করার মত
**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** কমিউনিটি অ্যাকটিভিস্ট এবং সংগঠক

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কাউন্সিল ডিস্ট্রিক্ট 24-এর কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**
আমাদের পরিবার এবং মূল্যবোধকে সুরক্ষিত রাখার জন্য আমি লড়াই করব।
সিটির আবর্জনা কমানো এবং কর হ্রাস করা
কর্ম সংস্থান সৃষ্টি করা এবং স্থানীয় অর্থনীতিকে চাঙ্গা করা
আমাদের বৃদ্ধ নাগরিকদের সুরক্ষিত রাখা
MTA ভাড়া বৃদ্ধির বিরুদ্ধে লড়ব

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**
আমাদের পারিবারিক মূল্যবোধ ও বিশ্বাস ভাগ করে নেওয়া

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**
আমি প্রকিতপক্ষেই সবার জন্য লড়াই করি
এবং আমি একজন প্রমাণিত কমিউনিটি অ্যাকটিভিস্ট এবং সংগঠক

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

www.rahmanforqueens.com

অ্যান্ড্রেয়া ভেরাস (Andrea Veras)

## ২৪ তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট (D)



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্র্যাটিক

**বর্তমান পেশা:** আইনী সাপোর্ট কর্মী

**পূর্ববর্তী পেশা:** প্যারা-লিগাল, অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যাসিস্টেন্ট, ব্যাংকার

**শিক্ষাগত যোগ্যতা:** আর্বান অ্যাফেয়ার্স-এ মাস্টার অফ আর্টস ডিগ্রি, আর্বান স্টাডিজ-এ ব্যাচেলার অফ আর্টস, উভয়ই কুইন্স কলেজ থেকে, NY; কোর্ট ইন্টারপ্রেটার সার্টিফিকেট, নিউ ইয়র্ক ইউনিভার্সিটি, প্যারা-লিগাল সার্টিফিকেট, ইয়র্ক কলেজ, NY, মে ২০০৪।

**সাংগঠনিক সম্পৃক্ততা:** CUNY ডমিনিকান স্টাডিজ ইন্সটিটিউট; লিগ অফ উইমেন ভোটার্স; জার্নাল অফ আর্বান অ্যাফেয়ার্স অ্যাসোসিয়েশন; সিয়েরা ক্লাব

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** তৃণমূল কমিউনিটি অর্গানাইজার

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কাউন্সিল ডিস্ট্রিক্ট 24-এর কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

শিক্ষা, কারণ আমাদের দেশের অর্থনীতির ভবিষ্যত নির্ভর করে দক্ষ কর্মীদের উপর। আমি অভিভাবকদের অংশগ্রহণের জন্য উৎসাহ দেওয়ায় জোর দেওয়া এবং একটি তৃতীয় পক্ষ দ্বারা আর্থিক তত্ত্বাবধান করা সমর্থন করি। আমি প্রাক-কিন্ডারগার্টেন পরিষেবা বৃদ্ধি, ক্লাসের ছোট আকৃতি এবং ভালো মানের স্কুল বহির্ভূত প্রোগ্রাম (আফটার স্কুল প্রোগ্রাম) ও সামার প্রোগ্রাম সমর্থন করি যা আমাদের যুবাদের আরও উন্নত করে তুলবে।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

আরো কাজের প্রশিক্ষণ সেন্টার তৈরি করে অর্থনৈতিক উন্নতি করতে হবে। আমি হাই-স্কুল গ্র্যাজুয়েটদের বিভিন্ন কাজ শিখতে যাতে করে তারা চাকরি পেয়ে স্থানীয় অর্থনীতিকে সাহায্য করতে পারে, সেজন্য উৎসাহ প্রদান করব। আমি আবাসন, স্বাস্থ্য সেবা, ইমিগ্রেশন এবং নিরাপদ পরিবেশ তৈরি করতে চেষ্টা করব।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

আমি হলাম সব থেকে ভালো প্রার্থী কারণ ইতিমধ্যেই আমার কমিউনিটিতে আমার কাজের অনেক প্রভাব পড়েছে। একজন তৃণমূল স্তরের সংগঠক হিসাবে, আমি আমার কমিউনিটির সদস্যদের জন্য সুবিধা করে দিয়েছি যাতে করে তারা নিরাপত্তা এবং পরিবেশ সমস্যা সম্পর্কে নিজেদের বক্তব্য পেশ করতে পারে। আমি নতুন আইডিয়া ব্যবহার, স্বচ্ছতা এবং সিটির পরিচালনা সম্পর্কে নতুন দৃষ্টিভঙ্গীকে উৎসাহিত করব। আমি আমার ডিস্ট্রিক্টের প্রয়োজনীয়তা পরীক্ষার জন্য সদা প্রস্তুত থাকব এবং আমাদের বাসিন্দা ও ব্যবসায়ের জন্য নতুন সুযোগ সুবিধা তৈরি করব। বহু বছরের সরকারী কাজ করার পর, আমি নিজের উদ্দীপনা, অভিজ্ঞতা এবং নেতৃত্বের ক্ষমতাকে তুলে ধরছি একটি সুরক্ষিত, উজ্জ্বল এবং বর্ধিষ্ণু পরিবেশ সৃষ্টি করতে।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

www.verasforcitycouncil.com

# ডেমোক্রেটিক প্রাথমিক | সিটি কাউন্সিল ডিসট্রিক্ট 27

ম্যানুয়েল কফম্যান (Manuel Caughman)

## ২৭ তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ (D)



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্র্যাটিক

**বর্তমান পেশা:** অবসরপ্রাপ্ত

**পূর্ববর্তী পেশা:** প্রাক্তন বিমানসেনা, এন্টেনম্যান'স বেকারিজের রুট সেলসম্যান, ব্যবসায়ী, অ্যাসেম্বলি সদস্য William Scarborough-র কমিউনিটি লিয়াজঁ

**শিক্ষাগত যোগ্যতা:** হাই স্কুল গ্র্যাজুয়েট

**সাংগঠনিক সম্পৃক্ততা:** বিংকারহফ অ্যাকশন অ্যাসোসিয়েশন-এর প্রাক্তন প্রেসিডেন্ট, কমিউনিটি বোর্ড ১২-র প্রাক্তন প্রথম ভাইস প্রেসিডেন্ট এবং বর্তমান সদস্য, U.S. পোস্টাল সার্ভিস কাস্টমার অ্যাডভিসরি কমিটি-র প্রেসিডেন্ট, গাই আর. ব্রুয়ার ইউনাইটেড ডেমোক্র্যাটিক ক্লাব-এর এক্সিকিউটিভ সেক্রেটারি।

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** জ্যামাইকা বে ওয়াটারশেড প্রোটেকশন প্ল্যান অ্যাডভিসরি কমিটি-তে মেয়র দ্বারা মনোনীত সদস্য, জ্যামাইকা বে এম্পায়ার আন্ডার স্মল বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন-এ মেয়র দ্বারা মনোনীত সদস্য, অ্যাসেম্বলি সদস্য উইলিয়াম স্ক্যারবারো-র কমিউনিটি লিয়াজঁ

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কাউন্সিল ডিস্ট্রিক্ট 27-এর কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

জনসাধারণ ও স্কুলের নিরাপত্তা

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

শিক্ষা, অর্থনৈতিক উন্নয়ন/চাকরি, পরিবেশ সংক্রান্ত সমস্যা

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

অ্যাসেম্বলি সদস্য William Scarborough-র কমিউনিটি লিয়াজঁ এবং একজন নির্বাচিত প্রতিনিধির সাথে কাজ করার, কমিউনিটি বোর্ড ১২-র সদস্য হিসাবে কাজ করার আমার অভিজ্ঞতা আমাকে এই ডিস্ট্রিক্টের সমস্যাগুলির বিষয়ে অবহিত রেখেছে। আমার নিরবাচনী এলাকার প্রয়োজনীয় সাহায্যের দ্রুত সমাধানের জন্য বিভিন্ন এজেন্সীর সাথে কাজ করার দক্ষতা দিয়েছে। আমি এছাড়াও আমাদের স্থানীয় প্রিসেন্টগুলোর কমান্ডারদের সাথে একত্রে কাজ করেছি যাতে পুলিশ এবং কমিউনিটির মধ্যে সুসম্পর্ক আরও বৃদ্ধি করার জন্য। যেমন অনুষ্ঠান আয়োজন করতে সাহায্য করা, ট্যালেন্ট শো, ন্যাশানাল নাইট আউট এগেইনস্ট ক্রাইম, মাসিক প্রিসেন্ট কাউন্সিল মিটিংগুলি। আমার পরিবেশ সংক্রান্ত কাজগুলি, যেমন আমাদের ভূগর্ভের জল দূষণকারী ওয়েস্টসাইড টক্সিক কর্পোরেশন পরিষ্কার করে আমাকে সিটির ভিতরে পরিবেশ নেতার খ্যাতি দিয়েছে। আমি বর্তমানে বিভিন্ন সংগঠনের সাথে কাজ করছি বিশেষ করে আমি ভূগর্ভস্থ ক্রমবর্ধমান পানির স্তর নিয়ে কাজ করছি কারণ উন্নীত পানির স্তরের ফলে পানির অনাহূতপ্রবেশে আক্রান্ত বাড়ির মালিক ও স্থানীয় ব্যবসায়ী মহল। আমার জ্ঞান এবং কাজ করার ইতিহাস আমাকে এই পদের সবচেয়ে যোগ্য প্রার্থী করে তুলেছি।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

www.mannycaughman.com


# কখনও একটি নির্বাচন বাদ দিবেন না!

নির্বাচনের সতর্কীকরণ বার্তা ও ভোট প্রদানের অঙ্গীকারের জন্য **www.nyccfb.info/pledge**-এ সাইন আপ করুন।




চলার পথে নির্বাচনী তথ্যের প্রয়োজন? তবে আপনার মোবাইল থেকে **www.nycvotes.org** দেখুন

## জোন ফ্লাওয়ারস (Joan Flowers)

## ২৭ তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট (D)



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্র্যাটিক

**বর্তমান পেশা:** প্র্যাকটিসিং অ্যাটর্নি ও স্থানীয় ব্যবসায়ী

**পূর্ববর্তী পেশা:** অ্যাটর্নি

**শিক্ষাগত যোগ্যতা:** FIT; সেন্ট জন্স ইউনিভার্সিটি, স্কুল অফ ল’

**সাংগঠনিক সম্পৃক্ততা:** অ্যালেন ল’ইয়ার্স গিল্ড; কুইন্স কাউন্টি বার অ্যাসোসিয়েশন; ম্যাকন অ্যালেন ব্ল্যাক বার অ্যাসোসিয়েশন

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** স্টেট কমিটিতে নির্বাচিত মহিলা

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কাউন্সিল ডিস্ট্রিক্ট 27-এর কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

আমি সকল শিশুদের জন্য সর্বোচ্চ মানের শিক্ষার পক্ষপাতি যা ৭.৭ বিলিয়ন ডলার ফেডারেল থেকে আমাদের স্থানীয় স্কুলগুলোর জন্য বরাদ্দ দেয়া হয়েছে। শিক্ষকদের পেশাগত উন্নয়ন, ক্লাস রুমের জন্য আধুনিক বই, ক্লাসের মধ্যে প্রযুক্তিগত সরঞ্জাম ও শিশুদের জন্য অভিজ্ঞ শিক্ষক-শিক্ষিকা রাখার লক্ষে এই টাকা ব্যয়ের জন্য আমি কাজ করে যাব।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

আমি একজন ৩০ বছর বয়সী স্থানীয় উদ্যোক্তা, যে কমিউনিটিতে অধিক কর্মসংস্থান সৃষ্টি করা অন্যতম সংস্থাগুলোর মধ্যে একটি সংস্থার প্রতিষ্ঠাতা। আমি স্থানীয় কমিউনিটির ক্ষমতায়নের জন্য অতিরিক্ত ট্যাক্স ছাড় এবং স্থানীয় ব্যবসা উন্নয়নের প্রণোদনা প্রদান করার জন্য সোচ্চার থাকব।

আমি যদি নির্বাচিত হই, তবে আমাদের নেবারহুড (পাড়ার জন্য) প্রয়োজনীয় নিরাপত্তা ও সুন্দর পরিবেশের বজায় রাখার জন্য লড়াই করব। NYPD-র উচিত যে যে এলাকা থেকে সবচেয়ে বেশি অপরাধ রিপোর্ট করা হয়, সে সে এলাকায় অপরাধ দমনের অতিরিক্ত উদ্যোগ নেওয়া।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

আমি অনেক দিন ধরে কমিউনিটির বাসিন্দা, ক্ষুদ্র ব্যবসায়ী, কমিউনিটির অ্যাডভোকেট এবং ২৫ বছরেরও বেশি প্র্যাকটিসরত এটর্নি। আমাদের জীবনের মান উন্নত হয় এবং সমস্ত প্রয়োজনীয় সম্পদ সবার জন্য স্থানীয় সিনিয়র সিটিজেন সংস্থা, স্থানীয় স্কুলগুলোয় এবং অলাভজনক সংস্থার সাথে কাজ করার জন্য আমি আত্ন নিয়োগ করব। আমি এই অভিজ্ঞতা ও কমিউনিটির অঙ্গীকার সিটি হল-এ পৌঁছে দিব।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন না।

joanflowersforthe27thdistrict.nationbuilder.com | joanflowers2013 | joanflowers2013

---

## গ্রেগ মেজ (Greg Mays)

## ২৭ তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট (D)



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্র্যাটিক

**বর্তমান পেশা:** এ বেটার জামাইকা ইনক-এর প্রতিষ্ঠতা ও এক্সিকিউটিভ ডিরেক্টর

**পূর্ববর্তী পেশা:** কুপার্স অ্যান্ড লাইব্র্যান্ড-এ সার্টিফায়েড পাবলিক অ্যাকাউন্টেন্ট; ব্ল্যাক এন্টারপ্রাইজ ম্যাগাজিন-এ অ্যাড ডিরেক্টর; কলম্বিয়া পিকচার্স-এ ডিস্ট্রিবিউশন এক্সিকিউটিভ; ইন্টারনেট স্টার্টে বিভিন্ন পদে কাজ করেন

**শিক্ষাগত যোগ্যতা:** PS ১৫; IS ৫৯; বেসাইড হাইস্কুল; মেডগার এভার কলেজ; অ্যাকাউন্টিং-এ BBA হাওয়ার্ড ইউনিভার্সিটি থেকে; হার্ভার্ড ইউনিভার্সিটি থেকে MBA

**সাংগঠনিক সম্পৃক্ততা:** লাসিকাল থিয়েটার অফ হারলেম-এর বোর্ড ট্রেজারার; গ্রেটার জামাইকা ডেভেলপমেন্ট কর্পোরেশন-র সদস্য; অ্যাডিসলেই পার্ক সিভিক অর্গানাইজেশন-এর প্রাক্তন প্রেসিডেন্ট

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** পার্কস কমিটি চেয়ার, কুইন্স কমিউনিটি বোর্ড ১২

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কাউন্সিল ডিস্ট্রিক্ট 27-এর কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

শিক্ষা: দক্ষিণপূর্ব কুইন্স-এর ৫০%-এর কম ৩য় এবং ৫ম শ্রেণীর শিক্ষার্থীরা ইংলিশ ল্যাঙ্গুয়েজ আর্টস পরীক্ষায় পাশ করতে পারছে। মিডল ও হাই-স্কুলের খুবই নিম্ন অর্জনে এই খারাপ ফলাফলের প্রভাব নাটকীয়ভাবে প্রতিফলিত হচ্ছে। পড়াশুনায় খারাপ ফলের কারণ হিসাবে অনেকগুলি সমস্যা আছে। কিন্তু এই ইস্যুটি আমরা স্থানীয় পর্যায়ে নিয়ন্ত্রণ করতে পারি।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

এই ডিস্ট্রিক্টে অলাভজনক সংস্থাদের সহায়তাও অতীব গুরুত্বপূর্ণ বিষয়। স্থানীয় অলাভজনক সংস্থাগুলি কমিউনিটির সাধারণ প্রয়োজনগুলো মেটায় - যুবকদের জন্য আফটার স্কুল থেকে উইকএন্ড প্রোগ্রাম পর্যন্ত, বৃদ্ধ নাগরিকদেরও চাহিদা মেটায়। স্থানীয় অলাভজনক সংস্থাগুলি কমিউনিটির নির্দিষ্ট চাহিদা সুন্দরভাবে পূরণ করে থাকে - আমাদের ক্ষেত্রে, রেকর্ড পরিমাণ ফোরক্লোজারর ও অধিক সংখ্যক তরুণ পশ্চাৎপদ অবস্থায় আছে। আমার কর্মীদের মধ্যে একজন গ্রান্ট রাইটারকে অলাভজনকদের প্রয়োজনীয় সহায়তা করার জন্য দায়িত্ব দেওয়া হবে । একজন প্রশিক্ষণ/প্রস্তুতি এবং ক্ষুদ্র ব্যবসা আরম্ভ করার এডভোকেট হিসাবে আমি আরও একটি গুরুত্বপূর্ণ বিষয় বেকারত্ব-এর উপর মনোযোগ দিব।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

আমি জ্যামাইকাতে জন্ম গ্রহণ করে বড় এবং কমিউনিটির সমস্যাগুলির জন্য সমাধান তৈরি ও কার্যকরি করতে আমার ব্যাপক অভিজ্ঞতা রয়েছে। স্থানীয় সিভিক অর্গানাইজেশনের প্রাক্তন প্রেসিডেন্ট হিসাবে, এবং কমিউনিটি বোর্ডের ১২-র সদস্য হিসাবে সিটির উন্নত সেবা সমূহ কিভাবে পাওয়া নিশ্চিত করা যায় সে সম্পর্কে আমার ভাল জ্ঞান আছে।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

www.gregmays2013.com | gregmays2013 | gregmays2013 | gregmays2013

---


**nyc votes | ওয়েব | মোবাইল | মুদ্রণ | ভিডিও | সামাজিক**





**টিভি ও ভিডিও ভোটার গাইড এবং বিতর্ক সমূহ**

এনওয়াইসি ভোটের বিতর্ক দেখুন। আপানার বারোর ভিডিও গাইডটি দেখুন.




**অনলাইন ভোটার গাইড**

অনলাইনে গাইডটি দেখুন **www.nyccfb.info/voterguide.**




**মোবাইল এপ্লিকেশন**

আপনার মোবাইল ডিভাইজ থেকে **www.nycvotes.org**-এ দেখুন

## আই. দানিক মিলার (I. Daneek Miller)

## ২৭ তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট (D)



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্র্যাটিক

**বর্তমান পেশা:** অ্যামালগামেটেড ট্রান্সপোর্টেশন ইউনিয়ন (ATU) লোকাল নং ১০৫৬-এর প্রেসিডেন্ট, যা MTA নিউ ইয়র্ক সিটি ট্রানজিট-এর কুইন্স বাস ডিভিশনে কর্মরত ড্রাইভার ও মেকানিকদের প্রতিনিধিত্ব করে

**পূর্ববর্তী পেশা:** ATU ১০৫৬ পলিটিকাল অ্যাকশন চেয়ার এবং রেকর্ডিং সেক্রেটারি, MTA বাস চালক

**শিক্ষাগত যোগ্যতা:** কর্নেল ইউনিভার্সিটি-র স্কুল অফ লেবার রিলেশনস, CUNY ট্রান্সপোর্টেশন রিসার্চ ইন্সটিটিউট-এর সিটি কলেজ ও ন্যাশানাল লেবার কলেজ

**সাংগঠনিক সম্পৃক্ততা:** আমাদের পার্কগুলিকে আরও উন্নত করতে এবং আমাদের কিশোর ও তরুণদের শিক্ষাগত ও সামাজিক সুযোগ প্রদান করতে সাউদার্ন কুইন্স পার্ক অ্যাসোসিয়েশনে তিনি কাজ করেছিলেন; ব্রাদার্স আনলিমিটেড-এর সহ-প্রতিষ্ঠাতা, যেই সংগঠন অভাবী পরিবারদের সহায়তা দিয়ে থাকে; লাইফ ক্যাম্প এবং ইউনাইটেড ব্ল্যাক মেন অফ কুইন্স-এর মেন্টর; NYC মিডিল স্কুল বেসবল লিগ, যারা সিটির ব্যাপী শত শত তরুণদের সাহায্য করছে, যা গত দুই বছরে প্রায় দ্বিগুণ হয়েছে; গাই আর. ব্রুয়ার এবং ইউনাইটেড ফর প্রোগ্রেস ডেমোক্র্যাটিক ক্লাবস; ওয়ার্কিং ফ্যামিলিজ পার্টি NYC চ্যাপ্টার-এর এক্সিকিউটিভ কাউন্সিল

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** কো-চেয়ার, MTA লেবার কোয়ালিশন যারা প্রতিনিধিত্ব করছে ২৯টি ইউনিয়নের এবং ৬০,০০০-র বেশি কর্মীদের

www.voteidaneekmiller.com | idaneekmiller

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কাউন্সিল ডিস্ট্রিক্ট 27-এর কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

সরকারী স্কুলের সাবেক ছাত্র এবং একজন অভিভাবক যার সন্তানেরা NYC-র সরকারী স্কুলে পড়ে, দানিক চান সরকারী শিক্ষা ব্যবস্থাকে উন্নত করতে এবং শিক্ষক-শিক্ষিকাদের আরও বেশি করে সম্পদ ও উপায় দিতে যাতে তাঁরা আমাদের সন্তান ও তাদের সন্তানদের সুশিক্ষিত করে তুলতে পারেন।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

NYC-কে যথার্থ স্থান হিসাবে বসবাসের জন্য গড়ে তুলার লক্ষ্যে দানিক লড়াই করবেন যেখানে সকল পরিবার মান সম্মত সরকারি স্কুলের সুবিধা ভোগ করবে, ভাল বেতনে চাকুরির সুযোগ পাবে এবং নির্বাচিত প্রতিনিধিরা জনসাধারণের কাছে দায়বদ্ধ থাকবেন - ধনী অনুদান প্রদানকারীদের কাছে নয়। সকলেই উন্নত যাতায়াত ব্যবস্থা পাবে, ফলে তারা ভালো চাকরির সুযোগ, প্রয়োজনীয় শিক্ষা ও চিকিৎসা সেবা পাবে।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

দানিক জীবনভর দক্ষিণপূর্ব কুইন্সের পরিবারগুলির জন্য সংগ্রাম, তার অভিজ্ঞতা ও শ্রমিক নেতা হিসাবে তার রেকর্ড এবং কর্মজীবি মানুষদের সুবিধা ও পরিষেবা দেওয়ার কোয়ালিশন তৈরির ক্ষমতা তাঁকে সিটি কাউন্সিল-এ দক্ষিণপূর্ব কুইন্স-এর প্রতিনিধিত্ব করার জন্য শ্রেষ্ঠ প্রার্থী করেছে। তিনি বাস সার্ভিসের পুনস্থাপন করেছেন বিশেষ করে Q27 এবং Q42, যাতে বাসিন্দাদের কাজে, স্কুল, মেডিক্যাল অ্যাপয়েন্টমেন্টে এবং অন্যান্য কাজে যেতে সহজ হয়; তিনি এছাড়াও মার্কিন যুক্তরাষ্ট্রের যে কোনো স্থানে মিউনিসিপাল কর্মীদের জন্য প্রথম চাইল্ড কেয়ার প্রোগ্রাম এবং রাইডার ও ট্রানজিট ওয়ার্কারদের হামলা থেকে রক্ষা করার ব্যবস্থা করেছেন।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

---

## সোন্ড্রা এইচ. পীডেন (Sondra H. Peeden)

## ২৭ তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট (D)



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্র্যাটিক

**বর্তমান পেশা:** কনসালটেন্ট

**পূর্ববর্তী পেশা:** পীডেন, জেকবস অ্যান্ড অ্যাসোসিয়েট-এ ম্যানেজিং ডিরেক্টর;কাউন্সিল অফ স্কুল সুপারভাইজার্স অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেটরস-এ ডেপুটি পলিটিকাল ডিরেক্টর; কাউন্সিল সদস্য ডেভিড ওয়েপ্রিন-এর ডেপুটি চীফ অফ স্টাফ; কাউন্সিল সদস্য থমাস হোয়াইট জুনিঃ-এর পলিসি ডিরেক্টর; রিভেরা, সিয়েরা অ্যান্ড কোং-এ সহকারী কনসালটেন্ট; আউটরিচ হাউস-এর সাবসট্যান্স অ্যাবিউস কাউন্সেলর; কাউন্সিল সদস্য জুয়ানিতা ওয়াটকিন্স-এর লেজিসলেটিভ ডিরেক্টর

**শিক্ষাগত যোগ্যতা:** মেরিমাউন্ট ম্যানহ্যাটান কলেজ; আউটরিচ ট্রেনিং ইন্সটিটিউট

**সাংগঠনিক সম্পৃক্ততা:** আজীবন এপিসকোপালিয়ান; থারগুড মার্শাল রেগুলার ডেমোক্র্যাটিক ক্লাব-এর প্রতিষ্ঠাতা সদস্য; সেন্ট জেমস দ্য লেস কমিউনিটি-এর প্রাক্তন ভাইস প্রেসিডেন্ট; লুইস এইচ. ল্যাটিমার ইয়ুথ কর্প-এর প্রতিষ্ঠাতা সদস্য, বোর্ড অফ ডিরেক্টরস; আজীবন সদস্য NAACP, জামাইকা ব্রাঞ্চ; ইউনাইটেড ফর প্রোগ্রেস ডেমোক্র্যাটিক ক্লাব-এর সদস্য

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** সরকারী পদে আমার কেরিয়ার শুরু হয়েছিল সিনিয়র অ্যাডভাইজরের রিসেপশনিস্ট হিসাবে, এবং সব পদেই আমি জনগণের বিশ্বাসকে মূল্যায়ন করেছি ও গুরুত্ব দিয়ে দেখেছি। আমার রাজনৈতিক মেন্টর জুয়ানিতা ওয়াটকিন্স-এর কাছে আমি শিক্ষা ও মানবতার সেবা নীতি শিখেছি। কাউন্সিল সদস্য হোয়াইট-এর সাথে আমরা একত্রে জননিরাপত্তা ও আর্থনৈতিক উন্নয়ন নিয়ে কাজ করেছি, এবং কাউন্সিল সদস্য ওয়েপ্রিনের সাথে নির্বাচনী এলাকায় সেবা দানে এবং নিউ ইয়র্ক সিটি বাজেট নিয়ে কাজ করেছি।

sondrapeeden.nationbuilder.com | Sondra Peeden 2013

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কাউন্সিল ডিস্ট্রিক্ট 27-এর কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

আমাদের মধ্যে সবচেয়ে অসহায় অল্প বয়স্কদের ও বৃদ্ধদের সুরক্ষিত করতে হবে। এই দুই শ্রেণীর জনগনের জন্য র আবাসন সুনিশ্চিত করতে হবে, যথেষ্ট পর্যাপ্ত পুষ্টি ও আর্থিক স্থায়ীত্ব দেওয়া জন্য অবশ্যই আমাদেরকে নীতি উন্নতি এবং প্রোগ্রাম তৈরি করতে হবে।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

আমাদের সন্তানদের সফলতার জন্য NYC-র ডিপার্টমেন্ট অফ এডুকেশন-কে পুনঃবিন্যাস করা প্রয়োজন যাতে আমাদের শিশুদের সাফল্য নিশ্চিত করা যায়। এছাড়াও আমাদের শিল্পের বিকাশ ঘটাতে হবে যাতে চাকরির সুযোগ বাড়ে এবং আমাদের পরিকাঠামোও বৃদ্ধি পায়।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

সরকারী পদে অনেক দিন ধরে কাজ করার কারণে কিভাবে সিটি কাউন্সিল কাজ করে সে সম্পর্কে আমি এক ধরনের অন্তর্দৃষ্টি লাভ করেছি - কিভাবে আইন প্রণীত হয়, নীতি তৈরি করতে হয় এবং বাজেট করতে হয় যা আমার কমিউনিটিকে ইতিবাচকভাবে প্রভাবিত করবে এবং সামগ্রিক ভাবে নিউ ইয়র্ক সিটিকেও। আমার বিশেষ অভিজ্ঞতা ও দক্ষতার কারণে আমি বহুবছর ধরে সরকারী পদে কাজ করছি, আর আমি বিশ্বাস করি যে, আজ আমরা যে সমস্যাগুলোর সম্মুখিন হয়েছি তার সমাধানের জন্য এমন নির্বাচিত প্রতিনিধি প্রয়োজন যার প্রাতিষ্ঠানিক জ্ঞান, নতুন দৃষ্টিভঙ্গী এবং অন্যদের সাথে কাজ করার দক্ষতা আছে। আমার সেই দক্ষতাগুলো আছে এবং আশা করি আমি আপনাদের সেবা করার সুযোগ পাব।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন না।

---

## ক্লাইড ভ্যানেল (Clyde Vanel)

## ২৭তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট (D)



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্র্যাটিক

**বর্তমান পেশা:** অ্যাটর্নি

**পূর্ববর্তী পেশা:** রেস্তোরাঁর পরিচালক, ইন্টারনেট ট্রেডিং কোং

**শিক্ষাগত যোগ্যতা:** বোস্টন ইউনিভার্সিটি থেকে জুরিস ডক্টর; স্টেট ইউনিভার্সিটি অফ NY থেকে ব্যাচেলর অফ সায়েন্স

**সাংগঠনিক সম্পৃক্ততা:** ক্যামব্রিয়া হাইটস সিভিক অ্যাসোসিয়েশন, NAACP, কাপ্পা আলফা সাই

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** ডেমোক্র্যাটিক কাউন্টি কমিটি; ডেমোক্র্যাটিক পার্টির ইলেকশন অ্যাটর্নি

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কাউন্সিল ডিস্ট্রিক্ট 27-এর কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

ক্লাইড বিশ্বাস করেন NYC-তে কর্মসংস্থান করতে হবে এবং বিশেষ করে ডিস্ট্রিক্ট ২৭-এর পরবর্তী কাউন্সিল সদস্যের এটি সর্বোচ্চ অগ্রাধিকার হওয়া উচিত। প্রায়শই আমাদের প্রতিবেশী এবং বন্ধুরা চাকরি হারাচ্ছেন, যখন নিয়োগকারী NYC ছেড়ে নিউ জার্সি বা কানেক্টিকেট চলে যান। ক্লাইড বোঝেন যে একদিকে যেমন ভালো বেতন দেন এমন নতুন নিয়োগকারীদের নিউ ইয়র্ক আনতে আকৃষ্ট করা খবুই প্রয়োজন, অন্যদিকে বর্তমান নিয়গকারীদের ধরে রাখাও তেমনই গুরুত্বপূর্ণ। এছাড়াও ক্লাইড ক্ষুদ্র ব্যবসার রক্ষক হিসেবে জড়িত আছেন । তিনি অবগত যে, সিটির অনেক বাসিন্দাই ক্ষুদ্র ব্যবসায় কর্মরত। NYC-তে ক্ষুদ্র ব্যবসা পরিচালনা সহজ ও লাল ফিতার দৌরাত্ব হ্রাসের জন্য তিনি কঠোর পরিশ্রম করবেন।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

গুরুত্বপূর্ণ সমস্যাগুলির সম্পর্কে ক্লাইড অবগত আছেন, এর মধ্যে আছে হয়: (১) স্থানীয় স্কুলগুলিকে আরও সম্পদ দিয়ে স্কুল বন্ধ হয়ে যাওয়া আটকিয়ে শিক্ষায় উন্নতি করা, (২) বর্তমানের স্টপ অ্যান্ড ফ্রিস্ক নীতি বন্ধ করে আপরাধ দমন ও নিরাপত্তায় উন্নতি ঘটানো, (৩) ট্যাক্স সংস্কার করা যাতে মধ্যবিত্তরা কিছুটা ছাড় পায়, (৪) নেবারহুডে বন্যা নিয়ন্ত্রণ করা ও সাথে ভিড় কমিয়ে পরিবেশের উন্নতি ঘটানো, (৫) বাস পরিবহণ সেবার উন্নতি করা, (৬) স্বাস্থ্য সেবা লাভ করা উন্নতি করা, এবং (৭) ফোরক্লোজার সমস্যার সমাধান করা এবং যাতে বাসিন্দারা বাড়ির মালিক হয়ে উঠতে পারে সেই পথটি সহজ করা।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

ক্লাইড সবচেয়ে যোগ্য প্রার্থী কারণ তিনি এমন একজন অ্যাটর্নি যিনি কমিউনিটি ও স্কুলের জন্য বহু বছর ধরে লড়াই করেছেন ও পরামর্শ দিয়েছেন। রি-ডিস্ট্রিক্টিং প্রক্রিয়ার সময় তিনিই একমাত্র প্রার্থী যিনি গত হেমন্তের সময়ে, কমিউনিটির সাথে নেবারহুডগুলিকে একত্র রাখার জন্য আন্দোলন করেছিলেন। ক্লাইড এছাড়াও এই ডিস্ট্রিক্টে একটি অফিস চালান, যেখানে একটি কমিউনিটি সেন্টার আছে ও সেখানে স্থানীয় সংগঠনগুলি মিলিত হয় এবং বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন হয়।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

clydevanel.com | clyde.vanel

# সিটি কাউন্সিল মেম্বার

» **কাউন্সিল ডিসট্রিক্ট 28**
**ডেমোক্রেটিক প্রাথমিক** (D)
ইউগেন ওয়াল্টার ইভেন্স (Eugen Walter Evans)*
ডেভিড কায়োডে (David Kayode)
জোসেফ আর. মারথোন (Joseph R. Marthone)
ব্রাইনা পেইন (Breina Payne)
ফ্রাঙ্ক পেরেরও (Frank Perero)*
হেটি ভি পাওয়েল (Hettie V. Powell)
রুবেন উইলস (Ruben Wills)
ক্রিস্টিনা উন্সলো (Christina Winslow)*

» **কাউন্সিল ডিসট্রিক্ট 29**
কোন প্রাথমিক নেই

» **কাউন্সিল ডিসট্রিক্ট 30**
কোন প্রাথমিক নেই

এই গাইডটি ছাপাখানায় যাবার পর উপরোক্ত প্রার্থীদের নাম থেকে কয়েকজনের নাম হয়তোবা ব্যালট থেকে বাদ দেয়া হয়েছে।

*প্রার্থীরা এই ভোটার গাইড মুদ্রনের সময় সম্পূর্ণ প্রোফাইল অন্তর্ভুক্ত করার জন্য প্রদান করেন নাই, কিন্তু অনেকেই অনলাইন গাইডের জন্য সামাজিক মিডিয়ার লিঙ্ক এবং ওয়েব সাইডের তথ্য দিয়েছেন; www.nyccfb.info/voterguide. দেখুন।

## ডেমোক্রেটিক প্রাথমিক | সিটি কাউন্সিল ডিসট্রিক্ট 28

### ডেভিড কায়োডে (David Kayode)
**২৮তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট** (D)



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্র্যাটিক
**বর্তমান পেশা:** মারানাথা ব্যাপ্টিস্ট চার্চে মিনিস্টার এবং কাউন্সেলর – অ্যাডিকশন ট্রিটমেন্ট, DHS NYC-তে
**পূর্ববর্তী পেশা:** হারলেম সাউদার্ন ব্যাপ্টিস্ট মিনিস্ট্রিতে অ্যাসোসিয়েট ডিরেক্টর
**শিক্ষাগত যোগ্যতা:** ওয়েস্ট ভার্জিনিয়া ইউনিভার্সিটি অফ টেকনলজি (BS), কীন ইউনিভার্সিটি নিউজার্সি (MA)
**সাংগঠনিক সম্পৃক্ততা:** ডেলিগেট- DC ৩৭ লোকাল ৩৭১ এবং ইউনাইটেড আফ্রিকান কংগ্রেস-এর ট্রাস্টি
**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** NYC-র প্রাক্তন কাউন্সিল সদস্য থমাস হোয়াইট জুনিঃ -এর লেজিসলেটিভ এইড এবং কমিউনিটি বোর্ড ১২-র সদস্য

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কাউন্সিল ডিস্ট্রিক্ট 28-এর কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**
আমি সিটির অর্থনৈতিক ক্ষমতাকে জাগাব যাতে দারিদ্র্য মোচন করা যায়। ট্যাক্স রেয়াৎ এবং আর্থিক ভর্তুকি প্রাপ্তদের জন্য পরিবার পরিচালনা করার মত কর্মসংস্থান সৃষ্টির জন্য উৎসাহিত করার লক্ষে সিটির অর্থনৈতিক শক্তি ব্যবহার করতে পারি। এই কাজ অর্জন করা যাবে, যদি ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে আর্থিক প্রণোদনা দিয়ে হয় এমন প্রশিক্ষণ ও ভাতা সুবিধাসহ কর্মসংস্থানের ব্যবস্থা করা যায়। যেসব ব্যবসাগুলি সিটির প্রশাসন থেকে সহায়তা পায় তাদের বলা হবে শ্রমিক/ম্যানেজমেন্ট ট্রেনিং প্রোগ্রাম কার্যকরী করতে যাতে কর্মচারীরা কর্মজীবনে উন্নতি করতে পারে।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**
দীর্ঘকালীন কর্মসংস্থান ও অর্থনৈতিক উন্নয়ন; গুণগতমানে উচ্চ শিক্ষার ও স্বাস্থ্য সেবার ব্যবস্থা করা; ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য ট্যাক্স রেয়াৎ, প্রণোদনা এবং সুযোগ; ফোরক্লোজার বন্ধ করা এবং মর্টগেজের সমাধান করা; সিনিয়র সিটিজেনদের জন্য অতিরিক্ত পরিষেবা; এবং আরও ভালো প্রোগ্রাম ও যুব উন্নয়ন কেন্দ্র স্থাপণ।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**
আমি প্রায় ২০ বছর ধরে কুইন্স-এ বসবাস করছি এবং জনসেবা ও মানব কল্যাণের একজন অ্যাডভোকেট হিসাবে আমার জীবন নিবেদিত করেছি। আমি নিজেই জানি যে একটি আরও ভালো সচল কমিউনিটি করতে কি কি জিনিসের প্রয়োজন হয় -যেখানে স্থায়ী চাকরি থাকবে, সাধ্যের মধ্যে আবাসন থাকবে, এবং একটি এমন সম্প্রসারিত যুব উন্নয়ন প্রাগ্রাম থাকবে যা তাদের রাস্তায় নেমে আপরাধ করা আটকাবে।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

DavidKayodeNYC.com | friendsofdavidkayodeforcitycouncil

---

### জোসেফ আর. মারথোন (Joseph R. Marthone)
**২৮ তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট** (D)



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্রেটিক
**বর্তমান পেশা:** অ্যাকাউন্ট্যান্ট/ ফাইন্যান্সিয়াল কনস্যালট্যান্ট
**পূর্ববর্তী পেশা:** অ্যাকাউন্ট্যান্ট, অডিটর, ম্যানেজার
**শিক্ষাগত যোগ্যতা:** কুইন্স কলেজ থেকে অ্যাকাউন্টিং, ট্যাক্সেশন এবং ফাইনান্স বিষয়ে B.A.। কুইন্সবরো কমিউনিটি কলেজ থেকে আর্ট, অ্যাডভার্টাইজিং এবং লে-আউট বিষয়ে A.A.
**সাংগঠনিক সম্পৃক্ততা:** বিভিন্ন
**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** নেই

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কাউন্সিল ডিস্ট্রিক্ট 28-এর কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**
শিক্ষা

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**
চাকুরী

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**
অনুধাবন ও সহানুভূতিশীল।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

www.JosephMarthone.com | JosephMarthone

## ব্রাইনা পেইন (Breina Payne)

## ২৮ তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট (D)



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্র্যাটিক

**বর্তমান পেশা:** জ্যামাইকা, কুইন্স-এ একটি সংগঠনের জন্য কাজ করেন যার নাম টেন্ডার কেয়ার হিউম্যান সার্ভিসেস যা বিকাশগত অক্ষমতা ও অটিজম-এ আক্রান্ত শিশুদের সেবা প্রদান করে থাকে।

**পূর্ববর্তী পেশা:** নীচে দেখুন;

**শিক্ষাগত যোগ্যতা:** মেন্টাল হেল্থ বিষয়ে তিনি অ্যাসোসিয়েট পেয়েছেন লাগোর্ডিয়া কমিউনিটি কলেজ থেকে। ইয়র্ক কলেজ থেকে তিনি সাইকোলজি-তে ব্যাচেলর ডিগ্রি করেছেন, এবং মাস্টার্স ডিগ্রি করতে অর্ধেক ক্রেডিট সম্পূর্ণ করেছেন ক্রিয়েটিভ রাইটিংয়ে সিটি ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক-এর সিটি কলেজ থেকে।

**সাংগঠনিক সম্পৃক্ততা:** প্রতিভা আছে এমন টিনএজারদের জন্য একটি প্রোগ্রাম S.H.O.U.T.-এর প্রতিষ্ঠাতা ও ডিরেক্টর। অলাভজনক সংস্থা "ডটারস অফ আ থাউজ্যান্ড জেনারেশনস"-এর প্রতিষ্ঠাতা, এই সংস্থাটি সন্তান নিয়ে শিশু আছে ও সংগ্রাম করছেন এমন মহিলাদের ইতিবাচক পথ দেখায়। কমিউনিটিকে সাহায্য করে এমন একটি সংগঠন O.E.S ভাশটি গ্র্যান্ড চ্যাপ্টার লজ-এর সক্রিয় সদস্য।

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** London B. Johnson এলিমেন্টারি স্কুলের (পিএস ২২৩) PTA বোর্ডের অংশ হিসাবে কাজ করেছেন। বেইসলি পার্ক গার্ডেন্স টেন্যান্টস অ্যাসোসিয়েশন (২০০৫)-এর প্রেসিডেন্ট। লাগার্ডিয়া কমিউনিটি কলেজের শিক্ষার্থীদের মেন্টর করেছেন ও তাদের টিউটরও হয়েছেন। "ক্রসিং দ্য লাইন" (২০০৮) - একটি ননফিকশন নভেল-এর লেখিকা।

www.fightingforthepurpose.com

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কাউন্সিল ডিস্ট্রিক্ট 28-এর কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

শিক্ষা: যদি আমি নির্বাচিত হই, তবে আমি আধুনিক কালে পুরাতন পন্থা ব্যবহার করব, যা আমার মতে এই সময়ের শিক্ষার জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

যদি নির্বাচিত হই তবে পরবর্তী গুরুত্বপূর্ণ যে সমস্যা সমাধান করার চেষ্টা করব সেটি হল বাড়তে থাকা সহিংসতা।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

যেসব সমস্যা আছে বলে আমরা আগে থেকেই জানি তাদের নিয়ে প্রতি মাসে মিটিং করার চেয়ে আমাদের কমিউনিটি যেসব বিভিন্ন সমস্যার সম্মুখিন হয় তাদের সমাধান খুঁজতে চেষ্টা করব, আর এটাই আমাকে এই পদের জন্য শ্রেষ্ঠ প্রার্থী করে তুলবে।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

---

## হেটি ভি পাওয়েল (Hettie V. Powell)

## ২৮ তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট (D)



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্রেটিক

**বর্তমান পেশা:** ম্যানেজিং অ্যাটর্নি, কুইন্স ল অ্যাসোসিয়েটস

**পূর্ববর্তী পেশা:** অ্যাটর্নি, দি লিগ্যাল এইড সোসাইটি, শিক্ষক, জ্যামাইকা WI

**শিক্ষাগত যোগ্যতা:** যোগ্যতা: JD, CUNY স্কুল অফ ল, BS, (ম্যাগনা কাম লডে) জন জে কলেজ অফ ক্রিমিনাল জাস্টিস

**সাংগঠনিক সম্পৃক্ততা:** কুইন্স কাউন্টি উইমেন্স বার এসোসিয়েশন, ম্যাকন বি অ্যালেন ব্ল্যাক বার এসোসিয়েশন, ফ্রেড উইলসন ডেমোক্রেটিক ক্লাব

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** N/A

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কাউন্সিল ডিস্ট্রিক্ট 28-এর কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

ডিস্ট্রিক্ট ২৮-এর শিশুদের জন্য উন্নতমানের শিক্ষার ব্যবস্থা করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। বিশেষ চাহিদাসম্পন্ন ও অটিজম থাকা শিশু সহ সকল শিশুদের সমস্ত চাহিদা পূরণ করার জন্য স্কুলগুলির বিভিন্ন সম্পদের প্রয়োজন যাতে তারা পরিকল্পনার উন্নয়ন ঘটাতে পারে। শৈশবের প্রাথমিক অবস্থার উন্নয়ন ও স্কুল পরবর্তী (আফটার স্কুল) বিভিন্ন কর্মসূচির জন্য বিশেষ তহবিল গঠনে আমি সহায়তা করব। উন্নয়নের কর্মসূচি, টিউটরিং এবং ডে প্রোগ্রামগুলি বর্ধিতকরণের উদ্দেশ্যে আমি তহবিল গঠন করব। আমাদের স্কুলগুলিতে নতুন নতুন প্রযুক্তির প্রয়োজন যেখানে শিক্ষকদের প্রশিক্ষণ এবং শিল্পে অংশীদারিত্ব থাকে যাতে স্নাতকদের চাকরী সুনিশ্চিত হয়।

electpowell2013.com

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

অর্থনৈতিক উন্নয়ন, কাজের সুযোগ সৃষ্টি করা, চাকরীর প্রশিক্ষণ তার পাশাপাশি মহিলা এবং সংখ্যালঘু ব্যবসায়ী মালিকদের জন্য উদ্যোগ গ্রহণ করা হল সবচেয়ে গুরুত্বপূর্ণ। ক্ষুদ্র ব্যবসার মালিকগণের করের হার হ্রাস করণ এবং ঋণ পাওয়ার সহযোগিতা প্রয়োজন। অনেক বাড়ির মালিকগণ ফোরক্লোজারের হরণের মুখোমুখি হচ্ছেন। ব্যবসা মালিক এবং বাড়ির মালিকগণ সামান্য আইন লঙ্ঘনের ক্ষেত্রেও অযৌক্তিক জরিমানা এবং অত্যন্ত বেশী পরিমাণ করের বোঝা বহন করতে বাধ্য হচ্ছেন। এছাড়া জনপথ থেকে অবৈধ অস্ত্রধারীদের হাত থেকে মুক্ত করতে হবে। আমি সেই সকল ব্যবস্থাকে সহযোগিতা করব যারা এই সকল কাজ করবে। আমি আমাদের যুব সম্প্রদায়ের জন্য শিক্ষামূলক, বৃত্তিশিক্ষামূলক এবং মনোরঞ্জনমূলক কর্মসূচি সৃষ্টির জন্য কাজ করব, ঠিক যেমনটা আমি করেছিলাম যখন আমি রোচডেল ভিলেজ ইউথ কাউন্সিল নামক একটি সংস্থা প্রতিষ্ঠা করেছিলাম যে সংস্থা যুব সম্প্রদায়কে তাদের বিভিন্ন সমস্যা থেকে দূরে থাকতে বিকল্প পথের ব্যবস্থা করে দিত।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

আমি এই ডিস্ট্রিক্টে ৩১ বছর ধরে বসবাস করছি এবং বিগত ১৫ বছর ধরে রোচডেল ভিলেজ নামক সংস্থার বোর্ডে আছি। একজন সরকারী ডিফেন্ডার হিসাবে আমার ২০ বছরের অভিজ্ঞতা, কুইন্স বাসিন্দাদের জন্য সাংবিধানিক অধিকার রক্ষার লড়াই আমাকে এই সিটি হলের জন্য উপযোগী করে তুলেছে। আমি সেই তহবিল গঠন করব যা চাকরী দেবে, চাকরীর প্রশিক্ষণ দেবে, বন্ধকী সম্পত্তি উদ্ধারের অধিকার হরণে সহযোগিতা দেবে, যুব সম্প্রদায় ও বয়স্ক নাগরিকদের জন্য বিভিন্ন কর্মসূচি গ্রহণ করবে এবং আমাদের রাস্তাঘাটকে সুরক্ষিত রাখতে সাহায্য করবে। আমাদের শিশুদের সম্ভাব্য সর্বোত্তম শিক্ষা প্রদাণের উপযোগী বিভিন্ন সম্পদ যাতে তারা পায় তার ব্যবস্থা করা ও বিশেষ চাহিদাসম্পন্ন শিশুরা যাতে তাদের শৈশব অবস্থা থেকেই তার চারপাশের পরিবেশে যেন সঠিক পরিষেবা পেতে পারে তার ব্যবস্থা করা। আমার শিক্ষা আছে, অভিজ্ঞতা আছে এবং সবচেয়ে গুরুত্বপূর্ণ, আমার নিষ্ঠা, আমার সম্প্রদায়কে সুসংহত রাখতে ও শহরের প্রশাসনে স্বচ্ছতা ফিরিয়ে আনতে আমি কাজ করব।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

---

## রুবেন উইলস (Ruben Wills)

## ২৮ তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট (D)



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্রেটিক

**বর্তমান পেশা:** কাউন্সিল সদস্য

**পূর্ববর্তী পেশা:** ক্ষুদ্র ব্যবসার মালিক কনসালট্যান্ট

**শিক্ষাগত যোগ্যতা:** সালিভান কমার্শিয়াল কলেজ থেকে সোশ্যাল সায়েন্সে ডিগ্রি, রাষ্ট্রবিজ্ঞানে স্নাতকস্তরের পড়াশুনা এবং এম্পায়ার স্টেট কলেজ থেকে আরবান প্লানিং

**সাংগঠনিক সম্পৃক্ততা:** NAACP, ক্রিশ্চিয়ান বাসকেটবল লিগ ইনকরপোরেশন, নিউইয়র্ক 4 লাইফ ইনক.

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** সেন শার্লে হান্টলের চিফ অফ স্টাফ, কাউন্সিল মেম্বার লেরয় কমরির বিশেষ সহযোগী

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কাউন্সিল ডিস্ট্রিক্ট 28-এর কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

আমাদের প্রবৃদ্ধিকে স্থবির করে দেবার একটি গুরুত্বপূর্ণ কারণ হল টেকসই এবং দীর্ঘমেয়াদী অর্থনৈতিক উন্নয়নের ক্ষেত্রে ঘাটতি। অর্থনৈতিক উন্নয়নের এই শূণ্যতার প্রতি নজর রেখে এবং কাজের সুযোগ সৃষ্টির মাধ্যমে আমরা যে সুবিধাবলি দান করতে পারব তার ফলস্বরূপ সিটির অপরাধ কমে যাবে এবং জীবন মানের সামগ্রিক উন্নতি ঘটবে।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

আমি ক্রমবর্ধমান সঙ্ঘবদ্ধ অপরাধ এবং অবৈধ অস্ত্রের ব্যবহার যা এই সিটিতে ক্রমশঃই বেড়ে চলেছে তা বন্ধ করতে উদ্যোগ নেব। অপরাধের মূল শিকড়টি আমাদের খুঁজে বের করতে হবে এবং প্রয়োজনীয় সেবা প্রদান করতে হবে।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

এই কমিউনিটিতে দীর্ঘদিন বসবাসের অভিজ্ঞতা আমাকে এই বিষয়গুলির প্রতি সংবেদনশীল করে তুলেছে। আমি ২ ১/২ (আড়াই) বছর ধরে একটি নির্বাচিত পদে রয়েছি যেখানে আমাদের বয়স্কদের এবং ডে-কেয়ার কেন্দ্রগুলির বিরুদ্ধে যে ব্যয় কর্তন করা হয়েছিল তার বিরুদ্ধে লড়াই করে জয়লাভ করেছি; আমার সমস্ত স্থানীয় সরকারী স্কুলগুলিতে আধুনিক প্রযুক্তিগত উন্নয়নের জন্য লক্ষাধিক ডলার দিয়েছি; পিএস ৩০ এবং আগাষ্ট মার্টিন HS বন্ধের বিরুদ্ধে লড়াই চালিয়েছি - PS ৪০ খোলা রাখার লড়াইয়ে জয় লাভ করেছি। যে সকল অলাভজনক সংস্থা জরুরী সেবা প্রদান করে তাদের জন্য সুনিশ্চিত তহবিল গঠনের ব্যবস্থা করেছি।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

www.rubenwills.com




# টিভি ও ভিডিও ভোটার গাইড এবং বিতর্ক সমূহ

ডান পাশে সম্প্রচারের সময়সূচী দেখুন

## ভিডিও ভোটার গাইড সময়সূচী

**NYC gov** – এ প্রতি রাত **৭টায় সেপ্টেম্বর ২রা** থেকে শুরু হওয়া সপ্তাহে থেকে দ্যা ভিডিও ভোটার গাইড সম্প্রচার করা হবে, যেখানে প্রত্যেক রাতে বিভিন্ন বোরোর গুরুত্বপূর্ণ বিষয় থাকবে।

| ব্রুকলিন | ব্রঙ্কস | ম্যানহাট্টান | কুইনস | ষ্টেটেন আইল্যান্ড |
|---|---|---|---|---|
| সোমবার<br>সেপ্টেম্বর ২রা | মঙ্গলবার<br>সেপ্টেম্বর ৩রা | বুধবার<br>সেপ্টেম্বর ৪ঠা | বৃহস্পতিবার<br>সেপ্টেম্বর ৫ম | শুক্রবার<br>সেপ্টেম্বর ৬ই |
| *পরবর্তীতে*<br>কুইনস<br>ব্রঙ্কস<br>ষ্টেটেন আইল্যান্ড<br>ম্যানহাট্টান | *পরবর্তীতে*<br>ষ্টেটেন আইল্যান্ড<br>ম্যানহাট্টান<br>ব্রুকলিন<br>কুইনস | *পরবর্তীতে*<br>ব্রুকলিন<br>কুইনস<br>ব্রঙ্কস<br>ষ্টেটেন আইল্যান্ড | *পরবর্তীতে*<br>ব্রঙ্কস<br>ষ্টেটেন আইল্যান্ড<br>ম্যানহাট্টান<br>ব্রুকলিন | *পরবর্তীতে*<br>ম্যানহাট্টান<br>ব্রুকলিন<br>কুইনস<br>ব্রঙ্কস |

ক্যাবলভিশন ও টাইমওয়ার্নার-**এ চ্যানেল ৭৪**, আরসিএন-**এ চ্যানেল ৮১** বা **ভেরাইজন** ফায়স-**এ চ্যানেল ২৪**-এ **NYC gov** দেখুন।

### সম্প্রসারণটি আপনি দেখতে পারেননি?

www.nyccfb.info/voterguide-তে সকল প্রার্থীদের ভিডিও ষ্ট্রীম করুন



## সিটিব্যাপী বিতর্কের সময়সূচী

### আসন্ন প্রাথমিক নির্বাচনী বিতর্ক

**মেয়র | ডেমোক্রেটিক**
**মঙ্গলবার, সেপ্টেম্বর ৩রা, সন্ধ্যা ৭টায়**
*টিভি*
এনবিসি ৪ নিউ ইয়র্ক (ইংরাজী)
টেলিমোন্ড নিউভা ইয়র্ক (স্প্যানিশ)
*রেডিও*
ডাব্লিউওআর রেডিও

**মেয়র | রিপাবলিকান**
**রবিবার, সেপ্টেম্বর ৮ই, সকাল ১১:৩০টায়**
*টিভি*
এনবিসি ৪ নিউ ইয়র্ক (ইংরাজী)
টেলিমোন্ড নিউভা ইয়র্ক (স্প্যানিশ)
*রেডিও*
ডাব্লিউওআর রেডিও

**মেয়র। রান অফ। ডেমোক্রেটিক***
**সোমবার, সেপ্টেম্বর ২৩শে, সন্ধ্যা ৭টায়**
*টিভি*
সিবিএস নিউজ (ইংরাজী)
ডাব্লিউএলএনওয়াই-টিভি ১০/৫৫ (স্প্যানিশ)
*রেডিও*
১০১০ উইন্স
ডাব্লিউসিবিএস নিউজরেডিও ৮৮০
*যদি প্রয়োজন হয়

### সাধারণ নির্বাচনী বিতর্ক

**মেয়র**
**মঙ্গলবার, অক্টোবর ২২শে, সন্ধ্যা ৭টায়**
*টিভি*
সিবিএস নিউজ (ইংরাজী)
ডাব্লিউএলএনওয়াই-টিভি ১০/৫৫ (স্প্যানিশ)
*রেডিও*
১০১০ উইন্স
ডাব্লিউসিবিএস নিউজরেডিও ৮৮০

**মঙ্গলবার, অক্টোবর ২৯শে, সন্ধ্যা ৭টায়**
*টিভি*
এনবিসি ৪ নিউ ইয়র্ক (ইংরাজী)
টেলিমোন্ড নিউভা ইয়র্ক (স্প্যানিশ)
*রেডিও*
ডাব্লিউওআর রেডিও

**পাবলিক অ্যাডভোকেট**
**বৃহস্পতিবার, অক্টোবর ১০ই, সন্ধ্যা ৭টায়**
*টিভি*
এনওয়াই ১ (ইংরাজী)
এনওয়াই ১ নটিসিয়াস (স্প্যানিশ)
*রেডিও*
ডাব্লিউএনওয়াইসি

**শনিবার, অক্টোবর ১৯শে, সন্ধ্যা ৭টায়**
*টিভি*
এনবিসি ৪ নিউ ইয়র্ক (ইংরাজী)
টেলিমোন্ড নিউভা ইয়র্ক (স্প্যানিশ)
*রেডিও*
ডাব্লিউওআর রেডিও

**কম্পট্রোলার**
**মঙ্গলবার, অক্টোবর ৮ই, সন্ধ্যা ৭টায়**
*টিভি*
এনওয়াই ১ (ইংরাজী)
এনওয়াই ১ নটিসিয়াস (স্প্যানিশ)
*রেডিও*
ডাব্লিউএনওয়াইসি

**বৃহস্পতিবার, অক্টোবর ২৪শে, সন্ধ্যা ৭টায়**
*টিভি*
সিবিএস নিউজ (ইংরাজী)
ডাব্লিউএলএনওয়াই-টিভি ১০/৫৫ (স্প্যানিশ)
*রেডিও*
ডাব্লিউসিবিএস নিউজরেডিও ৮৮০



যদি একজন মাত্র প্রার্থী বিতর্কের জন্য উপযুক্ত হন, তবে সেই বিতর্ক বাতিল করা হবে।

**বিতর্কগুলো স্পন্সর করেছেন**




# অনলাইন ভোটার গাইড

প্রার্থীদের প্রোফাইল এবং ভিডিও, ভোট প্রদানের তথ্য আরও তথ্যের জন্য দেখুন **www.nyccfb.info/voterguide**




# মোবাইল এপ্লিকেশন

চলার পথে ভোটের তথ্য জানার জন্য আপনার মোবাইল ডিভাইস থেকে **www.nycvotes.org**-এ দেখুন

# সিটি কাউন্সিল মেম্বার

» **কাউন্সিল ডিসট্রিক্ট 31**
**ডেমোক্রেটিক প্রাথমিক** (D)
রিকার্ডো ও. ব্রাউন (Ricardo A. Brown)
মাইকেল আর. ডানকান (Michael R. Duncan)
ডোনোভান রিচার্ডস (Donovan Richards)

» **কাউন্সিল ডিসট্রিক্ট 32**
**ডেমোক্রেটিক প্রাথমিক** (D)
উইলিয়াম রুইজ (William Ruiz)
লিউ এম. সাইমন (Lew M. Simon)

এই গাইডটি ছাপাখানায় যাবার পর উপরোক্ত প্রার্থীদের নাম থেকে কয়েকজনের নাম হয়তোবা ব্যালট থেকে বাদ দেয়া হয়েছে।

## ডেমোক্রেটিক প্রাথমিক | সিটি কাউন্সিল ডিসট্রিক্ট 31

### রিকার্ডো ও. ব্রাউন (Ricardo A. Brown)
**৩১ তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট** (D)



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্র্যাটিক

**বর্তমান পেশা:** ব্রাউন ইয়ং অ্যান্ড কোং, সিপিএ অ্যান্ড কনসালটেন্টস -এ প্রেসিডেন্ট এবং CEO।

**পূর্ববর্তী পেশা:** লং আইল্যান্ডের একটি গুরুত্বপূর্ণ অলাভজনক সংস্থার প্রাক্তন ডিরেক্টর অফ ফাইন্যান্স/CFO। পেনশন প্ল্যানের প্রাক্তন কন্ট্রোলার। প্রধান চারটি অ্যাকাউন্টিং সংস্থায় সুপারভাইজিং সিনিয়র। মাঝারী আকৃতির অ্যাকাউন্টিং সংস্থায় অডিট স্টাফ।

**শিক্ষাগত যোগ্যতা:** অ্যাপ্লয়েড সায়েন্স ইন অ্যাকাউন্টিং-এ অ্যাসোসিয়েটস ডিগ্রি করেছেন CUNY, লাগার্ডিয়া কমিউনিটি কলেজ থেকে। অ্যাকাউন্টিংয়ে ব্যাচেলরস ডিগ্রি করেছেন ওল্ড ওয়েস্টবারি-র SUNY কলেজ থেকে। ২০০১ থেকে CPA এবং ২০১২-তে আমি চার্টার্ড গ্লোবাল ম্যানেজমেন্ট অ্যাকাউন্টেন্ট (CGMA) হয়েছি।

**সাংগঠনিক সম্পৃক্ততা:** আমি স্প্রিংফিল্ড/রোজডেল সিভিক অ্যাসোসিয়েশন-এর একজন সদস্য। NYS সোসাইটি অফ CPAs এবং আমেরিকাল ইন্সটিটিউট অফ CPAs-এর সদস্য। NYSSCPA-এর ইনভেস্টমেন্ট কমিটিতে আমি আছি।

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** বিগত বছরগুলোয় আমি বিভিন্ন স্বেচ্ছাসেবক পদে কাজ করেছি, যার মধ্যে আছে তৃণমূল স্তরে সংগঠিত করা যা সেই সময়ে ওবামাকে প্রেসিডেন্ট হতে সাহায্য করেছিল। আমি কমিউনিটি গার্ডেন তৈরি ও স্থানীয় এলাকা পরিষ্কার রাখতে কাজ করছি।

brown4ny.com

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কাউন্সিল ডিস্ট্রিক্ট 31-এর কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**
(১) স্যান্ডিতে ক্ষতিগ্রস্ত এলাকার পুনর্নির্মাণ ও FEMA-র ফান্ডগুলির ক্ষেত্রে জবাবদিহি করা।
(২) যুবকদের জন্য চাকরি, এমনকি যারা এখনও পড়াশুনা করছে তাদের জন্য স্বেচ্ছাসেবকের কাজ।
(৩) বৃদ্ধদের জন্য ভালো পরিচর্যা ও মনোরঞ্জনের অভিগম্যতা।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**
(১) কমিউনিটি ও পুলিশের মধ্যে আরও বেশি সহযোগীতা।
(২) ডিস্ট্রিক্টের প্রতিটি ভাগে স্থানীয় অ্যাসোসিয়েশন দ্বারা তৈরি একটি বেসামরিক প্যাট্রল টিম তৈরি করা।
(৩) DEP-র উদ্যোগ বাড়িয়ে কমিউনিটির নিষ্কাশনের ব্যবস্থা পরিষ্কার করা যাতে বন্যা কমানো যায়।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**
আমি একজন ফাইন্যান্সিয়াল এক্সিকিউটিভ ও ক্ষুদ্র ব্যবসায়ী। একজন কর্মসংস্থান সৃষ্টিকারী যে কমিউনিটকে সেবা করতে উদগ্রীব। আমি শ্রমজীবী পরিবারদের সংগ্রাম এবং কমিউনিটির প্রয়োজনীয় গুরুত্বপূর্ণ সেবাগুলো সম্পর্কে অবহিত। আমাদের প্রয়োজন আরও ভালো স্কুল এবং নিরাপদ সড়ক আর গ্রীষ্মে যুবাদের জন্য কাজের সুযোগ। আমাদের বয়স্ক নাগরিকদের ভালো পরিচর্যা ও বিনোদনের ব্যবস্থা থাকতে হবে।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

---

### মাইকেল আর. ডানকান (Michael R. Duncan)
**৩১তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট** (D)



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্র্যাটিক
**বর্তমান পেশা:** ব্যবসায়ী, জ্যামাইকা ব্রিজ রেস্টুরেন্ট
**পূর্ববর্তী পেশা:** ট্যাক্স প্রিপেয়ার
**শিক্ষাগত যোগ্যতা:** B.B.A, অ্যাকাউন্টিং, বারুখ কলেজ (CUNY)
**সাংগঠনিক সম্পৃক্ততা:** UNIA-ACL, রোজডেল সকার ক্লাব
**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** চিফ অফ স্টাফ, ডিস্ট্রিক্ট ৩১

www.MichaelRDuncan.com

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কাউন্সিল ডিস্ট্রিক্ট 31-এর কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**
আফটার স্কুল শিক্ষা, যা নিয়মিত শিক্ষার পরিপূরক হওয়া উচিত, অনেক স্কুল বিল্ডিং থাকা সত্ত্বেও আমাদের কমিউনিটিতে এর অভাব রয়েছে। শিল্প,সঙ্গীত এবং সাংস্কৃতিক অনুষ্ঠান প্রায় নেই বলেই চলে। আমার তহবিলের ব্যয়ের অনেকটাই আমি একেবারে এই সব অনুষ্ঠানের জন্য বিনিয়োগ করার পরিকল্পনা করেছি, কারণ এগুলি আমাদের সন্তানদের পরিপূর্ণ উন্নতির জন্য খুবই দরকার।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**
কমিউনিটির জন্য সারা বছর ধরে বড়দের এবং গ্রীষ্মের ছুটিতে তরুণদের অর্থনৈতিক সুযোগ সৃষ্টি করা খুব গুরুতর। আমরা জানি যে চাকরি এবং অর্থনৈতিক উন্নতি পারস্পরিক পরিপূরক; চাকরির জন্যই অর্থনৈতিক উন্নতি হয়। চাকরিরত কর্মীরা সমাজে অনেক টাকা খরচা করে, যা আরো অনেক চাকরি এবং অর্থনৈতিক স্থিতি তৈরি করে। এই কারণে আমি কমিউনিটিতে স্বনির্ভর হওয়ার সুযোগের প্রচলন করতে চাই।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**
আমি এই কমিউনিটির একজন সেবক - রোজডেল সকার ক্লাবের মাধ্যমে, ১৮ বছরেরও বেশি সময় ধরে দক্ষিণপূর্ব কুইন্সের যুবকদের সেবা করে আসছি,"হট শীটস" মোটেলের (হাই স্কুল এবং মিডল স্কুলের বিপরীত দিকের রাস্তা জুড়ে) বিরুদ্ধে লড়াইয়ে নেতৃত্ব দিয়েছি, PS ১৯৫, JHS ২৩১ এবং স্প্রিংফিল্ড গার্ডেন্স হাইস্কুলের PTAএ-র সভাপতি ছিলাম, যারা কম ভাগ্যবান তাদের জন্য ইমিগ্রেশন সার্ভিসের ব্যবস্থা করেছি, ডিস্ট্রিক্ট ৩১-এর চিফ অফ স্টাফ ছিলাম এবং জ্যামাইকা ব্রীজ রেস্টুরেন্টের ব্যবসার মালিক হিসেবে আমি কর্মসংস্থান সৃষ্টি করেছি এবং ক্রমাগত তৃণমূল কমিউনিটি অ্যাক্টিভিস্ট হওয়ায় আমাকে এই পরিস্থিতিতে নিয়ে এসেছে। অর্থনৈতিক স্ব-নির্ভরতা আমি স্বেচ্ছায় গ্রহণ এবং সমর্থন করি এবং এই কারণে আমি কমিউনিটির জন্য কিছু করতে চাই।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

## ডোনোভান রিচার্ডস (Donovan Richards)

### ৩১ তম সিটি কাউন্সিল ডিসট্রিক্ট (D)



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্র্যাটিক

**বর্তমান পেশা:** নিউ ইয়র্ক সিটি কাউন্সিল মেম্বার, ডিসট্রিক্ট ৩১

**পূর্ববর্তী পেশা:** চীফ অফ স্টাফ, নিউ ইয়র্ক সিটি কাউন্সিল মেম্বার, James Sanders Jr. [জেমস স্যাণ্ডারস জুনিয়র], ডিসট্রিক্ট ৩১

**শিক্ষাগত যোগ্যতা:** ভন কলেজ অফ এরোনটিক্স থেকে এভিয়েশন ম্যানেজমেন্ট-এ এ্যাসোসিয়েট ডিগ্রী।

**সাংগঠনিক সম্পৃক্ততা:** প্রাপ্ত নয়

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** চীফ অফ স্টাফ, নিউ ইয়র্ক সিটি কাউন্সিল মেম্বার, James Sanders Jr. [জেমস স্যাণ্ডারস জুনিয়র], ডিসট্রিক্ট ৩১।

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কাউন্সিল ডিস্ট্রিক্ট 31-এর কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

সিটি কাউন্সিল ডিসট্রিক্ট ৩১-এর অধিবাসীদের জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে স্থানীয়ভাবে ও সিটি ব্যাপী অর্থনৈতিক উন্নতি সাধন। এই বিষয়টিকে যথাযথভাবে বাস্তবায়ন করার সবচেয়ে কার্যকারী উপায়গুলির অন্যতম হল ডিসট্রিক্ট অধিবাসীদের জন্য স্থানীয় কর্মসংস্থান সৃষ্টি করা।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

অবশ্যই, হ্যারিকেন স্যান্ডির অবিরাম পুনরুদ্ধার-কার্য আমাদের কাছে সবচেয়ে অগ্রাধিকার পাবে। তার সাথে সাথে, আমাদের দেখতে হবে যে, সরকারী স্কুল ও পাঠাগার-গুলিতে সিটি যেন পুনরায় বিনিয়োগ করে। এছাড়াও, আমাদের সন্তানদের জন্য নেবারহুডগুলোকে নিরাপদ রাখা, আমাদের রাস্তা থেকে অস্ত্র অপসারণ করা এবং Stop & Frisk নীতি যা আমাদের সম্প্রদায়কে আঘাত দিয়েছে ও অল্পবয়স্কদের প্রতি লক্ষ্যীভূত হয়েছে, তা বন্ধ করতে আমাদের সংগ্রাম চালিয়ে যাব।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

বিশেষ নির্বাচনে আমি বিজয়ী হবার পর এই অল্প কয়েক মাসে আমি প্রমাণ করেছি যে ডিসট্রিক্টের উন্নতি করতে সক্ষম। সিটির আইনপ্রণয়নে আমি এমন প্রস্তাব এনেছি যাতে স্বচ্ছতা সৃষ্টি হবে এবং ত্রাণকার্যে অর্থপ্রদানের গতিবিধি অনুসরণ করে এটা নিশ্চিত করা হবে যে যেখানে সবচেয়ে প্রয়োজন, অর্থ সেখানেই প্রদান করা হচ্ছে ও স্যান্ডি পুনঃনির্মাণ কাজে থেকে স্থানীয় কর্মসংস্থান হচ্ছে। আমাদের নির্বাচনী এলাকায় A ট্রেন পুনরায় চালু করার জন্যে আমি MTA-র সঙ্গেও কাজ করেছি। আরো অনেক কাজ করা বাকী আছে। আমাদের এলাকার জন্যে আমার লড়াই করার যে পূর্ব নজির আছে তাতে এটাই প্রমাণিত হয় যে, সিটি কাউন্সিলে আমার নির্বাচনী এলাকাবাসীর পক্ষ নিয়ে তাদের হয়ে নেতৃত্ব চালিয়ে যাওয়ার ক্ষমতা আমার আছে।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

www.donovanrichards2013.com | drichardsnyccouncil

# ডেমোক্রেটিক প্রাথমিক | সিটি কাউন্সিল ডিসট্রিক্ট 32

## উইলিয়াম রুইজ (William Ruiz)

### ৩২তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট (D)



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্র্যাটিক

**বর্তমান পেশা:** প্রপার্টি ম্যানেজার

**পূর্ববর্তী পেশা:** হাউজিং অ্যাডভোকেট

**শিক্ষাগত যোগ্যতা:** B.S. হিউমান সার্ভিসেস

**সাংগঠনিক সম্পৃক্ততা:** হাইল্যান্ড পার্ক CDC অর্গ-এর বোর্ড অফ ডিরেক্টর্সের চেয়ারম্যান

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** বাড়ির মালিক ও ভাড়াটেদের মধ্যে হাউজিং লিয়াজঁ

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কাউন্সিল ডিস্ট্রিক্ট 32-এর কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

বোর্ড অফ এডুকেশন-এর শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে হালাল খাবার দেওয়া হবে।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

জনসাধারণের নিরাপত্তা

আবাসন

কর্ম সংস্থান

প্রতি বছরে চন্দ্র মাসের ক্যালেন্ডারের ভিত্তিতে দুটি ঈদের ছুটি

আফটার স্কুল প্রোগ্রাম

সিনিয়র সিটিজেনদের প্রোগ্রাম

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

আমি বিশ্বাস করি আমার শিক্ষা ও আমার পূর্ব অভিজ্ঞতার কারণে আমি এই ডিস্ট্রিক্টের জন্য সবচেয়ে ভালো প্রার্থী । আমি অনেকগুলি সংগঠনের সাথে কাজ করেছি যাদের সাথে আমি জড়িত আছি। আমাদের কমিউনিটির সমৃদ্ধি জন্য আমি কাজ করে যাব। আমি আমার কমিউনিটির সাংস্কৃতিক মূল্যবোধ বুঝি আর তাদের চাহিদা ও প্রয়োজনের কথা নিয়মিত শুনি। সিটি কাউন্সিল সদস্য হিসাবে নির্বাচিত হলে, আমি জানি আমার ডিস্ট্রিক্টের কমিউনিটির সাথে আমি কাজ করতে পারব।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

## লিউ এম. সাইমন (Lew M. Simon)

### ৩২ তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট (D)



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্র্যাটিক

**বর্তমান পেশা:** বেসরকারী স্কুল শিক্ষক

**পূর্ববর্তী পেশা:** নিউ ইয়র্ক স্টেট সেনেট-এর কমিউনিটি লিয়াজঁ

**শিক্ষাগত যোগ্যতা:** বিচ চ্যানেল হাই স্কুল থেকে গ্র্যাজুয়েট, ব্রুকলিন কলেজেও পড়েছেন

**সাংগঠনিক সম্পৃক্ততা:** গুড গভর্নমেন্ট রেগুলার ডেমোক্র্যাটিক ক্লাব-এর এক্সিকিউটিভ মেম্বার, কুইন্স কাউন্টি সেন্ট প্যাট্রিকস ডে প্যারেড কমিটি-র বোর্ড অফ ডিরেক্টরস

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** অ্যাসেম্বলি ডিস্ট্রিক্ট নেতা ১৯৯৪ থেকে এখন পর্যন্ত

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কাউন্সিল ডিস্ট্রিক্ট 32-এর কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

**পুনর্নির্মাণ ও মেরামত:** হ্যারিকেন স্যান্ডির কারণে আমাদের এই ডিস্ট্রিক্টে অনেক ক্ষয়ক্ষতি হয়েছে। আমাদের প্রয়োজন একটি দৃঢ় নেতৃত্বের যাতে আমরা নিশ্চিত করতে পারি যে ক্ষতিগ্রস্ত স্থানে সুরক্ষা দেওয়া যায়। আমাদের প্রয়োজন জ্যামাইকা বে-এ সমুদ্র প্রতিরোধী বাঁধ, নতুন ব্রডওয়াক ও বন্যা নিয়ন্ত্রণ গেট এবং বালিয়াড়ি পদ্ধতি ও হেসকো প্রতিরোধ দ্বিগুণ করা।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

**পরিবহণ:** আমরা পুরোনো রক-অ্যাওয়ে বিচ LIRR লাইনকে আবার চালু করার কাজ করব, ম্যানহ্যাটনে এক্সপ্রেস বাস দিনে ২০ ঘন্টা চালানো, কুইন্সের বাসিন্দাদের জন্য ক্রস-বে ব্রিজ টোল বন্ধ করতে এবং হাওয়ার্ড বিচ ও রক-অ্যাওয়ে থেকে সপ্তাহে ৭ দিন বিনামূল্যে বা $২.00 মূল্যের ফেরি চালানোর। ক্রস-বে ও উডহ্যাভেন বুলোভার্ড এবং HOV লেনে ব্যস্ত সময়ে ক্যামেরা লাইটস বন্ধ করা।

**শিক্ষা:** যথেষ্ট সংখ্যক স্কুল তৈরি করব যাতে সব পরিবারের শিশুদের কাছে পড়শুনা করার মতো স্থানীয় এলাকার স্কুল থাকে। মাধ্যমিক ও হাইস্কুল-কে পুরানো পন্থী হতে হবে, **কমিউনিটি এলাকায় হতে হবে**, এবং এই স্কুলগুলিতে বুলিইং (স্কুলের কিছু ছাত্র দ্বারা অন্যান্যদের ভয় দেখানো) বন্ধ করা নিশ্চিত হতে হবে। স্কুলের বন্ধ হয়ে যাওয়া ঠেকাতে হবে ও ছাত্র এবং শিক্ষকদের অদল-বদল করতে হবে। উন্নতির জন্য সম্পদ দিতে হবে।

**স্বাস্থ্য সেবা: রক-অ্যাওয়েতে আমাদের প্রয়োজন অত্যাধুনিক কমিউনিটি হাসপাতাল।**

**বৃদ্ধরা:** সিনিয়র সেন্টার বন্ধ না করা ও কোনো রকম তাদের অনুদান কমানো হবে না।

**জীবনযাত্রার মান:** প্রতিটি কমিউনিটি বোর্ডে একজন বিল্ডিং ইন্সপেক্টর নিয়োগ করা যাতে অবৈধ রূপান্তর বন্ধ করা যায়।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

**ব্যক্তিগত সেবা দিনে ২৫ ঘন্টা চলবে।** সব ফোন কলের উত্তর দেওয়া হবে। আমি সিটি, স্টেট ও ফেডারেল এজেন্সিদের সাথে ভাল কর্ম সম্পর্ক গড়ে তুলেছি যাতে তাদের থেকে অবিলম্বে সহায়তা পাওয়া যায়। রাস্তায় আলো, রাস্তায় গর্ত, পানির বিল, সোশ্যাল সিকিউরিটি, NYC বিল্ডিং ডিপার্টমেন্ট, দ্রুত মেরামত ইত্যাদি। আমরা সব মিটিং ও কমিউনিটি অনুষ্ঠানে উপস্থিত থাকি এবং তহবিল গড়তে আমি নিজে উদ্যোগ নেব। সম্ভবত আমি নির্বাচিত কর্মকর্তাদের মধ্যে সবচেয়ে সহজলভ্য। কর্মীসহ আপনাদের কাউন্সিলম্যান-এর তুলনায় আমি ১০ গুণ বেশি কাজ করতে পারব। আমার হৃদয় খুব বড় এবং আমি আপনাদের জন্য লড়াই করে চলেছি। আমি কর্ম সম্পাদন না হওয়া পর্যন্ত থামি না।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

# সিটি কাউন্সিল মেম্বার

» **কাউন্সিল ডিসট্রিক্ট 34**
**ডেমোক্রেটিক প্রাথমিক** (D)
ভিটো জে. লোপেজ (Vito J. Lopez)
অ্যান্টোনিও রেইনোসো (Antonio Reynoso)
গ্লাডিস স্যান্টিয়াগো (Gladys Santiago)
উমবার্টো সোটো (Humberto Soto)
টমি টরেস (Tommy Torres)

» **ওয়ার্কিং ফ্যামিলিস প্রাথমিক** † (WF)
অ্যান্টোনিও রেইনোসো (Antonio Reynoso)

এই গাইডটি ছাপাখানায় যাবার পর উপরোক্ত প্রার্থীদের নাম থেকে কয়েকজনের নাম হয়তোবা ব্যালট থেকে বাদ দেয়া হয়েছে।
† এই প্রাথমিক নির্বাচনে আপনি রাইত-ইন প্রার্থীকে ভোট দিতে পারেন।

## ডেমোক্রেটিক প্রাথমিক | ওয়ার্কিং ফ্যামিলিস প্রাথমিক | সিটি কাউন্সিল ডিসট্রিক্ট 34

### ভিটো জে. লোপেজ (Vito J. Lopez)
**৩৪ তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট** (D)

ছবি পাওয়া যায়নি

**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্র্যাটিক

**বর্তমান পেশা:** ৫৩তম অ্যাসেম্বলি ডিস্ট্রিক্ট-এর স্টেট কমিটিম্যান/পুরুষ জেলা স্তরের নেতা

**পূর্ববর্তী পেশা:** সোশ্যাল ওয়ার্কার; প্রফেসর

**শিক্ষাগত যোগ্যতা:** উরজওয়াইলার স্কুল অফ সোশ্যাল ওয়ার্ক, ইয়েশিভা ইউনিভার্সিটি, ১৯৭০; BS, লং আইল্যান্ড ইউনিভার্সিটি, ১৯৬৪

**সাংগঠনিক সম্পৃক্ততা:** ব্রুকলিন ইউনিডোস, প্রতিষ্ঠতা; সাউথ সাইড টাস্ক ফোর্স, প্রতিষ্ঠতা; নর্থ ব্রুকলিন পাবলিক হাউজিং কোয়ালিশন, প্রতিষ্ঠতা; বুশউইক পেরেন্ট কোয়ালিশন, প্রতিষ্ঠতা;

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** নিউ ইয়র্ক স্টেট অ্যাসেম্বলি-র সদস্য, ৫৩তম অ্যাসেম্বলি ডিস্ট্রিক্ট

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কাউন্সিল ডিস্ট্রিক্ট 34-এর কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

সাধ্যের মধ্যে আবাসন: আমি সমগ্র নিউ ইয়র্ক ষ্টেটে সাধ্যের মধ্যে আবাসনের পক্ষে কথা বলেছি। ৫৩তম অ্যাসেম্বলি ডিস্ট্রিক্টে, আমি ১০০০টিরও বেশি ইউনিট সত্যিকারের সাধ্যের মধ্যে আবাসন তৈরি করেছি। আমি একটি জরুরি বিষয়কে উৎসাহ দিতে বিভিন্ন ধর্মের বিভিন্ন গ্রুপকে একত্রে এনেছি সেটি হল: সাধ্যের মধ্যে আবাসন। অ্যাসেম্বলি হাউজিং কমিটিতে চেয়ারের দায়িত্বে আমার নেতৃত্বে, ভাড়া থেকে লফট ল প্রোটেকশন ইত্যাদি বিভিন্ন বিষয় আমি সমাধান করেছি ও সেই বিষয়ে আইন করেছি।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

আপনাদের কাউন্সিল সদস্য হিসাবে আমি এই কমিউনিটির গুরুত্বপূর্ণ বিষয়ে কাজ করতে থাকব যেমন: চাকরি সংক্রান্ত প্রশিক্ষণ পাওয়া ও চাকরির বিভিন্ন প্রোগ্রামে অংশগ্রহণ করা, আমাদের শিক্ষা ব্যবস্থা উন্নত করা, এবং সেইসব পরিষেবা দেওয়া যা আমাদের পরিবেশকে আরও ভালো করে তুলবে। এছাড়াও আমাদের সিটি হল অনেক দিন যাবত অগ্রাহ্য করে চলেছে। আমাদের এমন একজন সিটি কাউন্সিল প্রতিনিধির প্রয়োজন যে আমাদের কমিউনিটিতে আরও কাজ কর্ম নিয়ে আসবে। আমি কাজ করব যাতে আমি যে কোয়ালিশনগুলি তৈরি করেছি ব্রুকলিন জুড়ে তা দিয়ে কাজ করা যায় রিজউডেও।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

১৯৭০-এ বুশউইক পুড়ে যাওয়ার ফলে প্রচুর ক্ষতি হয়েছিল। আমি তখন কমিউনিটির নেতাদের সাথে দিনে ও রাতে একটানা কাজ করেছিলাম, যাতে বর্তমানে এই কমিউনিটি যে অবস্থায় আছে সেই পর্যায়ে আনা যায়। একজন জাঁদরেল অ্যাডভোকেট হিসাবে আমার সমালোচকদের সংখ্যা বাড়িয়েছে, কিন্তু আমার কৃতকর্মই বলবে বুশউইকের জন্য আমি কি পরিমাণ কাজ করেছি। আমি সিটি হলে এই কঠোর মনোভাবের নিয়ে যাব, যাতে আমাদের ডে-কেয়ার সেন্টারগুলি খোলা রাখতে পারে, উইলিয়ামসবার্গ যেন সমান অনুদান পায় এবং রিজউডক উপেক্ষিত না হয়।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

---

### অ্যান্টোনিও রেইনোসো (Antonio Reynoso)
**৩৪ তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্** (D, WF)



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্র্যাটিক

**বর্তমান পেশা:** NYC কাউন্সিল সদস্যা ডায়না রেইনা-র চিফ অফ স্টাফ

**পূর্ববর্তী পেশা:** কমিউনিটি সংগঠক

**শিক্ষাগত যোগ্যতা:** ল্য ময়েন কলেজ, সিরাকিউস NY, রাষ্ট্রবিজ্ঞানে BS

**সাংগঠনিক সম্পৃক্ততা:** নিউ কিং ডেমোক্র্যাটস

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** কাউন্সিল সদস্যা ডায়না রেইনা-র চিফ অফ স্টাফ-এর কাজ করার আগে আমি নিউ ইয়র্ক সিটিব্যাপী চাইল্ড কেয়ার কর্মীদের কমিউনিটি ও শ্রমিক সংগঠকের কাজ করেছি।

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কাউন্সিল ডিস্ট্রিক্ট 34-এর কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

কর্মজিবী পরিবার সমূহ তাঁদের বিল পরিশোধ ও ক্রমবর্ধমান মূল্য বৃদ্ধি সংগ্রাম করছে। তাই আমি প্রথম দিন থেকেই নিউ ইয়র্কের অর্থনীতি উন্নতি, জীবন ধারণ করা যায় এমন বেতনের চাকরি আর সাধ্যের মধ্যে আবাসনের সুযোগ বৃদ্ধি করার জন্য কাজ করব। নিউ ইয়র্ককে সুযোগের স্বর্ণক্ষেত্র হিসাবে ধরে রাখতে হবে, যেখানে আমার পরিবারের মত পরিবারগুলো তাদের সন্তানের জন্য একটি ভালো জীবন তৈরি করার লক্ষে পরিশ্রম করতে পারে। ন্যায়সঙ্গত ও দীর্ঘ মেয়াদী অর্জনের জন্য আমার কাছে থাকা সমস্ত উপায় আমি ব্যবহার করব।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

আমি কাউন্সিল সদস্য হিসাবে আমাদের শিশুদের ও বৃদ্ধদের জন্য যাতে তাদের আওয়াজ সিটি হলে পৌঁছে দেওয়ায় জন্য লড়াই করব। আমি সরকারী স্কুলের পরিকাঠামো উন্নত করতে কাজ করব এবং শিশুদের শৈশব বয়সের শিক্ষার জন্য প্রয়োজনীয় তহবিল বাড়াবো। আমি নিশ্চিত করব যাতে করে আমাদের বৃদ্ধরা আর্থিক সুরক্ষা পান এবং আত্নসম্মানের সাথে থাকতে পারেন। আমি সিনিয়র সেন্টারে সেবায় বিনিয়োগ করব যেখানে নির্দিষ্ট আয়ের সিনিয়রদের সেবা করা হবে। আমাকে সিটি হলে পাঠান - আর আমি নিশ্চিত করব যাতে প্রশাসন সবার জন্য কাজ করে - শুধুমাত্র ধনী ও খুব ভালো রকম পরিচিত ব্যক্তিদের জন্যই নয়।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**


আমি এই কমিউনিটিতেই জন্মেছি ও বড়ো হয়েছি এবং আমি চাই ৩৪তম ডিস্ট্রিক্টের জনগনের সেবা করতে। আমি এখানে জীবনভর থেকেছি ও কাজ করেছি, আমি আমাদের কমিউনিটিকে জানি ও তার চ্যালেঞ্জগুলি সম্পর্কে অনের বেশী অবহিত। আমি জানি যে আমাদের চাই সাধ্যের মধ্যে আবাসন, ভালো শিক্ষা প্রতিষ্ঠান এবং চাকরির দৃঢ় সুযোগগুলি, যাতে নিউ ইয়র্ক সবার জন্যই প্রচুর সুযোগের ভূমি হয়ে উঠে তা নিশ্চিত করা। আমাদের কমিউনিটির প্রয়োজন শক্তিশালী নেতৃত্বের, যাঁর নিষ্ঠা ও অভিজ্ঞতা আছে যাতে তিনি উইলিয়ামসবার্গ, বুশউইক এবং রিজউড-এর নেবারহুডকে সেবা করতে পারেন।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

www.antonioreynoso2013.com

## গ্লাডিস স্যান্টিয়াগো (Gladys Santiago)

### ৩৪ তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট (D)



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্রেটিক

**বর্তমান পেশা:** এই কমিউনিটির সঙ্গে কাজ করছেন

**পূর্ববর্তী পেশা:** হোম হেলথ এইড

**শিক্ষাগত যোগ্যতা:** বাসউইক হাই স্কুল এবং N.Y.C.C.C

**সাংগঠনিক সম্পৃক্ততা:** কমিউনিটি বোর্ড নম্বর # ১,৪ ও ৫। আদালত কর্তৃক রোড নিউইয়র্ক এবং ৭এ অ্যাডমিনিস্টর তৈরী করেছেন।

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** ২০০২ সালের অ্যাসেম্বলি ডিস্ট্রিক্টে ৫৪তমের ডিস্ট্রিক্ট লিডার এবং ১৯৮৬ সালের নভেম্বর মাসে ব্রুকলীন শহরে ডেমোক্রেটিক পার্টিতে প্রতিনিধিত্ব

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কাউন্সিল ডিস্ট্রিক্ট 34-এর কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

ক্রয়োপযোগী, নিরাপদ গৃহ তার সাথে সাথে স্বাস্থ্য কর্মসূচির উন্নতির জন্য চাইল্ড কেয়ার, শ্রমজীবি পরিবারগুলির উজ্বল ভবিষ্যতের জন্য সমতা আনা, বয়স্ক নাগরিকদের সর্বোত্তম চিকিৎসা বেছে নেবার অধিকার রক্ষা এবং আমরা সকলে আমাদের যুব সম্প্রদায়ের কথা ভুলে গেলে চলবে না, আমাদেরকে তাদের ভবিষ্যত আরো সুন্দর করে গড়ে তুলতে হবে এবং ফায়ার হাউস (দমকল) খোলা রাখার জন্য লড়াই চালিয়ে যেতে হবে, ও স্কুলের তহবিল প্রাপ্তির আমাদের যে অধিকার তার জন্য লড়াই চালাতে হবে এবং বয়স্ক কেন্দ্রগুলি খোলা রাখার লড়াই চালিয়ে যেতে হবে।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

আমি শিশু এবং বয়স্কদের স্বাস্থ্য পরিচর্যার জন্য সংগ্রাম করে যাব এবং আমার সর্বোচ্চ দেবার চেষ্টা করব যাতে আমাদের এই কমিউনিটি ভালো স্বাস্থ্যের জন্য শক্তিশালী হয়ে উঠতে পারে ও স্কুলে সফল হবার জন্য শিক্ষা পেতে পারে এবং তারা যখন স্কুল শেষ করবে যাতে তারা তাদের কাজের নিশ্চয়তা পেতে পারে তার ব্যবস্থা করা হবে।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

আমি সর্বদা ক্রয়োপযোগী আবাসন, চাইল্ড কেয়ার, শিক্ষা, চাকুরী এবং আমাদের এই কমিউনিটিকে সুরক্ষিত রাখবার জন্য সংগ্রাম করব। যখনই আমাকে ওদের প্রয়োজন হয় আমি তখনই তাদের মাঝে গিয়ে উপস্থিত হই, আমি কখনও কাউকে না বলি না। আমি যদি এই নির্বাচনে জয়লাভ করতে পারি সেক্ষেত্রে আমি বিভিন্ন কর্মসূচি রূপায়নের জন্য সর্বতোভাবে চেষ্টা চালিয়ে যাব, আমি এই কার্যালয়ের জন্য নিজেকে একজন সর্বোত্তম প্রার্থী হিসাবে উপস্থাপন করব কেননা আমি কখনই কাউকে না বলি না এবং বিজয়ী বা পরাজিত হই, আমি এখানেই থাকব। এই কারণে আমি নিজেকে সর্বোত্তম প্রার্থী বলে উপস্থাপন করছি।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

---

## উমবার্টো সোটো (Humberto Soto)

### ৩৪ তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট (D)



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্র্যাটিক

**বর্তমান পেশা:** বরিকুয়া কলেজ - অ্যাডমিশন ডিপার্টমেন্ট - অফিসার, ব্রুকলিন, NY

**পূর্ববর্তী পেশা:** প্রপার্টি ম্যানেজমেন্ট - ডিরেক্টর - ব্রুকলিন, NY

**শিক্ষাগত যোগ্যতা:** ল্যাটিন আমেরিকান ও ক্যারিবিয়ান স্টাডিজ-এ মাস্টার্স - বরিকুয়া কলেজ, নিউ ইয়র্ক, NY - ব্যাচেলর অফ সায়েন্স - বরিকুয়া কলেজ, নিউ ইয়র্ক, NY - অপারেটিং রুম টেকনিশিয়ান - বেলা ভিস্টা হসপিটাল - মায়াগেজ, পুয়োর্তো রিকো

**সাংগঠনিক সম্পৃক্ততা:** প্রেসিডেন্ট / প্রতিষ্ঠাতা - পুয়ের্তো রিকান স্টেট প্যারেড অ্যান্ড ফেস্টাভাল নিউ ইয়র্ক ইনক. - www.puertoricandayparadeofny.com – ২০০৫ থেকে বর্তমান - প্রেসিডেন্ট / প্রতিষ্ঠাতা - নিউ ইয়র্ক ল্যাটিনো ইন্ডেপন্ডেন্ট ডেমোক্র্যাটিক ক্লাব ইনক www.latinovoteny.org

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** নিউ ইয়র্ক শহরে হাসপাতাল, স্কুল এবং চার্চে স্বেচ্ছাসেবক।

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কাউন্সিল ডিস্ট্রিক্ট 34-এর কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

আমার কাছে সবচেয়ে বড় সমস্যা হল আবাসন, নিউ ইয়র্ক সিটির ভাড়া নিয়ন্ত্রণের বাইরে।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

অন্য গুরুত্বপূর্ণ সমস্যা হল শিক্ষা ব্যবস্থা যা ,খুবই গুরুতর, বিশেষ করে আমার কমিউনিটিতে।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

কমিউনিটিতে আমার অভিজ্ঞতা ও কাজ করা গত ২৯ বছর ধরে।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

latinovoteny.org | Humberto.Soto.3367

---

## টমি টরেস (Tommy Torres)

### ৩৪ তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট (D)



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্রেটিক

**বর্তমান পেশা:** নিউ ইয়র্ক সিটি সরকারি স্কুলের শিক্ষক

**পূর্ববর্তী পেশা:** N/A

**শিক্ষাগত যোগ্যতা:** সেন্ট ফ্রান্সিস কলেজ ১৯৯৬ B.A. বিজনেস ম্যানেজমেন্ট, মার্সি কলেজ ২০০২ M.A. প্রাথমিক শিক্ষা, সেন্ট রোজ কলেজ ২০০৬ সার্টিফিকেট স্কুল সুপারভিশন এন্ড অ্যাডমিনিস্ট্রেশন, গ্রোভার ক্লিভল্যান্ড এইচ.এস. ১৯৯১, JHS ১২৬, PS ১৩২

**সাংগঠনিক সম্পৃক্ততা:** কমিউনিটি পরামর্শদান বোর্ড উডহাল হাসপাতাল ব্রুকলিন, গ্র্যান্ড স্ট্রিট ক্যাম্পাস উলভস্বেসবল, উইলিয়ামস্বার্গ বেসবল লিগ, নিউ ইয়র্ক স্টেট এম্পায়ার স্টেট গেমস NYC অঞ্চল, ব্রুকলিন থ্রি কিংগস্ডে প্যারেড ইনকর্পোরেশন, বোরিনকুয়েন সিনিয়র সেন্টার, NYC উলফপ্যাক ফুটবল, NYC অন পয়েন্ট বাস্কেটবল, 5 বোরো বাস্কেটবল লিগ, ন্যাশনাল ল্যাটিনো অফিসার্স অ্যাসোসিয়েশন, সমোস এল ফুচারো

**সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা:** N/A

**১। আপনি যদি নির্বাচিত হন, তবে কাউন্সিল ডিস্ট্রিক্ট 34-এর কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?**

সবচেয়ে জরুরি বিষয় হল কম খরচের বাড়ি নির্মাণ এবং সংরক্ষণ।

**২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?**

৩৪তম কাউন্সিলের ডিসট্রিক্টে নানা গুরুত্বপূর্ণ বিষয় রয়েছে। শিক্ষা হল আমার ভাবনা চিন্তার মূল ভিত্তি। একজন শিক্ষক হিসাবে আমি বুঝি যে আমাদের শ্রেণীকক্ষগুলির জন্য সম্পদ সংরক্ষণ করাটা কতটা গুরুত্বপূর্ণ, এবং আমাদের কমিউনিটির কাছে এর মূল্য কতখানি। সিটি হলে আমরা যা কিছু সিদ্ধান্ত নেই সেটা আমাদের ভবিষ্যৎ প্রজন্মের এবং শিক্ষক/শিক্ষিকাদের উপরে প্রভাব ফেলে। অগ্রাধিকার ভিত্তিতে বয়স্ক নাগরিকদের পরিষেবার পরিমাণে বিস্তার এবং সংরক্ষিত করাতে হবে। বয়স্ক ব্যক্তিরা হলেন কমিউনিটির মেরুদণ্ড স্বরূপ। তাঁরা পারিপার্শ্বিকতাকে এমন ভাবে রূপ দিয়েছেন যেন কমিউনিটির মানুষ সেটাকে উপভোগ করতে পারেন। কর্মসংস্থান সৃষ্টি হল গুরুত্বপূর্ণ, বেকারত্ব সর্বোচ্চ পৌঁছিয়েছে এবং চাকরির সুযোগ সর্বনিম্ন স্তরে আছে। আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি ক্ষুদ্র ব্যবসাই হলো সচ্ছলতায় পৌঁছানোর পথ, এবং আমি তা শক্তিশালী করার জন্য কাজ করব।

**৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?**

আমি এই ডিসট্রিক্টে আজীবন বাসিন্দা, NYC সরকারি স্কুলের শিক্ষক এবং একজন কমিউনিটির নেতা হবার দরুন আমি জানি যে আমাদের নেইবারহুড কি চ্যালেঞ্জের মুখোমুখি হয়েছেন। আমাদের এমন একজন প্রতিনিধি দরকার কেবল একজন প্রতিনিধিই নন, বরং একজন নিবিড় ভাবে জড়িত সদস্য হবেন। একটা পদ পাওয়া বা অফিসে বসাটাই যথেষ্ট না, আমাদের এমন একজনকে চাই যিনি যে কোন কাজে নিজের হাত লাগাতে প্রস্তুত, সম্পাদন করতে এবং জবাবদিহি করতে পারেন। আমি বিশ্বাস করি না যে পেছন দরজা দিয়ে কোন ষড়যন্ত্র করে কেউ পরবর্তী সিটি কাউন্সিলের সদস্যপদ পেয়ে যাবেন, আমি বিশ্বাস করি, আপনার মেধার গুণেই আপনি কিছু অর্জন করতে পারবেন। আমি গণতান্ত্রিক প্রক্রিয়ায় বিশ্বাস করি, এবং তৃণমূল স্তরের প্রচার করায় বিশ্বাস করি। আমি তেমনই এক উদাহরণ। আমি বিষয়গুলি বুঝি, প্রয়োজনীয়তাগুলিকে স্পষ্ট করে ব্যক্ত করতে পারি, এবং আমি ৩৪তম ডিসট্রিক্টের সংগ্রামের ময়দানে যেতে প্রস্তুত।


প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

friendsoftommytorres.com | tommy-torres-for-city-council/40852851250436 | tommytorres2

# কিভাবে ভোট দিতে হবে?




ভোটিং মেশিনের পর্দা সরিয়ে ভেতরে প্রবেশ করুন। (আপনি ভেতরে ঢুকে গেলে পর্দাগুলি বন্ধ হয়ে যাবে এবং বন্ধই থাকবে।) বড় লাল হাতলটিকে ডানদিকে টানুন **(A)**। আপনার সমস্ত নির্বাচন সম্পূর্ণ না হওয়া পর্যন্ত বড় লাল হাতলটিকে আর নাড়াবেন না।




আপনার পছন্দের প্রার্থীর নামের পাশের লিভারটি চাপ দিয়ে নামিয়ে দিন **(B)**। আপনার পছন্দের পাশের ঘরে একটি "X" চিহ্ন দেখা দেবে। যদি ভুল করে থাকেন তা হলে লিভারটি ঠেলে আবার তুলে দিন ও সঠিক লিভারটি চাপুন।




আপনার পছন্দের সকল প্রার্থী নির্বাচন করা শেষ হয়ে গেলে, লিভারগুলি নামিয়েই রাখুন এবং বড় লাল লিভারটিকে একেবারে বাঁম দিকে ঠেলে দিন **(C)**। লিভারগুলি আগের অবস্থায় ফিরে যাবে এবং আপনার ভোট গণনা হয়ে যাবে। বন্ধ পর্দার মধ্যে দিয়ে বুথ ছেড়ে বেরিয়ে যান।

**এই প্রাথমিক নির্বাচন** এবং এর অন্তর্গত যে কোনো প্রয়োজনীয় রানঅফ প্রাইমারির জন্য সিটি BOE-কে ২০১০-এ প্রবর্তিত কাগজের ব্যালট ও স্ক্যানারের বদলে লিভার **ভোটিং মেশিন** ব্যবহার করার অনুমোদন করেছে।

## রাইট-ইন প্রার্থী

বেশির ভাগ পদের জন্যই, আপনি এমন প্রার্থীকে ভোট দিবেন যাদের নাম ব্যালটে নেই ("রাইট-ইন" প্রার্থী)। ভোটিং মেসিনের একেবারে বাঁম দিকে নম্বর লেখা স্লটগুলির সারি(কলাম)টির ওপরে একটি বোতাম রয়েছে। বোতামটি চেপে রাখুন ও যে পদের জন্য আপনি প্রার্থীর নাম লিখতে চান তার বিপরীত দিকের স্লটটি খুলুন। ওই স্লটে আপনি যে প্রার্থীকে চান তাঁর নাম লিখুন। ভোটিং মেশিনের ভেতরে বাঁ দিকে একটি পেনসিল পাবেন। অন্যান্য পদের জন্য একই ভাবে ভোট দিন। আরও জানতে ভোটকর্মীকে জিজ্ঞাসা করুন বা **866-VOTE-NYC** নম্বরে ফোন করুন।

## ব্যালট মার্কিং ডিভাইস

ভোটদাতারা, বিশেষ করে প্রতিবন্ধী ভোটার, তাঁরা যাতে স্বাবলম্বী ও গোপনভাবে ভোট দিতে পারেন সেই জন্য পোলিং সাইটগুলিতে ব্যালট মার্কিং ডিভাইসও(BMDs) থাকবে। বিএমডি ব্যালট কাগজের ব্যালটের সাথেই গণনা করা হবে।

ভোটদাতারা BMD-র সাহায্যে ভোট দেওয়ার জন্য ব্যালট একটি ডিসপ্লে স্ক্রীনে দেখতে পাবেন অথবা হেডফোনের সাহায্যে শুনতে পাবেন, এবং ভোট দেওয়ার জন্য ব্যবহার করবেন:

» একটি টাচ স্ক্রিন কী প্যাড (ATM-র মত, এবং এতে ব্রেইল কীপ্যাড বোতাম থাকবে)

» একটি সিপ অ্যাণ্ড পাফ যন্ত্র, অথবা

» একটি রকার প্যাডল

BMDs ব্যবহার করে যাঁরা ভোট দেবেন তাঁদের সাহায্য করার জন্য ভোটকর্মীরা উপস্থিত থাকবেন। যোগ্য হলে ভোটদাতারা অ্যাবসেন্টি ব্যালটের মাধ্যমেও ভোট দিতে পারেন।(অ্যাবসেন্টি ব্যালটের মাধ্যমে ভোটদান বিষয়ে তথ্যের জন্য পৃষ্ঠা 3 দেখুন)। BMDs সম্বন্ধে আরো জানতে ফোন করুন এই নম্বরে-866-VOTE-NYC (শ্রবণ প্রতিবন্ধীদের জন্য 212-487-5496)।

# নিউ ইয়র্ক সিটি ক্যাম্পেইন ফাইন্যান্স বোর্ড

**ক্যাম্পেন ফাইন্যান্স** বোর্ড একটি নিরপেক্ষ, স্বতন্ত্র সিটি এজেন্সি যা নির্বাচনের ক্ষেত্রে নিউ ইয়র্ক সিটির বাসিন্দাদের ভূমিকাকে আরো উন্নত করে। CFB-র উদ্দেশ্য হল ভোটদাতাদের অংশগ্রহণ ও সচেতনতা বাড়ানো, ক্যাম্পেনের আর্থিক স্থিতি জনগণকে জানানো, আরো নাগরিকদের পদপ্রার্থী হতে উৎসাহিত করা, ক্ষুদ্র সহায়তা প্রদানকারীদের ভূমিকা জোরালো করা, এবং প্রকৃত বা কল্পিত দুর্নীতির সম্ভাবনা হ্রাস করা।

CFB-র NYC ভোটস ক্যাম্পেন কমিউনিটির সহযোগ এবং সরকারি ও বেসরকারি সংস্থার সঙ্গে অংশীদারির মাধ্যমে ভোটার রেজিস্ট্রেশন, ভোট প্রদান এবং সামাজিক অংশগ্রহণে সহায়তা করে। সম্ভাব্য ভোটদাতাদের জন্য প্রোগ্রাম ও ইভেন্টস সম্বন্ধে জানার জন্য ফোন করুন 212-306-7100 নম্বরে বা এই ওয়েবসাইট দেখুন-**www.nyccfb.info/nycvotes**।

CFB ক্যাম্পেন ফাইন্যান্স অ্যাক্ট প্রয়োগ করে থাকে, যা স্থানীয় পদপ্রার্থীদের প্রতি আর্থিক ক্যাম্পেন সহায়তার উপর সীমারেখা ও বিধি নিষেধ আরোপ করে। প্রার্থীদের জানাতে হয় যে, ঠিক কোথা থেকে তাঁদের আর্থিক সাহায্য এসেছে এবং সেই অর্থ কিভাবে খরচ করা হয়েছে। CFB স্থানীয় নির্বাচনে **স্বতন্ত্র খরচ** সম্বন্ধেও তথ্য সংগ্রহ ও প্রকাশ করে। CFB-র ওয়েবসাইট **www.nyccfb.info**-তে এই তথ্যাদি জনগনকে জানানো হয়। প্রার্থীদের "ব্যবসা করার" নিষেধাজ্ঞাও মেনে চলতে হয় যা স্থানীয় প্রশাসনে "টাকা উড়ানোর" ধারণা কমাতে সাহায্য করে। প্রার্থীরা স্বেচ্ছায় ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে যোগ দিতে পারেন, যা কঠোরভাবে খরচের সীমারেখা মেনে চলতে স্বীকৃত যোগ্য প্রার্থীকে পাবলিক ম্যাচিং ফাণ্ডস সরবরাহ করে। পাবলিক ম্যাচিং ফাণ্ডস প্রোগ্রাম জনগণের সমর্থনপ্রাপ্ত প্রার্থীদের বৃহৎ পরিমাণে চাঁদা বা ব্যক্তিগত সম্পত্তির উপর নির্ভর করতে বাধ্য না করে যথেষ্ট জনগণের সাহায্যে প্রতিযোগিতামূলক ক্যাম্পেন পরিচালানো করতে সাহায্য করে।

আপনি যদি কোনো নাগরিক পদের জন্য প্রার্থী হতে আগ্রহী হন, বা কিভাবে CFB নিউ ইয়র্কে NYC ইলেকশনকে আরো বেশি উন্মুক্ত ও গণতান্ত্রিক হতে সাহায্য করে থাকে, তা জানতে চান, তাহলে আমাদের ওয়েবসাইট **www.nyccfb.info** দেখুন বা CFB-র সঙ্গে যোগাযোগ করুন এই ঠিকানায়-40 Rector St., 7th Floor, New York, NY 10006। আপনি আমাদেরকে ইমেলও করতে পারেন এই ঠিকানায়-**info@nyccfb.info**।

## নিউ ইয়র্ক সিটি ক্যাম্পেন ফাইন্যান্স বোর্ড

**Joseph P. Parkes, S. J.** | চেয়ারম্যান

**Art Chang** | সদস্যবৃন্দ
**Richard J. Davis** | সদস্যবৃন্দ
**Courtney C. Hall** | সদস্যবৃন্দ
**Mark S. Piazza** | সদস্যবৃন্দ

**Amy M. Loprest** | এক্সিকিউটিভ ডাইরেক্টর

**Elizabeth Bauer** | চিফ অফ অ্যাডমিনিস্ট্রেটিভ সার্ভিসেস
**Daniel Cho** | ডাইরেক্টর অফ ক্যাণ্ডিডেট সার্ভিসেস
**Onida Coward Mayers** | ডাইরেক্টর অফ ভোটার অ্যাসিস্টেন্স
**Sue Ellen Dodell** | জেনারেল কাউন্সেল
**Eric Friedman** | ডাইরেক্টর অফ ক্যাম্পেন ফাইন্যান্স অ্যাডমিনিস্ট্রেশন
**Peri Horowitz** | ডাইরেক্টর অফ এক্সটার্নাল অ্যাফেয়ার্স
**Jonnathon Kline** | ডাইরেক্টর অফ অডিটিং অ্যাণ্ড অ্যাকাউন্টিং
**Kenneth O'Brien** | ডাইরেক্টর অফ সিস্টেমস অ্যাডমিনিস্ট্রেশন
**Jesse Schaffer** | ডাইরেক্টর অফ স্পেশাল কমপ্লায়েন্স
**Elizabeth A. Upp** | ডাইরেক্টর অফ কমিউনিকেশনস
**Peggy A. Willens** | ডাইরেক্টর অফ ম্যানেজমেন্ট অ্যানালিসিস অ্যাণ্ড রেকর্ডস অ্যাডমিনিস্ট্রেশন


এই ভোটার গাইডটি ক্যাম্পেইন ফাইনান্স বোর্ডের যোগাযোগ ইউনিট কর্তৃক প্রস্তুতকৃত-Elizabeth A. Upp, Jinhui Bao, Jing Cao, Crystal Choy, Winnie Ng, এবং Karina Schroeder- সহযোগিতায় Katharine G. Loving।


দ্য নিউ ইয়র্ক সিটি ২০১৩ প্রাইমারি ইলেকশন ভোটার গাইড। কপিরাইত © ২০১৩ –নিউ ইয়র্ক সিটি ক্যাম্পেন ফাইন্যান্স বোর্ড। সর্বস্বত্ব সংরক্ষিত। মলাট এবং ভেতরের ডিজাইন করেছেন Baseline Group NY। মার্কিন যুক্তরাষ্ট্রে প্রস্তুত।




# টিভি ও ভিডিও ভোটার গাইড এবং বিতর্ক সমূহ

ডান পাশে সম্প্রচারের সময়সূচী দেখুন




# অনলাইন ভোটার গাইড

প্রার্থীদের প্রোফাইল এবং ভিডিও, ভোট প্রদানের তথ্য আরও তথ্যের জন্য দেখুন **www.nyccfb.info/voterguide**




# মোবাইল এপ্লিকেশন

চলার পথে ভোটের তথ্য জানার জন্য আপনার মোবাইল ডিভাইস থেকে **www.nycvotes.org**-এ দেখুন

## ভিডিও ভোটার গাইড সময়সূচী

**NYC gov** – এ প্রতি রাত **৭টায় সেপ্টেম্বর ২রা** থেকে শুরু হওয়া সপ্তাহে থেকে দ্যা ভিডিও ভোটার গাইড সম্প্রচার করা হবে, যেখানে প্রত্যেক রাতে বিভিন্ন বোরোর গুরুত্বপূর্ণ বিষয় থাকবে।

| ব্রুকলিন | ব্রঙ্কস | ম্যানহাট্টান | কুইনস | ষ্টেটেন আইল্যান্ড |
|---|---|---|---|---|
| সোমবার<br>সেপ্টেম্বর ২রা | মঙ্গলবার<br>সেপ্টেম্বর ৩রা | বুধবার<br>সেপ্টেম্বর ৪ঠা | বৃহস্পতিবার<br>সেপ্টেম্বর ৫ম | শুক্রবার<br>সেপ্টেম্বর ৬ই |
| *পরবর্তীতে*<br>কুইনস<br>ব্রঙ্কস<br>ষ্টেটেন আইল্যান্ড<br>ম্যানহাট্টান | *পরবর্তীতে*<br>ষ্টেটেন আইল্যান্ড<br>ম্যানহাট্টান<br>ব্রুকলিন<br>কুইনস | *পরবর্তীতে*<br>ব্রুকলিন<br>কুইনস<br>ব্রঙ্কস<br>ষ্টেটেন আইল্যান্ড | *পরবর্তীতে*<br>ব্রঙ্কস<br>ষ্টেটেন আইল্যান্ড<br>ম্যানহাট্টান<br>ব্রুকলিন | *পরবর্তীতে*<br>ম্যানহাট্টান<br>ব্রুকলিন<br>কুইনস<br>ব্রঙ্কস |

ক্যাবলভিশন ও টাইমওয়ার্নার-**এ চ্যানেল ৭৪**, আরসিএন-**এ চ্যানেল ৮১** বা **ভেরাইজন** ফায়স-**এ চ্যানেল ২৪**-এ **NYC gov** দেখুন।

### সম্প্রসারণটি আপনি দেখতে পারেননি?

**www.nyccfb.info/voterguide**-তে সকল প্রার্থীদের ভিডিও স্ট্রীম করুন

## সিটিব্যাপী বিতর্কের সময়সূচী

### আসন্ন প্রাথমিক নির্বাচনী বিতর্ক

**মেয়র | ডেমোক্রেটিক**

**মঙ্গলবার, সেপ্টেম্বর ৩রা, সন্ধ্যা ৭টায়**

*টিভি*
এনবিসি ৪ নিউ ইয়র্ক (ইংরাজী)
টেলিমোন্ড নিউভা ইয়র্ক (স্প্যানিশ)

*রেডিও*
ডাব্লিউওআর রেডিও

**মেয়র | রিপাবলিকান**

**রবিবার, সেপ্টেম্বর ৮ই, সকাল ১১:৩০টায়**

*টিভি*
এনবিসি ৪ নিউ ইয়র্ক (ইংরাজী)
টেলিমোন্ড নিউভা ইয়র্ক (স্প্যানিশ)

*রেডিও*
ডাব্লিউওআর রেডিও

**মেয়র | রান অফ | ডেমোক্রেটিক***

**সোমবার, সেপ্টেম্বর ২৩শে, সন্ধ্যা ৭টায়**

*টিভি*
সিবিএস নিউজ (ইংরাজী)
ডাব্লিউএলএনওয়াই-টিভি ১০/৫৫ (স্প্যানিশ)

*রেডিও*
১০১০ উইন্স
ডাব্লিউসিবিএস নিউজরেডিও ৮৮০

*যদি প্রয়োজন হয়

### সাধারণ নির্বাচনী বিতর্ক

**মেয়র**

**মঙ্গলবার, অক্টোবর ২২শে, সন্ধ্যা ৭টায়**

*টিভি*
সিবিএস নিউজ (ইংরাজী)
ডাব্লিউএলএনওয়াই-টিভি ১০/৫৫ (স্প্যানিশ)

*রেডিও*
১০১০ উইন্স
ডাব্লিউসিবিএস নিউজরেডিও ৮৮০

**মঙ্গলবার, অক্টোবর ২৯শে, সন্ধ্যা ৭টায়**

*টিভি*
এনবিসি ৪ নিউ ইয়র্ক (ইংরাজী)
টেলিমোন্ড নিউভা ইয়র্ক (স্প্যানিশ)

*রেডিও*
ডাব্লিউওআর রেডিও

**পাবলিক অ্যাডভোকেট**

**বৃহস্পতিবার, অক্টোবর ১০ই, সন্ধ্যা ৭টায়**

*টিভি*
এনওয়াই ১ (ইংরাজী)
এনওয়াই ১ নটিসিয়াস (স্প্যানিশ)

*রেডিও*
ডাব্লিউএনওয়াইসি

**শনিবার, অক্টোবর ১৯শে, সন্ধ্যা ৭টায়**

*টিভি*
এনবিসি ৪ নিউ ইয়র্ক (ইংরাজী)
টেলিমোন্ড নিউভা ইয়র্ক (স্প্যানিশ)

*রেডিও*
ডাব্লিউওআর রেডিও

**কম্পট্রোলার**

**মঙ্গলবার, অক্টোবর ৮ই, সন্ধ্যা ৭টায়**

*টিভি*
এনওয়াই ১ (ইংরাজী)
এনওয়াই ১ নটিসিয়াস (স্প্যানিশ)

*রেডিও*
ডাব্লিউএনওয়াইসি

**বৃহস্পতিবার, অক্টোবর ২৪শে, সন্ধ্যা ৭টায়**

*টিভি*
সিবিএস নিউজ (ইংরাজী)
ডাব্লিউএলএনওয়াই-টিভি ১০/৫৫ (স্প্যানিশ)

*রেডিও*
ডাব্লিউসিবিএস নিউজরেডিও ৮৮০



যদি একজন মাত্র প্রার্থী বিতর্কের জন্য উপযুক্ত হন, তবে সেই বিতর্ক বাতিল করা হবে।

**বিতর্কগুলো স্পন্সর করেছেন**